শ্রীপ্রীগুরুগোরাঙ্গৌ জয়তঃ

পৌভীয়-সাহিত্য

কলিকাতা এলবার্ট হলে বঙ্গান্দ ১৩৩৬ ১৯শে জ্রোবণ ভারিখে

শ্রীশ্রীব্রহ্মমাধ্বগৌড়ীয়-দপ্রদায়ৈকদংরক্ষক ওঁ বিফুপাদ অষ্টোত্তরশতশ্রী শ্রীমন্তক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামি-প্রভূপাদের অনুক্ষিত

গৌডীয়-সম্পাদক

শ্রীমৎস্থন্দরানন্দ বিত্তাবিনোদ বি-এ কর্ত্তক প্রদত্ত বক্ততার মর্ম্ম

দ্বিতীয় সংস্করণ

গৌরাব্দ ৪৪৩ 🖁

১নং উণ্টাডিঙ্গি জংগন রোড্ কলিকাতা শ্রীলৌডুীয় মঠ হইতে

কর্ত্তক প্রকাশিত

২৪৩২ অপার সারকুলার রোড্ কলিকাতা গৌড়ীয় প্রিল্টিং ওয়ার্কদে শ্রী**অনন্তবাস্থদেব বিস্তাভূষণ** বি, এ কর্ত্তুক মুদ্রিত

গৌড়ীয়-সাহিত্য



বিষয়-সূচী

বিষয়	পত্রাঙ্ক
মঞ্জাচরণ	>
গৌড়ীয়-সাহিত্য — অভিধেয়তত্ত্ব	ঽ
'গৌড়ীর' শব্দের তাৎপর্য্য	ર
'সাহিত্য' শদ্দে র বাুৎপত্তার্থ	૭
'সাহিত্য' ও 'রাহিত্য'-বিচার	9
নিৰ্কিশেষভাবে সাহিত্যাভাব	6
একল-বাস্থদেব-বিচারে গাছিত্যের সঙ্কীর্ণতা	8
লক্ষ্মীনারায়ণে অধিকতর সাহিত্য-সম্পৎ	¢
দীতারামে দাহিত্যধিক্য	¢
ঘারকেশ ও মথুরেশে অধিকতর দাহিত্য	. «
বুন্দাবনেই সাহিত্যের পরাকাঠা	৬
সাহিত্যের অদ্বিভীয় নায়ক-নাগ্নিকা	٩
সাহিত্যের বিভাগ	9
গোলোক ও ভূলোকের সাহিত্যে পার্যক্য	৮
বিখ-পাহিত্য	ప

বিষয়	পত্রাঙ্ক
প্রাক্কত-সাহিত্য সমাজের সম্যক্ হিতসাধনে অসমর্থ	>•
গোড়ীয়-বৈফ্তবের 'গাহিত্য' সংজ্ঞা	>>
শ্রতি-সাহিত্য ও স্থ্র-সাহিত্য	১২
ভাগবত-সাহিত্য সর্ব্ব সাহিত্যের আকর	50
গৌড়ীয়-বৈঞ্চব-দাহিত্য ও গৌড়ীয়-দাহিত্য	১৬
স্বাতস্ত্র্যাবলম্বন-চেষ্টার দিন্দর্শন	३ ৮
গোড়ীয়-সাহিত্যের যুগ-নির্দ্দেশ	२ ७
গোড়ীয়-সাহিত্যের ত্রিধারা	२७
সাহিত্যের সৌন্দর্য্য-তত্ত্ব	२७
rগৌড়ীয়- শাহিত্য ও দৰ্শন	২৭
গোড়ীয়-শাহিত্যের নায়ক-নায়িকা	२৮
বেদ-সাহিত্য ও সাহিত্য-নায়ক ক্লফ্ল	95
ভাগবত-সাহিত্য ও শ্রীরাধিকা	৩৩
ভাগবত-নাহিত্যে শ্রীরাধাপ্রমূশ গোপীগণেব	
নাম নাই কেন ?	৩৭
গৌড়ীয়-সাহিত্যের বৈশিষ্ট্য	. 82
গোড়ীয়-ব্যাকরণ	80
গৌড়ীয়-সাহিত্যই—সাৰ্ব্বভৌম-সাহিত্য	89
গোড়ীয়-নিরুক্ত	84
গোড়ীয়- হন্দঃ	8.9
গৌড়ীয়-অলঙ্কার	69

_	
विषय	পত্রান্ধ
গৌ ড়ীয়-নাটক	00
গৌড়ীয়-ক†ব্য	৬১
গৌড়ীয় চরিত বা কড়চা-সাহিত্য	৬৬
শ্ৰীচৈতগ্ৰভাগৰত	৬৯
প্রাক্ত-সাহিত্যিকের অনধিকার-চর্চ্চা	90
শ্ৰীচৈতন্যভাগবত-সাহিত্য	9 2
শ্রী চৈতন্যম ন্ধ ল	90
অপ্রামাণিক-দাহিত্য	99
<u> - এরি সিক্মঙ্গল</u>	99
<u>শ্রীভক্তিরত্নাকর</u>	96
ভক্তম[ল	b.0
দাহিত্য ও দিদ্ধান্ত	6.2
বঙ্গদেশীয় প্রাকৃত কবির উদাহরণ	৮৩
'ভক্তমালে' তত্ত্ববিরোদের উদাহরণ	49
পদাবলী-দাহিত্যে আবৰ্জনা	৯০
গোড়ীয়-পুরাণ-দাহিত্য	56
গৌড়ীয়-বিজ্ঞান-সাহিত্য	৯২
গৌড়ীয় -শিল্প- সাহিত্য	৯৪
গোড়ীয়-পত্ৰ-সাহিত্য	೨६
গোড়ীয়-দাময়িক-পত্ৰ দাহিত্য	৯৬
গোড়ীয়-রস-সাহিত্য	> • •

विष ग्न	পতাক
গৌড়ীয়-দশ্বীত-সাহিত্য	> 0 0
গৌড়ীয়-জ্যোতিঃ-দাহিত্য	>00
গোড়ীয়-সাহিত্য-নায়কের লীলা	> 0
গোড়ীয়-সাহিত্যিক-বিভাগ	> 9
নোড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের যুগবিভাগ	704
গোড়ীয়-সাহিত্যের নবযুগ	>>>
শ্রীচৈতন্ত্র-দারস্বত-দাহিত্য	>8>
সভাপতির অভিভাষণ	3:5
রায়বাহাছর ব্যানার্জ্জি	525
<i>p</i> *	

''কুফোৎকীর্ত্তনগাননর্ত্তনকলাপাথোজনি ভাজিঙা সম্ভক্তাবলিহংসচক্রমধুপশ্রেণীবিহারাস্পদম্। কর্ণানন্দিকলর্ধনিব হতু মে জিহ্বামরুপ্রাঙ্গণে শীচৈতভাদয়ানিধে তব লদবীলাঞ্ধামধুনী ।

শ্রীশীগুরুগোরাকৌ জরতঃ ·

পৌভ়ীয়-সাহিত্য *

**

গুরুবন্দনামুখে মঙ্গলাচরণ

মৃকং করোতি বাচালং পঙ্গুং লজ্ময়তে গিরিম্।

যংকুপা তমহং বদে শ্রীগুক্তং দীনতারণম্॥

অজ্ঞানতিমিরাদ্ধশু জ্ঞানাঞ্জনশলাকরা।

চক্ষুক্রনীলিতং যেন তদ্মৈ শ্রীগুরবে নমঃ॥

নামশ্রেষ্ঠং মন্থমপি শচীপুত্রমত্র স্বরূপং

রূপং তস্থাগ্রস্কুপুরীং মাথুরীং গোষ্ঠবাটীম্।

রাধাকুগুং গিরিবরমহো! রাধিকা-মাধ্বাশাং
প্রাপ্রোয়ন্ত প্রথিত-কুপুরা শ্রীগুক্তং তং নতেহিমি॥

বক্তার অযোগ্যতা জ্ঞাপন ও আশাবন্ধ

মাননীয় সভাপতি মহোদয় ও সমবেত সজ্জন-সূত্য, আমি আপনাদিগকে যথোচিত অভিবাদন জানাচ্ছি। আপনাদের করুণা, উৎসাহ ও আদেশ শিরে গ্রহণ ক'রে

গত ১৯শে শ্রাবণ (১৩৩৬) রবিবার কলিকাতা এলবার্ট হলে
 "গৌড়ীয়"-সম্পাদক শ্রীপাদ স্থলরানন্দ বিজ্ঞাবিনোদ বি, এ কত্তৃক
বক্তৃতা। সভাপতি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আক্তোব-আদনের অধ্যাশক মস্ক্রমহোপাধ্যায় ডাঃ ভাগবত কুমার শাল্লা এম, এ, পি, এইচ, ভি।

এবং আপনাদের স্বভাব-স্থলত ক্ষমা ও ক্লেহের আশাবন্ধ হৃদয়ে ধারণ ক'রে আজকার দৈবেদ্য পহিবেশন কর্বার জন্ত উপস্থিত হ'রেছি।

"গোড়ীয়-দাহিত্য"—অভিধেয়-তত্বান্তৰ্গত

আজকার নৈবেদ্য—'গোড়ীয়-সাহিত্য'। গত সপ্তাহেক্ক
অভিভাষণে আমরা আলোচনা ক'রেছি ষে, আমানের তিন
দিনসের অভিভাষণ একটা বৈঞ্চব-বৈদাপ্তিক-প্রণালীতে
সজ্জিত হ'য়েছে। গত সপ্তাহের 'গোড়ীয়-গোরব'-শীর্ষক
অভিভাষণে আমরা প্রয়োজনতত্ত্ব বিচার ক'রেছি, আজ
আমাদের 'গোড়ীয়-সাহিত্য'-অভিভাষণের বিচার্য্য বিষয়—
অভিধেয়তত্ত্ব। আগামী সপ্তাহে মদীয় আচার্য্যদেব 'গোড়ীয়দর্শন'-শীর্ষক অভিভাষণে বিষদ্ভাবে সম্বন্ধতত্ত্বের আলোচনা
কর্বেন।

'গোড়ীয়'-শব্দের সংক্ষিপ্ত ভাৎপর্য্য

সেদিন 'গোড়ীয়-গোরব'-মধ্যে 'গোড়ীয়' শব্দের তাৎপর্য্য অনেকটা আলোচিত হ'য়েছে, স্থতরাং আলোচিত
বিষয়ের পুনরার্ত্তি নিপ্রয়োজন মনে ক'রে আমরা 'গোড়ীয়'
শব্দে সারস্বত, কাত্তকুজ, উৎকল, মৈথিল, মধ্য-গোড় বা
বঙ্গ—এই পঞ্চ-গোড়ের অধিবাদী, অথবা আরও ব্যাপক অথে
রজতপীঠপুরন্দর গোড়পূর্ণনেন্দর অন্বয়্ম অর্থাৎ ব্রদ্ধমাধ্বপরম্পরায় মহাপ্রভুর সর্বাদেশী ও সার্বজনীন বৈদান্তিকদিল্লাত্তের বিচার গ্রহণকারি-মাত্রকেই 'গোড়ীর' বল্তে পারি।

ˇ 'সহিত' বা 'সাহিত্য'—বিচিত্ৰতা-জ্ঞাপক

'সহিত'-শব্দ ষ্ণ্য অথবা সম্-হিত-ষ্ণ্য ক'রে 'সাহিত্য'শব্দ নিপান। 'সাহিত্য'-শব্দে সংস্থা, মৈত্রী অথবা
সমাক্ হিতকারক স্থসনিবিষ্ট-বাক্য-পরম্পারা বুঝার।
'সাহিত্য'-শব্দ উচ্চারণ-মাত্রেই একাধিক বস্তুর অধিষ্ঠান
এবং তা'দের পরস্পরের সহিত একটা মিলন-সম্বন্ধ বা ঐক্যতানের ভাবের হৃদয়ে স্ফুর্ভি হয়। যেখানে একাধিক বস্তু
নেই, সেথানে কা'র সঙ্গে কে মিলিত বা অবিত হ'বে ?
'সহিত'-কথাটীর সার্থকতাই থাকে না, যদি একাধিক বস্তু
বা বিচিত্রতা না থাকে।

'সাহিত্য' ও 'রাহিত্য' বিচার

তা' হ'লেই দাঁড়াল 'সাহিত্য' মানে—বিলাস। যেথানে বিলাস—বিচিত্ৰতা, সেথানেই সাহিত্য। বিরাগে সাহিত্য নেই—নির্কিশেষভাবে সাহিত্য নেই, সেথানে সব রাহিত্য—'নেতি' নেতি'র পর একটা রাহিত্যভাব মাত্র। বিরাগ জিনিষ্টা—শুক্ষ, রসাল নহে। সাহিত্য—রসের খনি, তবে বিরক্তি বা ক্রোধকেও যদি কেউ একটা রসের ভিতরে ফেলতে চান, তা' হলেও আলঙ্কারিকগণ তা'কে গৌণ ও সাময়িক রসের অন্তর্গতই বল্বেন। মুখ্য রসগুলির পুষ্টি বিধান ক'রেই গৌণরস নিবৃত্ত হয়। যেখানে 'বিরাগ' অর্থে বিশিষ্টরাগ, সেখানে 'সাহিত্য' আছে—সেইটাই প্রকৃত সাহিত্য। যেমন ভাগবত বল্ছেন—

শ্রীমন্তাগবতং পুরাণমমলং যহৈঞ্বানাং প্রিয়ং
যন্মিন্ পারমহংস্যমেকমমলং জ্ঞানং পরং গীয়তে।
যত্র জ্ঞান-বিরাগ-ভক্তি-সহিতং নৈদ্ধ্যমাবিদ্ধতং
তচ্চ বন্ স্থপঠন্ বিচারণপরো ভক্ত্যা বিম্চ্যেরয়ঃ॥
এখানে 'জ্ঞান' মানে—সম্বন্ধ্যান, 'বিরাগ' মানে—অভিবেয়, আর 'ভক্তি' মানে—প্রেমভক্তি-প্রয়োজন।
পারমহংসী-সংহিতা ভাগবত—একাধারে দার্শনিক-সাহিত্য,
অভিধেয়-সাহিত্য ও প্রয়োজন-সাহিত্য। তাই শ্রীমন্তাগবত বৈফবগণের এত প্রিয়।

"নিগমকল্প তরোর্গলিতং ফলং শুকমুখাদমূ তন্ত্রব-সংযুত্ম । পিবত ভাগবতং রসমালয়ং মুহুরফো রসিকা ভুবি ভাবুকাঃ॥

নির্বিশেষভাবে সাহিত্যের অভাব

যেগানে নপুংসক-লিঙ্গ ত্রন্ধের ধারণা বা নির্বিশেষ
চিন্মাত্র-ভাব—যেথানে চিদ্ধিলাস্বাহিত্য—যেগানে ত্রিপুটীবিনাশ, সেথানে যে কথা বন্ধ, দেখা বন্ধ, চলা-ফেরা সব বন্ধ,
কাজেই সেথানে আর সাহিত্যের স্থান কোথায় ?

একল-বাস্থ্রদেব-বিচারে সাহিত্যের সঙ্কীর্ণভা

একল-বাস্থদেনের কথায় কিছু দাহিত্য আছে বটে, কিন্তু যেথানে কেবল বিষয়ের অবস্থান-জন্ম আশ্রয়ের প্রধান নায়িকার প্রকাশভাব, সেথানে সাহিত্যের সঙ্কীর্ণতা। আমরা প্রাকৃত দৃষ্টান্ত অমুধাবন কর্লেও দেখতে পাই, জগতে যদি আজ কেবল পুরুষ থাক্ত, স্ত্রীজাতির কোন অন্তিম্ব না থাক্ত, তা' হলে জগচ্চক্র এরপভাবে চল্ত না। জগতে মারুষের উত্তম, আশা, আকাজ্জা, কর্মস্পৃহা, জটিলতা কুটিলতা, যুদ্ধবিগ্রহের মহাভারত, পুরুষ ও স্ত্রীজাতির সম্মেলনেই পরিবর্দ্ধিত। একল-পুরুষে বিলাদ-পুষ্টি না হওয়ায় সাহিত্য সেথানে সঙ্কোচিত।

লক্ষীনারায়ণে অধিকতর সাহিত্য-সম্পৎ

ন্ত্রী-পুংভাবযুক্ত লক্ষ্মীনারায়ণের উপাসনায় অধিকতর সাহিত্য আছে বটে, কিন্তু সেথানেও ঐশ্বর্যার আচ্ছাদন সাহিত্য-চক্রিকাকে পরিস্ফুট হ'তে দেয় নাই।

সাভারামে আরও অধিক সাহিত্য

দী হারামের উপাদনায় লক্ষ্মীনারায়ণের উপাদনা হ'তে অধিকমাত্রায় দাহিত্য থাক্লেও রামায়ণ-দাহিত্যের দীতা-রাম-প্রীতির আদর্শকে ঠিক কাস্তভাব বলা যেতে পারে না, দেটা দাস্ভভাবেরই প্রকারাস্তর।

দারকেশ,ও মথুরেশে অধিকতর সাহিত্য

ছারকেশ ক্রিণীরমণের বিলাসে অযোধ্যা-পুরন্দর দীতা-রাম অপেক্ষা অধিক দাহিত্য থাক্লেও তাহা—এখর্ষামিশ। মথুরানাথে যথেষ্ট সাহিত্য আছে সত্য, কিন্তু সাহিত্য-সম্পূট সেখানেও পূর্ণতমভাবে সম্প্রকাশিত নয়।

রুব্দাবনেই সাহিত্যের পরাকাষ্ঠা

বন্দাবনেই দাহিত্যের চরম-সীমা। কথায় বলে,—"কান্ত ছাড়া গীত নেই।" সাহিত্যের পরিস্ফূর্ত্তি—ব্রজ-নব-যুব-যুগ্মের অবাধ অপ্রাকৃত লীলায়। যেথানে রদের চরমোৎ-কর্ষ, সেথানেই সাহিত্যের ভাগুার উন্মুক্ত। বন ছাড়া সাহিত্য স্থলরতম হয় না, ব্রজ ছাড়া সাহিত্য পূর্ণতম হয় ना। कीषा-माधुती, त्वन्-माधुती, विश्वह-माधुती त्यथात्न, সেখানেই সাহিত্যের মূল প্রস্রবণ সহস্রধারে নিঝারিত। বেণুর রবে সাহিত্য-সাগরের বাণ ডাকে, ত্রৈলোক্য-সৌভগ-বিগ্রহ-মাধুরী অপ্রাক্ত দহজ-দাহিত্য-স্করধুনীর অভিদার আবিষ্কার করে, ক্রীড়া-মাধুরী সাহিত্য-কৌস্তভ্মণির নব নব থনি প্রকটিত করে, ঐশ্বর্যামাধুরী সাহিত্য-দাম্রাজ্য করে। তারুণ্য যেথানে, সাহিত্য দেখানে; কিশোর-কিশোরী যেখানে, সাহিত্য সেখানে: কদম্ব-কেত্রুনী-কুস্থম-কিসলয় যেথানে, সাহিত্য সেথানে; কালিন্দীকৃঞ্জ, কোকিলের কাকলী, শিখির কেকা যেখানে, সাহিত্য [সেখানে। খেতদীপের সবই সাহিত্য। সেথানকার মাটী— সাহিত্য, দেখানকার তরু—সাহিত্য, দেখানকার জল— সাহিত্য, দেখানকার কথা—সাহিত্য, সেখানকার গমন— সাহিত্য, সেথানে সাহিত্যের 'হরির লুট'।

"শ্রিয় কাস্তা কাস্তঃ প্রমপ্রুষ: কল্পতরবো ক্রমা ভূমিশ্চিস্তামণিগণমরী তোরমমূতম্। কথা গানং নাট্যং গমনমপি বংশী প্রিরুস্থী চিদানলং জ্যোতিঃ প্রমণি তদাস্বাভ্যমিপ চ ॥"

সাহিত্যের অদ্বিতীয় নায়ক-নায়িকা

অথিলরসামৃত্যুর্ত্তি এক নবকিশোর-নটবর—সেই সাহিত্যের অদ্বিতীয় নায়ক, আর সাহিত্যের সাক্র-মূর্ত্তি—কিশোরী-শিরোমণি বৃষভান্থনন্দিনী—বাঁর চিত্তেক্রিয়কায় সব সাহিত্য—বাঁর প্রতি অন্ধ-প্রত. ক্ল—প্রতি হাব-ভাব—প্রতি বসনভূষণ পূর্ণত্য, স্থানরতম সাক্র-স্বরাট্-সাহিত্য—যে সাহিত্য জগন্মোহন রুঞ্চকে মোহিত করে। জগতে বহু তরুণাভিমান, তাই এখানকার সাহিত্য বিরস উৎপাদন করে। কিন্তু খেতদ্বীপে এক কিশোরই—কান্ত, কিশোরী-কুল—কান্তা; এক কিশোরের সেবা-সাহিত্য-সম্বর্জনাই—শেখানকার মূলমন্ত্র।

সাহিত্যের বিভাগ

সাহিত্যকে আমরা জ্'ভাগে বিভাগ কর্তে পারি,—
একটা হচ্ছে—স্বরাটের সাহিত্য—মাত্মকে যা' সত্য সত্য
স্বরাজ দিতে পারে—যা'কে অপ্রাক্ত-সাহিত্য বলা যায়;
সার একটা হচ্ছে—বিরাটের সাহিত্য—যেটা স্বরাটের
বাইরের অঙ্গের আপাত মনোমুগ্ধকর একটা প্রতিফলিত

প্রতিবিশ্ব। এই বিরাট্ বা প্রকৃতি থেকে যে সকল সাহিত্যের উৎপত্তি হ'রেছে ও হচ্ছে, তাকেই বিরাটের সাহিত্য বা প্রাকৃত-সাহিত্য বলা যায়। এখানকার সাহিত্য দেই স্বরাট্-সাহিত্য-সৌন্দর্য্য-সাগরের এক টুকু বিকৃত আভাসমাত্র; এখানকার সাহিত্যের নায়ক অনেক, কিন্তু স্বরাট্-সাহিত্যের নায়ক একমাত্র সনাতন-রসপরিপালী সর্ব্বতন্ত্র ব্রজ-নব-যুবরাজ।

গোলোক ও ভূলোকের সাহিত্যে পার্থক্য

বেখানে নায়ক অনেক, সেখানে ঐক্যতান বা একক্রিয়ান্ত্রায়িত্ব নাই; ঐক্যতান বা একক্রিয়ান্ত্রিত্ব বেখানে
সর্বতোমুখী, সেখানেই সাহিত্যের পূর্ণ অভিব্যক্তি:
এ জগতের সাহিত্যের নায়কন্ম্রত বা নায়িকাভিমানিনীগণ
সচিচদানন্দ্রন ন'ন—এখানকার মাটী, তরু, জল চিন্তামণি
নয়—এখানে কাল ভূত-ভবিশ্যক্র্যানহিত অখণ্ড নয়—
এখানকার নায়ক-নায়িকাগণ কাণ দিয়ে অসম্পূর্ণভাবে কথা
শুন্তে পার্লেও কাণ দিয়ে কথা কইতে পারেন না;
কিন্তু স্বরাট্-সাহিত্যের নায়ক-নায়িকাগণ কাণ দিয়ে যেমন
কথা শুন্তে পারেন, তেম্নি কাণ দিয়ে কথা কইতেও
পারেন—তাঁলের সকল অপ্রাক্তত ইক্রিয়ই পূর্ণভাবে অস্তান্ত
সকল ইক্রিয়ের কাজ কর্তে পারে; তাই তাঁলের প্রতিভ্রুজ-প্রত্যক্য—সাহিত্য,—

"অঙ্গানি ষস্ত সকলেন্দ্রিয়বৃত্তিমন্তি পশুন্তি পান্তি কলমন্তি চিরং জগন্তি। আনন্দ্রিনায়সহজ্জলবিগ্রাহস্ত গোবিন্দমাদিপুকৃষং তমহং ভজামি॥"

বিশ্ব-সাহিত্য

আমরা আজকাল বিশ্ব-দাহিত্যের কথা খুব গুনক্তে পাই; কিন্তু যদি কেবল বিরাট ধ'রেই বিশ্বের গণ্ডি দেওয়া যায়, তা'হলে প্রাকৃত সাহিত্যই বিশ্ব-সাহিত্য হ'য়ে দাঁড়ায়। ঞতি লভেন, বিরাট — স্বরাটেরই একট। বাহু-ছবি। স্বরাটকে বাদ দিয়ে বিরাট থাক্তে পারে না —বিম্বকে বাদ দিয়ে প্রতিবিম্ব থাকতে পারে না। তাই স্বরাটের সাহিত্যই শিখ-সাহিত্য হ'লে বিরাটের দাহিত্য আনুষ্ঠিকভাবেই তা'র অন্তর্গত থেকে যায়। বে সাহিত্যে অপূৰ্ণতা আছে—যে সাহিত্যে সঙ্কীৰ্ণতা আছে— যে সাহিত্যে অপসাম্প্রদায়িকতা আছে—যে সাহিত্যে আপাত উত্তেজনা আছে, কিন্তু সঞ্জীবনী-শক্তি নেই—্যে সাহিত্যের স্কর ভেঙ্গে যায়—বীণা ছি ডে যায়—যে সাহিত্য আলেয়ার মত চলনা ক'রে মানুষকে কালাপানির আবর্ত্তে ফেলে দেয়—যে সাহিত্য বিরাটের থানি কটা নিয়ে চলতে চলতে হিত হারিয়ে বিপরীত পথে পথ হারিয়ে ফেলে—যে শাহিত্য বিরাটের জাবরণ ভেদ ক'রে—বিরজা পার হ'য়ে— বিরাটের অতীত স্বরাটের পাদপদ্ম নীরাজন করতে পারে না

বিশ্বকে স্বরাটের সেবায়—স্বরাটের সাধনায়—স্বরাটের স্থ-গৌরবে উদ্বিক ক'রে তুল্তে পারে না, তা'কে কি ক'রে বিশ্ব-সাহিত্য বা বিশ্ব-ভারতী বলা যেতে পারে ? ঐ শুরুন, শ্রুতি-সাহিত্য কি বল্ছেন,—

''শৃৰস্তি বিশ্বে অমৃতস্ত পুলাঃ।''

নিশ্বকে অমর ক'রে দিতে পারে যে দাহিত্য—
অচৈতক্ত তাড়িয়ে চেতন ক'রে দিতে পারে যে দাহিত্য—
বিশ্ব-চেতনায় যুগান্তর এনে দিতে পারে যে দাহিত্য, তা'রই
নাম—বিশ্ব-দাহিত্য—তা'রই নাম—হৈতক্ত-দরস্বতী—মহাবিশ্ব-ভারতী—মহাভারত-ভারতী—ভাগবত-ভারতী।

প্রাক্বত-সাহিত্য সমাজের সম্যক্ হিত সাধনে অসমর্থ

দেক্ষপীয়র-সাহিত্য, সানিন-সাহিত্য, রুঞ্চন্দ্রীয়বুগেব রায়গুণাকরী-সাহিত্য বা আধুনিক বাংলার সাহিত্য সমৃহ যদি স্বরাটের দেবা হ'তে বিচ্যুত হ'য়ে পড়ে, তা' হ'লে সে সাহিত্য 'সংহিত' অর্থাৎ সমাজের সম্যক্ হিত—সাহিত্যের বেটী প্রক্রত তাৎপর্যা, সেটী রক্ষা কর্তে পারে না। মহাবিশ্ব-সাহিত্যের ঋষি তাঁ'র বীণার] গানে একদিন এ কথা গেয়েছিলেন,—

শন ষত্বচশ্চিত্ৰপদং হরের্যশে। জগৎপবিত্রং প্রাগৃণীত কর্হিচিৎ। তত্বায়সং ভীর্থমূশন্তি মানসা ন যত্র হংসা নিরমস্ক্যাশিক্ষয়াঃ॥ ত্বাধিদর্গো জনতাঘ্বিপ্লবো যক্ষিন্ প্রতিশ্লোকস্বদ্ধবতাপি। নাগান্তব্য যুশোক্ষিতানি যুৎ শুষ্ঠি গায়ন্তি গুণন্তি দাধ্ব:॥"

মানস-সরোবরের কোমল-কমল-কাননচারী রাজহংশ-সমূহ যেমন বিচিত্র অন্নাদিপূর্ণ কাকক্রীড়াস্থল উচ্ছিষ্টগর্ভে কথনও উন্নাসিত হয় না, তজেপ শব্দ-বিচারাড়ম্বরপূর্ণ হ'লেও হরি-কথারসহীন বাক্য বা গ্রন্থে ভক্তগণের আনন্দ হয় না,—উা'রা সে সব শুষ্কবোধে পরিত্যাগ ক'রে থাকেন। যে বাক্য বা গ্রন্থে ভগবান্ অনন্তদেবের মহিমাপর নামসমূহ বর্ণিত আছে, তা'র প্রতি শ্লোক 'অপ'-শব্দাদিযুক্ত হ'লেও অর্থাৎ তা'তে প্রসাদ-শুণ না থাক্লেও সেই বাগ্ বিক্তাদ লোকের অশুভ বিনাশ করে। কেন না, সেই নামসমূহ সাধুগণ বক্রা থাক্লে প্রবণ করেন, কেউ না থাক্লেও নিজে নিজেই গান করেন, আর শ্রোভা থাক্লে কীর্ত্তন ক'রে থাকেন।

গৌড়ীয়বৈক্ষবের "সাহিত্য"-সংজ্ঞা

গৌড়ীয়-বৈষ্ণবগণের 'বাহিত্যের'' এরপ সংজ্ঞা আছে,
—"হিতেন প্রাণিনামবিন্তা-মোচন-রূপোপকারেণ সহ
বর্তমানা 'দহিতা' ভগবদ্ভক্তিস্তামহ'তীতি সাহিত্যং
শ্রীভাগবতং' অথবা ''দহিতশ্র ভগবংসঙ্গশ্রুভাবঃ সাহিত্যম্"
ক্রথাৎ প্রাণিগণের অবিন্তানোচনরপ উপকারের সহিত
বর্তমান যাহা, তাহাই সহিতা, সেই 'দহিতা' অর্থে—

ভগবদ্ভক্তি। ভগবদ্ধক্তি প্রতিপাদন কর্বার যোগ্যবস্তই—
'সাহিত্য'। সেই সাহিত্যই—ভাগবত, অথবা ভগবৎসঙ্গের যে ভাব, তা'রই নাম—সাহিত্য। অল্পকথায়
সাহিত্য—স্বরাটের সরস্বতী, স্বরাটের বাণী-বিনোদ, স্বরাটের
বিচিত্র-বিলাস বা স্বরাটের সঞ্চীর্ত্তন।

শ্ৰুতি-সাহিত্য ও সূত্ৰ-সাহিত্য

শ্রতি-সাহিত্য বা স্থত্ত-সাহিত্য 'রাহিত্য' বা নির্বিশেষ ভাব প্রতিপাদন করে নি। শ্রুতি-দাহিত্য ও স্ত্র-দাহিত্য স্বরাটের সাম-সঙ্গীতই সঙ্গীর্ত্তন ক'রেছেন। শ্রুতি যাঁ'কে "রদো বৈ দঃ" বল্ছেন, তিনিই মধুর-রদ-দর্কস্ত স্বরাট্ পুরুষোত্তম। কঠ-শ্রুতি—"নিত্যো নিত্যানাং চেতনশ্রেতনা;-নামেকো বহুনাং যে৷ বিদধাতি কামান্' মন্ত্রে বার আরতি ক'র্ছেন, তিনিই—নিখিল-চেতন-জীবাতু অপ্রাকৃত কামদেব। ঋঙ্মত্ত "অপশ্তং গোপামনিপ্তমানমা চ পরাচ পথিভিশ্চরস্তম্," "তাবাং বাস্তু মাশ্সি গমধ্যৈ যত্র গাবো ভূরিশৃদা অয়াদঃ" প্রভৃতি দাহিত্যে যে দাহিত্য-নামকের আরাধনা ক'র্ছেন, তিনিই গোপেক্রনন্দন গোকুলবীর কৃষ্ণ-চন্দ্ৰ। "গ্ৰামাচ্ছবলং প্ৰপত্তে শবলাক্ষ্যামং প্ৰপত্তে'', "দৈষানন্দস্ত মীমাংসা ভবতি", "এবমেবৈষ সম্প্রদাদোহস্মাচ্ছরীরাৎ দমুখার পরং জ্যোতিরুপসম্পন্ত স্থেন রূপেণাভিনিম্পন্ততে স উত্তয়ঃ পুক্ষঃ, স তত্র পর্যোতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ", "অয়ম।আ সর্কেষাং ভূতানাং মধু" "আত্মানমেব প্রিয়মুপাসীত"**, "ন**

স আত্মানমের প্রিয়মুপান্তে ন হাস্ত প্রিয়ং প্রমাযুকং ভবতি'' প্রভৃতি শ্রুতি দেই গূঢ় দেবতা গোপীজনবল্লভ রিদিকশেখরেরই সাহিত্য-সৌরভ বিস্তার ক'র্ছেন। "ওঁ আহ্ম জানস্তো নাম চিদ্বিক্তন্ মহন্তে বিশ্বো স্থমতিং ভজামহে'' প্রভৃতি ঋক্ সর্ব্বসাহিত্য-স্ফোটব্রন্ধ ব্রিভৃবনমঙ্গল দিব্যনামধেয়ের সাহিত্যেরই স্তব ক'র্ছেন। আবার স্থ্রসাহিত্য "জন্মাজ্ম বতঃ"-স্ত্র হ'তে সান্ধ্র্বণ-স্থ্র ও নিগম্কল্লকর গলিত-ফল নৈমিষ-সাহিত্য-সঙ্গীতের স্তর ধ'রে "সর্ব্বোপেতা চ তদর্শনাং", "লোকবল্কু লীলাকৈবল্যম্" ও দর্শ্বোপসংহারে "ভোগমাত্রসাম্যালিঙ্গাচ্চ" স্থ্র-সঙ্গীতে গুঢ়ভাবে বল্লভাকুল-সীমন্তমণির স্বরূপ ও লীলাকৈবল্যের কথাই গান ক'রেছেন।

ভাগবত-সাহিত্য বা নৈমিষ-সাহিত্য সব্বসাহিত্যের আকর

ভাগবত সাহিত্য বা নৈমিষ-সাহিত্য হ'তেই জগতের সব সাহিত্য উদ্ভূত হ'য়েছে, হচ্ছে ও অনস্তকাল হ'তে থাক্বে। ভাগবত-সাহিত্য সর্ধ-বেদান্ত-স্ব-সাহিত্যের সার—সর্ধ ফ্রাতি-সাহিত্যের সার। ভাগবত-সাহিত্য স্ব্র সাহিত্যের অক্করিম ভান্তভূত। পরস্পর আপাত-বিরোধী ক্রতির ও আপাত-বিরোধী স্ত্রের সমন্ত্র-সাহিত্যই এই নৈমিষ-সাহিত্য। এই সাহিত্যের স্ত্রী নেই, এই সাহিত্য স্বরাট্ ভগবদ্ভক্তি। ভগবদ্ধক্তি প্রতিপাদন কর্বার যোগ্যবস্তই—
'সাহিত্য'। সেই সাহিত্যই—ভাগবত, অথবা ভগবৎসঙ্গের যে ভাব, তা'রই নাম—সাহিত্য। অল্পকথায়
সাহিত্য—স্বর্গটের সরস্বতী, স্বর্গটের বাণী-বিনোদ, স্বর্গটের
বিচিত্র-বিলাস বা স্বর্গটের সম্বীর্ত্তন।

শ্রুতি-সাহিত্য ও সূত্র-সাহিত্য

শ্রুতি-সাহিত্য বা স্ত্র-সাহিত্য 'রাহিত্য' বা নির্বিশেষ ভাব প্রতিপাদন করে নি। শ্রুতি-সাহিত্য ও স্থ্র-সাহিত্য স্বরাটের সাম-সঙ্গাতই সঙ্কীর্ত্তন ক'রেছেন। শ্রুতি যাঁ'কে "রদো বৈ দঃ" বল্ছেন, তিনিই মধুর-রদ-দর্বস্থ স্বরাট্ পুরুষোত্তম। কঠ-শ্রুতি—"নিত্যো নিত্যানাং চেতনং-চতনা-নামেকো বছুনাং যো বিদধাতি কামান" মন্ত্রে থার আরতি ক'র্ছেন, তিনিই—নিখিল-চেতন-জীবাতু অপ্রাক্ত কামদেব। ঋঙ্মন্ত "অপশ্রং গোপামনিপ্রমানমা চ পরাচ পথিভিশ্চরস্তম্," "তাশং বাস্ত মুখ্মিস গমধ্যৈ যত্র গাবো ভূরিশৃঙ্গা অয়াসঃ" প্রভৃতি সাহিত্যে যে সাহিত্য-নায়কের আরাধনা ক'র্ছেন, তিনিই গোপেল্রনন্দন গোকুলবীর ক্ষ-চক্র। "গ্রামাচ্ছবলং প্রপত্তে শবলাক্ত্যামং প্রপত্তে", "দৈযানন্দশু মীনাংসা ভবতি", "এবমেবৈষ সম্প্রদাদোহস্মাচ্ছরীরাৎ সমুখায় পরং জ্যোতিরুপসম্পত্ত স্বেন রূপেণাভিনিম্পত্ততে স উত্তমঃ পুরুষঃ, দ তত্র পর্য্যেতি জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ", "অয়মাত্মা সর্বেষাং ভূতানাং মধু" "আত্মানমেব প্রিয়মুপাদীত", "স

য আত্মানমেব প্রিয়মুপান্তে ন হান্ত প্রিয়ং প্রমাযুকং ভবতি" প্রভৃতি শ্রুতি সেই গৃঢ় দেবতা গোপীজনবল্লভ রিদিকশেখরেরই সাহিত্য-সৌরভ বিস্তার ক'র্ছেন। "ওঁ আহন্ত জানস্তো নাম চিদ্বিক্তন্ মহন্তে বিস্তো স্থমতিং ভজামহে" প্রভৃতি ঋক্ সর্বাদহিত্য-ক্ষোউত্রন্ধ তিভ্বনমঙ্গল দিব্যনামধেরের সাহিত্যেরই স্তব ক'র্ছেন। আবার স্ত্রনাহিত্য "জন্মাগ্রন্ত যতঃ"-স্ত্র হ'তে সান্ধর্যন-স্ত্র ও নিগমক্ষরতকর গণিত-ফল নৈমিব-সাহিত্য-সঙ্গীতের স্তর ধ'রে "সর্বোপেতা চ তদ্দ্রনাৎ", "লোকস্ত্রু গীলাকৈবল্যম্" ও সর্বোপদংহারে "ভোগমাত্রসাম্যালিঙ্গাচ্চ" স্ত্র-সঙ্গীতে গৃঢ়ভাবে বল্লভাকুল্-সীমন্তমণির স্বরূপ ও লীলাকৈবল্যের কথাই গান ক'রেছেন।

ভাগবত-সাহিত্য বা নৈমিব-সাহিত্য সব্বসাহিত্যের আকর

ভাগবত-সাহিত্য বা নৈমিষ-সাহিত্য হ'তেই জগতের সব সাহিত্য উদ্ভূত হ'রেছে, হচ্ছে ও অনস্তকাল হ'তে থাক্বে। ভাগবত-সাহিত্য দর্ম-বেদাস্থ-সূত্র-সাহিত্যের সার—সর্ম্ম শ্রুতি-সাহিত্যের সার। ভাগবত-সাহিত্য স্থ্র সাহিত্যের অক্কৃত্রিম ভাষ্যভূত। পরম্পর আপাত-বিরোধী শ্রুতির ও আপাত-বিরোধী স্থ্রের সমন্ত্র-সাহিত্যই এই নৈমিষ-সাহিত্য। এই সাহিত্যের অপ্তানেই, এই সাহিত্য স্থরাট্ পুরুষের নিঃখ্দিত বাণী। ইহা কথনও কথনও সনাতন পুরুষের দ্বারা—ব্যাদ-নারদাদি দ্বারা পৃথিবীতে প্রচারিত হয়; আবার কখনও কখনও প্রলয়াদির সঞ্চারে, গ্রাহকের অভাবে পৃথিবী ২'তে অদৃশ্য হয়। এই সাহিত্য-শিখামণি নৈমিষ-সাহিত্য প্রাগ্বন্ধযুগেও বর্ত্তমান ছিল। নৈমিষ-সাহিত্যের আকর-গ্রন্থলি যে ভাষায় লিখিত হ'য়েছিল, দে সকল বৈদিক-গ্রন্থ কালবশে তিরোহিত হবার পর এবং সেই সাহিত্যের ভাষা বর্ত্তমান-প্রকাশিত-পুরাণ-সাহিত্য-রচনাকালের পরবর্ত্তী সময়ে অনাদৃত হওয়ায় ভারতীয় প্রাচীন সাহিত্যের আকর-গ্রন্থগুলি কালবশে সম্প্রতি ত্বল্ল ভ হ'য়ে প'ডেছে। নৈমিষ-সাহিত্যের প্রতিপাষ্ঠ বিষয়গুলি ঋক্সংহিতা প্রকাশকালেরও বহু পূর্বের কথা। দে জন্মই সংহিত্য-দাহিত্যের পরবর্ত্তিকালে প্রচারিত পুরাণ-সাহিত্যের নব্য ঐতিহের সহিত বৈদিক-কালের পূর্ব্ববর্ত্তী বিষয়ের যথেষ্ট আলোচনা রয়েছে। সর্ব্ব-সাত্তশান্ত্র-সমন্তর্ম সাহিত্য নৈমিষ সাহিত্যকে অবণম্বন ক'রেই ভারতের প্রাচীন সাহিত্য-সমূহ সম্বন্ধিত হ'য়েছে। 'প্রমহংস্প্রিয়া' 'শুকহাদয়', 'মুক্তাফল', 'হরিলীলা', 'বিদংকামধের', বিষ্ণু-श्वामीत 'मर्बक्रश्क', नक्कोधत ও औधरतत 'नामरकोमूनी' এবং 'ভাবার্থদীপিকা', নিম্বভাস্করের 'পারিজাত', আলবন্দারু খাষি ও লক্ষণদেশিকের 'স্তোত্তরত্ন' ও 'গছত্রয়' প্রভৃতি, পূর্ণ-প্রজ্ঞের 'ভাগবত-তাৎপর্যা', 'অমুতমহার্ণব', 'দাদশস্তোত্র', শ্রীমদ্বিষ্ণুপুরীপাদের 'ভক্তিরত্নাবলী', সাত্বত-সাহিত্যিকগণের

'পতাবলী'—সকলই নৈমিষ-সাহিত্য-কুস্থম-কাননের ক্লম্ব-কঠোৎসব-মানিকা। অধিক কি, আচার্য্য শঙ্কর ভগবদাদেশে চিদ্বিলাস-রাহিত্যবাদের প্রচারক হ'লেও নৈমিষ-সাহিত্যের প্রতিপাত চেল-চৌরাদি-লীলা গোবিন্দাষ্টকাদিতে ভটত্ত-ভাবে বর্ণন ক'রে দূর হ'তে নৈমিষ-সাহিত্যকে স্পর্শ ক'রেছেন। এই নৈমিষ-সাহিত্য সহস্র-দীপ দিয়ে "গোবিন্দ-মাদি পুরুষং তমহং ভজামি" স্তোত্র পাঠ কর্তে কর্তে বেদিন পূজারী চতুর্ম্থ স্বরাট্ ভামস্থলরের আরতি ক'র্ছিলেন, আরু দেই আর্তির শহা-দলিল দেবতাগণের মাথায় প্রক্রিপ্ত হচ্ছিল, দেদিন পয়স্বিনীর তটে আদিকেশবের यन्तित त्री जीवाग त्रहे भद्ध-मिन नूटि नित्र हिलन। গোড়পুরের জ্বা-দেবতা দেই শঙ্খ-দলিল হ'তে সাহিত্য-স্থরধুনীর বাণ এনেছিলেন—যে বাণ বিশ্ব-সাহিত্যকে ক্রোড়ীভূত ক'রে সকল সাহিত্যের শিরোদেশে "স্থদং গুভদং ভবসারং" গান গেয়ে নৃত্য কর্ছে। সে-দিন হ'তেই গৌড়ীয়-সাহিত্যের নবযুগ আরম্ভ হলো। গৌড়েশ্বর निकाशित्र म्डा-कवि *खश्रामा*द्व मधुत-दर्गमन-काष्ठ-পদাবলী, গুণরাজ খাঁর ত্রীক্লফবিজয়, মৈথিল-গোড়ীয়-মহা-কবি বিভাপতির মধুর পদাবলী, চণ্ডীদাসের মনঃপ্রাণ-আকুল-করা পদগুলি, রায়ের নাটকগীতি গৌড়পুর, মিথিলা ও ওঢ়দেশের রাজদভা-প্রাঙ্গণ মুণরিত ক'রে নৈমিষ-সাহিত্য সরস্বতীর সহস্র জয় ঘোষণা কর্তে থাক্ল।

গৌড়ীয়-গোস্বামিগণের গৌরব-গ্রন্থমালা নৈমিষ-সাহিত্যপৌরভ আরও সম্প্রকাশিত ক'রে দিল। স্ক্তরাং নৈমিষসাহিত্যই স্বরাট্-সাহিত্য বা মহাবিশ্ব-সাহিত্য। বিশ্বরূপ
বা বিরাটের সাহিত্য স্বয়ংরূপ বা স্বরাটের সাহিত্যের
অবৈধ আন্কর্রনিক প্রতিযোগিতায় নিগমকল্পতরুর ফলের
পাশে মাকালফলরূপে অথবা ধান্সের পাশে শ্রামা-ঘাসরূপে
অপাশ্রিত ও ব্যতিরেকভাবে জরুকারের দ্বারা আলোর
উজ্জ্বল্য পুষ্টির ক্রায় নৈমিষ-সাহিত্যেরই সৌন্দর্য্যপুষ্টি কর্ছে।
তথাকথিত বিশ্ব-সাহিত্যে—যা' অনন্ত-জগতে অনন্তকালে
স্বন্ধ হ'য়েছে, হ'ছে বা হ'বে, সেগুলি সব সেই মহাবিশ্বসাহিত্য নৈমিষ-সাহিত্যেরই অবৈধ, বিরুত, নকল ক্ষুদ্র
সংস্করণ। স্ক্তরাং স্বরাট্-সাহিত্যিকগণ ভাগবত-সাহিত্যকেই
অবয় ও ব্যতিরেকভাবে বিশ্ব-সাহিত্যের আকর ব'লে স্থির
ক'রেছেন।

গোড়ীয়-বৈষ্ণব-সাহিত্য ও গোড়ীয়-সাহিত্য

অনেকেই গৌড়ীয়-সাহিত্য ও গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্যকে পৃথক্ বিচার করেন অর্থাৎ 'গৌড়ীয়-সাহিত্য' বল্তে গেলে,বাংলার সাহিত্যমাত্রকেই বুঝায়, আর 'গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্য' বল্লে কেবল প্রীচৈতগুলেবের অন্তগত-সম্প্রদায়ের সাহিত্যকে লক্ষ্য করে; কিন্তু একভাবে গৌড়ীয়-সাহিত্যকে গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্য হ'তে পৃথক ক'র্লেও গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্যেই যে গৌড়ীয়-সাহিত্যের আকর, এ সত্যক্থ। অনেক গবেষণাপরায়ণ সাহিত্যিক-গণই একবাক্যে স্বীকার ক'রে থাকেন। তবে যাঁরা বৈষ্ণবতা বাদ দিয়ে দিলেন অর্থাৎ সাহিতাকে সর্বতোভাবে স্বরাটের দেবায় নিযুক্ত কর্বার পরিবর্তে একটুকু স্বতম্ব হ'মে বিরাটের নোহে বিভোর হ'য়ে পড় লেন—খাঁদের উপর স্থরাট প্রভূষ কর্বার পরিবর্তে তাঁদের সাম্নে বিরাট এসে উাদের চোথ ঝল্দে দিল, কার তাঁদের উপর প্রভু হ'য়ে চেপে বদলো, তাঁ।'রা 'বৈষ্ণব'-শন্ধটী বাদ দিয়ে কেবল 'গোড়ীয়-সাহিত্য' বা 'গোড়ীয়-সাহিত্যিক'-নাম গ্রহণ কর্লেন। খাঁ'রা আত্মপ্রতিষ্ঠা-লাঘব-ভয়ে অথবা বিরাটের বৃদ্ধি নিয়ে **৫**গাড়ীয়-বৈঞ্চব-দাহিত্যকে গোড়ীয়-দাহিত্যের আকরন্ধণে শ্বীকার কর্তে লজা বোধ কর্লেন, আর বৌদ্ধ-সাহিত্যকে গোড়ীয়-সাহিত্যের জনকত্বে স্থাপন করাকে শ্লাঘার বিষয় বিচার কর্লেন, মনে হয়, তাঁ'রা বাংলা-সাহিত্যকে বৌদ্ধারণ-মাহিতা বলতে গিয়ে স্বদেশীয় সাহিত্য-সরস্বতীকে লোক-5কে হীন কর বারই চেষ্টা ক'রেছেন। তারপর বৌদ্ধ-সাহিত্যের আকর অনুসন্ধান কর্তে গেলেও সেখানে বৈষ্ণব-সাহিত্যই সামনে এসে দাঁড়ায়। গৌড়ীয়-বৈঞ্চব-শাহিত্য হ'তে যেমন তথাকথিত গোডীয়-সাহিত্য স্বমত কল্লনা ক'রে স্বতন্ত্র হ'য়ে দাঁড়াবার চেষ্টা করায় বিপথগানী হ'য়ে শ'ড়েছে, তেমনি বৈষ্ণবতা ও বৈষ্ণব-সাহিত্য হ'তে **স্বত**ন্ত্ৰ ।'য়ে বাংলার বজ্রঘানীয় বৌদ্ধবাদ ও বৌদ্ধ-সাহিতা স্বয়্ট হ'রেছে। যেমন পরবর্ত্তিকালে গৌড়ীর-বৈঞ্চবধর্ম হ'তে স্বতন্ত্র হ'রে আউল, বাউল, কর্ত্তাভন্ধা, নেড়া, দরবেশ, সহজিয়া, দথিতেকী, গৌরনাগরী প্রভৃতি মত ও তা'দের সাহিত্য স্পষ্ট হ'রেছে ও হচ্ছে, তেমনি প্রাচীন বৈঞ্চব-সাহিত্য বা নৈমিষ-সাহিত্য হ'তে স্বতন্ত্র হ'য়ে বজ্রযানীয় বৌদ্ধ-সাহিত্য-সন্হ স্পষ্ট হ'য়ে দমান্ত ও দাহিত্যকে কলঙ্কিত ক'রেছে। গৌড়ীয়-বৈঞ্চব-দাহিত্য অগ্নং নৈমিষ-দাহিত্য এই সকল নব-স্পষ্ট সাহিত্যের বহু পূর্বের গৌড়-বঙ্গে প্রকাশিত ছিল। দেই সাহিত্যেই গৌড়ের আদি সাহিত্য।

স্বাভন্ত্যাবলম্বন-চেষ্টার দিগদর্শন

গোড়ীয়-বৈঞ্ব-সাহিত্য হ'তে স্বতন্ত্র হ'য়ে ব্যক্তিগত
বা নবস্ট সম্প্রনাগত সাহিত্য গ'ড়ে তুলবার চেষ্টা
গোড়ীয়ের অভাদয়-য়ুগে শুধু যে বাংলায় হ'য়েছিল, তা' নয়,
বঙ্গের বাইয়েও এই শ্বতন্ত্রতা অবলম্বন ও অনুকরণ ক'য়ে
সাহিত্য স্বষ্টি কর্বার একটা বিপুল চেষ্টা হ'য়েছিল।
উৎকলের ইতিহাসে, প্রাণ্জ্যোতিষপুরের ইতিহাসে,
আর্যাবর্ত্তে ও দাক্ষিণাত্যে এই অনুকরণ ও স্বতন্ত্রতার
ছায়াপাত নানাধিক দেখ্তে পাওয়া বায়। উৎকলে
অতিবাড়ী জগয়াথ দাস গোড়ীয়-বৈঞ্বগণের বিচার হ'তে
স্বতন্ত্র হ'য়ে উৎকলবাদী মত্ত বলরাম দাসের অনুগত পরিচয়
দিয়ে উৎকল-ভাষায় সাহিত্য স্বষ্টি ক'রেছিলেন; যেমন

'ভাগবতের পদ্যামুবাদ', 'শৈবাগম ভাগবত', 'গুণ্ডিচা-বিজে', 'বোলচৌপদী'; তারপর তাঁ'র ৷শষ্য-প্রশিষ্য যথা— বলরাম দাস, যশোবস্ত দাস প্রভৃতিও গৌড়ীয়-বৈঞ্ব-সাহিত্যের অনুকরণে কিছু কিছু সাহিত্য স্ষ্টি ক'রে গেছেন। আবার অন্তদিকে আসাম প্রদেশে শঙ্করদেব প্রীচৈতক্সদেব ও প্রীঅবৈতাচার্য্য এবং গৌডীয়-বৈষ্ণবগণের সঙ্গে নীলাচলে সাক্ষাৎ কর্বার পর তাঁ'দের বিচার হ'তে স্বতন্ত্র হ'য়ে স্ব-মতপোষক স্বতন্ত্র সাহিত্য সৃষ্টি কর্লেন। শঙ্করদেবের আসামীয়া ভাষায় 'ভাগবতের পদ্যামুবাদ', 'ক্রিণীহরণ-কাব্য', 'অনাদিপতন', 'বলিছলন', 'রত্নাকর', 'গুণমালা' প্রভৃতি গৌড়ীয়-গোস্বামিগণের সাহিত্যের স্বতম্ব অনুকরণ মাত্র। তার পর শঙ্করদেবের 'কীর্ত্তনঘোষা'. 'বড়গীত', মাধব-দেবের 'নামঘোষা', ঐবিষ্ণুস্বামিপাদের 'ভক্তিরত্নাবলীর পদ্যাত্মবাদ', তাঁর অন্তান্ত শিষ্য-প্রশিষ্য-গণের মধ্যে যেমন রমানন্দ ও দৈত্যারি দাসের 'গুরুচরিত' প্রভৃতি গৌড়ীয়-বৈষ্ণব-পদাবলীর এবং শ্রীচৈত্মভাগবতকার ঠাকুর বুন্দাবনের লেখনীর অবৈধ প্রতিযোগী অন্তকরণ। তার পর আর্য্যাবর্ত্তেও শ্রীবল্লভাচার্য্যপাদ এবং তৎপুত্র বিঠ ঠলাদি প্রীমন্মহাপ্রভু, শ্রীগদাধর পণ্ডিত, গোড়ীয়-বৈষ্ণব-সাহিত্যিক-গুরু শ্রীস্বরূপ-রূপ প্রভৃতির সহিত সাক্ষাৎ কর্বার পর অনেক সাহিত্যের পুষ্টি কর্ণেন। কেউ কেউ ব'লে থাকেন যে, বর্ত্তমানে নিম্বার্কের নামে যে সকল সাহিত্য

প্রচালত হ'মেছে এবং কেশব ভট্ট প্রভৃতির দারা যে সকল সাহিতা সম্বন্ধিত হ'য়েছে. সেগুলি দিথিজয়ী কেশ্ব ভট্টাদির গৌড়ীয়-শাহিত্য-সরম্ব তী-পতি মহাপ্রভুর সঙ্গে সাক্ষাৎ হ'বার পর। 'সর্বাদর্শন-সংগ্রহে' মাধবাচার্য্য প্রাচীন বিষ্ণুসামীর দর্বজ্ঞস্ক-সাহিত্য, প্রীরামানুজীয় দাহিত্য, শ্রীমাধ্ব-সাহিত্য প্রভৃতি সংগ্রহ করলেও নিম্বার্ক-সাহিত্যের কোন নাম-গন্ধ করেন নি। খ্রীল জীব-গোস্বামী দলর্ভ ও দর্বদম্বাদিনীতে প্রীবিষ্ণুস্বামী, প্রীশঙ্করাচার্য্য, প্রীধর, শ্রীমধ্ব, শ্রীরামানুজ—সকলের দাহিত্যই সমাহরণ ক'রেছেন, কিন্তু আধুনিক নিম্বার্ক-সাহিত্যের কোন কথাই বলেন নাই। এ সকল প্রমাণ হ'তে ও অনেকে ব'লে থাকেন যে, নিম্বার্ক সম্প্রদায়ের দশশ্লোকী প্রভৃতি গৌডীয়-বৈঞ্চব-সাহিত্যেরই অনুকরণে লিখিত। যা' হৌক, গোড়ীয়-বৈঞ্চব-সাহিত্যই যে তথা-কথিত গৌড়ীয়-দাহিত্যের আকর, একথা স্থী-সমাজ একটুকু নিরপেক্ষ বিচাব কর্লেই জান্তে পারেন। এই গোডীয়-বৈঞ্ব-সাহিত্য নৈমিষ-সাহিত্য হ'তে অভিন। এই স্বরাট্-সাহিত্যের মূল প্রস্রবণ হ'তে বজন্ত হ'য়েই তথা-কথিত গোড়ীয়-সাহিত্য পুথকাভিমান কর্ছে।

গোড়ীয় সাহিত্যের যুগ-নির্দেশ

গোড়ীয়-সাহিত্যের সর্বাদিযুগ কোন্ সময় থেকে আরম্ভ হ'লো, একটা প্রশ্ন হ'তে পারে। আমরা তা'র অমুসন্ধান

করতে গিয়ে দেখ্তে পাই, গোড়ীয়-দাহিত্যের আদিযুগ সেদিন থেকে আরম্ভ হ'য়েছে, যেদিন "অভিজঃ স্বরাট্ তেনে ব্রহ্ম হানা য আদিকবয়ে" অর্থাৎ স্বয়ং সাহিত্য-সরস্বতী-পতি স্বরাট্মন্দর যেদিন আদিকবি চতুমুথের বুদ্ধিবৃত্তি প্রবর্ত্তন ক'রে তাঁকে শ্রুতি-দাহিত্য-দামাজ্যে অভিষিক্ত কর্লেন। সেই সাহিত্য-সাম্রাজ্য-সিংহাসনের কৌস্কভমণিই---চতুঃশ্লোকী। সেই সাহিত্যের সামগান নারদের বীণায় ঝল্পত হ'য়ে উঠ্লো; নারদের বীণা থেকে বাদরায়ণের সহজ সমাধিতে সঞ্চারিত হ'লো। আবার বাদরায়ণ হ'তে সেই সাহিত্য-সরস্বতী শুকদেবের রসনায় রসামূত-রসায়ন রচনা কর্লো। সেই সাহিত্য-রসামৃত বিষ্ণুরাত ও লোমহর্ষণিকে স্থাস্নান করিয়ে গোমতীর তীরে নৈমিষ-কানন-কুঞ্জে স্থত গোস্বামীর জিহ্বাপ্রাঙ্গণে বিপুল বন্তা আনয়ন ক র্লো। যথন নৈমিষকাননে সাহিত্য-স্থা-স্থরধুনীর সেই বান ডেকেছিল, তথন শৌনকাদি মুনি তাঁদের রাহিত্য-চিন্তাম্রোত আর রক্ষা করতে পার্লেন না। ষাট্হাজার শ্রেষ্ঠ-ঋষি এক সময় সাহিত্য-স্বর্গঙ্গায় অবগাহন কর্লেন। সেই সাহিত্য-স্বর্ন দীর বক্সা ক্রমে সাত্তত-আচার্য্যগণের অভিষেকবারিরপে পাণ্ডা-দেশের চন্দনবনে, দক্ষিণাপথের মুঙ্গেরপত্তনে, আরু দেশের মহাভূতপুরীতে, ম্যাঙ্গালোরের পরগুরামক্ষেত্রে প্রবেশ ক'রে গৌড়পুরের নিত্য-প্রবাহিত ভাগীরথী-ধারার সঙ্গে মিলিত হ'লো। তথনই গৌডদেশের জয়দেব-সরস্বতী গৌড়ীয়-

রাগে সাহিত্য-দান্ত্র-দেবতার আরতি কর্লেন। সাহিত্য-ভাণ্ডার বিশ্বের দারে বিস্তারিত হ'য়ে পড়তে থাক্লে'। যে শ্রুতি-সরস্বতী একদিন "মহান্ প্রভূবৈ" পুরুষ:", "যদা পশু পশুতে রুক্মবর্ণং", "দৈষা আনন্দশু মীমাংদা ভবতি" প্রভৃতি মন্ত্রে অক্ষুট স্থরে দাহিত্য-নায়কের আগমনী গান ক'রেছিলেন —যে দিন নৈমিষ-কানন মুখরিত ক'রে নৈমিষ-সাহিত্য-ম্বরমুন্দরী আর একটুকু স্পষ্টমূরে "কুফবর্ণং বিষাহক্কঞং" স্তোত্তে সাহিত্য-নায়কের অধিবাদ-আরতি ক'রেছিলেন-যেদিন পদ্মাৰতী-চরণ-চারণ-চক্রবন্তী জয়দেব নব-বদস্তের আগমনের প্রাক্কালে কোকিলের কাকলীর ভায় গৌড়পুরের नजातं उटि "राटेवरम इतमन्ततम्" मटल मधुत-रकामनकान्छ-পদাবলীতে সাহিত্য-পতির আগমনী-গীতি গান ক'রেছিলেন — যেদিন চণ্ডীদাস "এরূপ হইবে কোন্ দেশে"—এই গৌর-চক্রিকা গান ক'রে গোডীয়গণের "কাণের ভিতর দিয়া মরমে পশিয়া মনঃপ্রাণ আকুল'' ক'রে দি'য়েছিলেন-যেদিন বিত্যাপতি "কি কহব রে সথি আজুক আনন্দ ওর। চিরদিন মাধব মন্দিরে মোর" সঙ্গীতের মৃচ্ছ নায় শান্তিপুর-নাথের ছক্ষার-মোদ বুদ্ধি ক'রেছিলেন, সেদিনও গোড়বাসী বুঝুতে পারে নাই গোড়ীয়-সাহিত্য-কাননে সাহিত্যের দাক্রমূর্ত্তি ল'য়ে যে সাহিত্য-সরস্বতীর নায়ক স্বয়ং অবতীর্ণ হ'বেন। যথন রাধামাধব-মিলিত-তত্ম গৌড়ীয়ের নাথ তাঁর সমগ্র া-সাহিত্যকে স্বরাট্-সাহিত্যের সাক্রসঙ্গীতরূপে সজ্জন-

গণের সন্মুথে প্রকাশিত কর্লেন, তথন নিথিল গৌড়ীয়সাহিত্যের ভাপ্তার উন্তুক্ত হ'য়ে গেল। খেত্রীপের স্বরাট্স্থলরের স্বয়ংরূপিণী-সাহিত্য-শোভা একবার মাত্র পৃথিবীতে
রূপ গ্রহণ ক'রেছেন, তাতা এই গৌডদেশে বৈবস্বত-মন্বত্তরের
অষ্টাবিংশ চতুর্গের কলিতে। সর্ব্ব সাহিত্যের আকররূপিণী স্বরাট্-সাহিত্য-জয়শ্রী স্বরাট্স্থলরের সহিত স্বরম্বররূপিণী স্বরাট্-সাহিত্য-জয়শ্রী স্বরাট্স্থলরের সহিত স্বরম্বররূপর্ক্ত হ'য়ে স্থানল-দাহিত্য-দিম্লিত-লাক্রসম্বিংস্থলর
গোরস্থলররূপে যেনিন গৌড়পুরে অবতীর্ণ হ'লেন, দেদিন
সাহিত্য-শোভার উৎসমুথ শত সহস্রধারে উৎস্বান্থিত হ'য়ে
উঠ্লো। যথন সাহিত্যম্বর্জিণী স্বয়ং-সাহিত্য-নামকের
সহিত্ সন্মিলিত-তন্ত্ব হ'য়ে গোলোক হ'তে ভূলোকে—খেতদ্বীপ-গৌড় হ'তে ভৌম-গৌড়ে অবতরণ কর্লেন, তথন যে
সমগ্র বিশ্বে সাহিত্যের বন্তা উচ্ছলিত হ'য়ে উঠ্বে, ইহাতে
আরে আশ্রহ্য কি ?

গোড়ীয়-সাহিত্যের ত্রিধারা

দেই দাহিত্য-বন্থা প্রয়াগের ত্রিবেণী-সঙ্গমে ত্রিধারায় প্রকাশিত হ'রে প্রীরূপের রদামৃতদিন্ধুর দঙ্গে দঙ্গম লাভ কর্লো। প্রীরূপ দেই রদামৃতদিন্ধুর অতলগর্ভ হ'তে উজ্জ্বলনীলমণি আবিন্ধার ক'রে বৈঞ্চব-বিশ্বে দাহিত্য-শ্বরাজ্য প্রদান কর্লেন। নৈমিধ-দাহিত্যের "জ্ঞান-বৈরাগ্যভক্তিদহিত্ম" বাক্যের তাৎপর্য্য দেদিনই উপলব্ধির বিষয়

হ'লো। গৌডীয়-দাহিত্য ত্রিধারায় ব্যক্ত হ'লো—দম্ব :-সাহিত্য বা জ্ঞান-সাহিত্য, অভিধেয়-সাহিত্য বা বৈরাগ্য-সাহিত্য, আর প্রয়োজন-সাহিত্য বা ভক্তি-সাহিত্য। জ্ঞান-সাহিত্যকে তত্ত্বসাহিত্যও বলা যেতে পারে, প্রয়োজন-সাহিত্যকে অপর ভাষায় রদ-সাহিত্যও বলা যায়। কল্ম-নাশিনী জাহ্নবী যেমন দৰ্অ-কলুমতা বিনাশ ক'রে সকলকে পূত ক'রে দেয়, সেইরূপ গোড়ীয়-তত্ত্বদাহিত্য জীবের অনর্থ-মল বিধোত ক'রে অভিধেয়-সাহিত্যের কাছে-দেই সরস্বতী-প্রবাহের কাছে—ভক্তিরসামুত্রসিন্ধুর তটে নিয়ে যায়। তথন প্রয়োজন-সাহিত্যের যমুনাপ্রবাহ গৌডীয়-সাহিত্যের পূর্ণ ভাগ্রার উন্মুক্ত ক'রে দেয়। তখনই তপন-তনয়াতীরে কদম্বনদেবতার বেণু-মাধুরী রস-সাহিজ্যের হাট পত্তন করে, আর দেই হাটে অখিলরস্থনি নীলকান্ত-মণি প্রাকৃত রোপ্যমূল্যের পরিবর্ত্তে অপ্রাকৃত রূপ-মূল্যে রূপানুগা রূপদীগণের নিকট চিরবিক্রীত হ'য়ে আপনাকে চির্ঝাণী অভিমান করেন। রূপাত্মগুগণ স্বয়ংই—গোডীয়-সাহিত্য। তাঁদের প্রত্যেকের জীবন-সাহিত্যের এক একটা সাত্রগ্রন্থার। গৌড়ীয়-সাহিত্যকগণের বৈশিষ্ঠ্য এই যে, তাঁদের জীবন ও সাহিত্য-এক, তাঁদের জীবনই যেন তারা সাহিত্যরূপে বাইরে প্রকাশ কবেন। যাঁরা গোডীয়-ক্রব বা 'অগোডীয়' অভিমানে সাহিত্যিক ব'লে পরিচয় দিতে যান, তাঁদের ভিতরে এ বৈশিষ্ট্য নেই; কাজেই তাঁ'দের সাহিত্য

— মৃত। আর রূপান্থগ গোড়ীয়গণের সাহিত্য — চির-অমৃত। সে সাহিত্য রূপ ধ'রে কথা কইতে পারে— সে সাহিত্য অপরকে অমৃত কর তে পারে— রূপদী কর তে পারে, যে রূপ— যে সাহিত্য ভুবনমোহন স্বরাট্যুল্বরের সন্মুথেও সন্মোহিনী বিভাবিস্তার কর তে পারে, গোড়ীয় সাহিত্য — এত বড় জিনিষ!

শাহিত্য-সরস্বতী-পতি মায়াপুর-পুরন্দরের জীবনের আদিপর্বেষে শিশু-সাহিত্য-শাস্ত্রের এক অপূর্বর অভিনয় হ'য়েছিল, তা হ'তেই শ্রীজীবের হরিনামামূত-ব্যাকরণ সমগ্র ব্যাকরণ-সাহিত্য-শাস্ত্রে এক যুগান্তর আনয়ন ক'রেছে। কেউ কি কখনও শুনেছিল যে, ব্যাকরণ-সাহিত্য-শিশু-সাহিত্যের প্রতি অক্ষর, প্রতি শব্দ, প্রতি প্রাতিপদিক, প্রতি পদ, প্রতি স্থত্ত স্বরাটের সঙ্গীত শিক্ষা দিতে পারে 🏲 শিশুকাল হ'তেই মানুষকে স্বরাটের সেবায়—স্বরাটের সাধনায় অভিধিক্ত কর্বার জন্ম সরস্বতী-পতি এ অভূতপূর্ক ব্যাকরণ-সাহিত্য আবিষ্কার করালেন। তারপর গৌড়পুরে চক্রশেথর আচার্য্যের ভবনে যেদিন গৌরস্থন্দর পররঙ্গমঞ্চের যবনিকা উত্তোলন কর্লেন, সেইদিনই বাংলার সর্বপ্রথম নাট্যসাহিত্য প্রদর্শনীর দার উদ্যাটিত হ'লো—সে দিন হ'তেই গৌড়ীয়ের দৃশ্য ও শ্রব্য-কাব্য-দাহিত্য—গৌড়ীয়ের অলস্কার-সাহিত্য—গৌড়ীয়ের রস-সাহিত্য—গৌড়ীয়ের শিল্প সাহিত্য—গোড়ীয়ের বিজ্ঞান-সাহিত্যের পূর্ণভাগুার উন্মুক্ত হ'লো।

সাহিত্যের সৌন্দর্য্যতত্ত্ব

সাহিত্য জিনিয়টী স্থন্দর, নবনবায়মান ও সর্ব চিত্তাকর্ষক। সাহিত্য এত স্থন্দর যে, প্রকৃতির সকল সৌন্দর্য্য
হ'তে—বিরাটের সকল প্রমারাশি হ'তে শান্ত, নির্ত্ত হ'য়ে
য়ারা রাহিত্যের দিকে অভিযান ক'রেছেন, সেই আত্মারাম
নির্গ্রন্থ সাহিত্য-সৌন্দর্য্যে আক্রপ্ত হ'য়ে আত্মারামতাকে
বারণ ক'রে পর-রামতাকে বরণ ক'রে থাকেন। আর
বিরাটে আচ্ছন, বিকৃত, প্রতিকলিত প্রতিবিম্বিত সৌন্দর্য্যের
ছলনাময়ী ছবিতে আকৃপ্ত হ'য়ে প্রকৃতির পাশে পতিত
হয়। সাহিত্যে সব সৌন্দর্য্য আছে। সাহিত্যে শিল্পের
সৌন্দর্য্য—সাহিত্যে রসের সৌন্দর্য্য পূর্ণমাত্রায় বিরাজমান। সর্ব্ধ-সৌন্দর্য্যের সমন্বয় যেথানে নেই, সেথানে
সাহিত্যেও নেই।

সাহিত্যে দর্ব্ধ-সৌন্দর্য্যের সমাবেশ কেন ? এর উত্তর আমরা পূর্ব্বেই দিয়েছি। দর্ব্বদৌন্দর্য্যের—দর্ব্বশোভার থনি—জংশিনী মহাভাবময়ী হলাদিনী ই—স্বয়ং গাহিত্য-স্বরূপিণী। গৌড়ীয়-সাহিত্যে এই হলাদিনী-দেবতার আরাধনাই প্রচুর, তাই গৌড়ীয়-সাহিত্য দর্ব্বদাহিত্যের সৌন্দর্যকে অতিক্রম ক'রেছে। গৌড়ীয়-সাহিত্য স্বয়ংরূপিণী সাহিত্যস্বরূপিণী বার্যভানবীর দেবা-সৌন্দর্য্যেরই দাল্র-শ্রীমৃর্তি।

গোড়ীয়-সাহিত্য ও দর্শন

অনেকে মনে করেন, সাহিত্য যথন সৌল্ব্যিম্য, রদময়, তথন সেথানে দার্শনিক শুক্ষতার (?) স্থান নেই; সাহিত্যে কেবল অবলীলতা ও ভাবনীলতার মুক্তবরা স্বৈরিণী-ভাষার ইক্রজাল স্বষ্টি ক'রে সকলকে সম্মোহিত কর্বে। কিন্তু এরপ সম্মোহন-সাহিত্য-সোমরসের রাজ্যে উর্কাশী-বদ বা মেনকা-রদ স্বষ্টি ক'রে পাশ্চাত্য পণ্ডিত থিওকাইটাদের কথিত 'নীরব-বঞ্চক' প্রাক্ত-সাহিত্য সৌল্ব্যের চরম পরিণতি বিরসের অন্ধক্পে পাতিত কর্তে পারে।

সাহিত্য ও স্থদর্শন পৃথক্ থাক্তে পারে না। হলাদিনী ও সন্থিৎ কথনও পৃথক্ হ'তে পাবে না। যেথানে সন্থিৎ, সেথানে হলাদিনী, যেথানে হলাদিনী, সেথানে সন্থিৎ—
মৃগমদ এবং তা'র গন্ধে যেরপ অবিচ্ছেত্য সন্থর। তাই
গৌড়ীয়-সাহিত্য—গৌড়ীয়-দর্শনেরই বিগলিত-বিচিত্রসৌন্ধ্য-প্রবাহ। গৌড়ীয়-দর্শনেই 'জ্ঞান-বৈরাগা-ভিক্তিসহিত' ত্রেবেণী-ধারায় বিগলিত হ'রে স্বরাট্-সাগর-সঙ্গমের
অভিসারে চল্ছে। গৌড়ীয়-সাহিত্যে এই ত্রিধারা নিত্য
প্রবাহিতা। গোস্থামিগণের সাহিত্য—সাহিত্য-সম্রাট্
শ্রীরূপের সাহিত্য এই ত্রিবেণী-সঙ্গমের অপূর্ব্ব আদর্শ। তাই
ব্রিধ সাহিত্য-নায়ক গৌড়ীয়ের ঠাকুর এই সাহিত্য-ত্রিবেণী-

সঙ্গনের প্রথম প্রস্তাবনা প্রদর্শন ক'রেছিলেন—প্রিয়াগের বিবেণীর তটে। যাঁ'রা জয়দেব সরস্থতী ও লীলাশুকের সাহিত্য-স্রোতস্থিনী স্পর্শ কর্বার অধিকারী, তাঁ'রা জান্তে পারেন যে, গীত-গোবিন্দ ও কর্ণামূতে বিধারারই সন্মিলন আছে। সম্বক্জান ছাড়া অভিধেয় হয় না, অভিধেয় ছাড়া আবার সম্বক্ষ হয় না। সম্বক্জান ছাড়া প্রয়োজন লাভ হয় না, অভিধেয় ব্যতীত প্রয়োজন পাওয়া যায় না। তবে যেমন পূর্ণিমাদি পর্বাদিনে ব্রিবেণীর মধ্যে কথনও সরস্বতী প্রবাহ, কথনও বা যমুনা-প্রবাহ অধিকতর উচ্ছলিত হ'য়ে ওঠে, তেম্নি কথনও অভিধেয়-বিচার, কথনও বা প্রয়োজন-বিচার অধিকতর প্রকাশিত হ'য়ে সাহিত্যকে সেই সেই ভাবের রঙে অধিকতর রঙিন ক'রে তোলে।

গোড়ীয়-সাহিত্যের নায়ক-নায়িকা

পূর্ব্বেই বলা হ'য়েছে, গোড়ীয়-সাহিত্যের নায়ক—
ব্রহ্মনবযুবরাজ শিথিপিচ্ছমোলি ত্রিভঙ্গভঙ্গিম কামদেব,
আর গোড়ীয়-সাহিত্যের নায়িকা—রুন্দারণ্যরাজ্ঞী মুকুন্দমধুমাধবী ভুবনমোহন-মনোমোহিনী রুষভান্থ-নন্দিনী। কেহ
কেহ কল্পনা করেন, গোড়ীয়-সাহিত্যের এই নায়ক ও
নায়িকা দেক্ষ্পীয়রের রোমীয়-জুলিয়েটাদির মতই গোড়ীয়কবিগণের কল্লিত পাত্র-পাত্রীবিশেষ! এইরূপ কল্পনাশিল্পিগণ আরও অগ্রসর হ'য়ে বলেন,—

"শুধু বৈকুঠের তরে বৈষ্ণবের গান ? পূর্ব্বরাগ, অন্থরাগ, মান, অভিমান, অভিমান, অভিমান, অভিমান, কাভিমার, প্রেমলীলা, বিরহ, মিলন, বুন্দাবন-গাথা—এই প্রণায় স্থপন ? শ্রাবণের শর্বারীতে কালিন্দীর কূলে চারি চক্ষে চেয়ে দেখা কদম্বের মূলে সরমে, সম্রমে,—একি শুধু দেবতার ? এ সন্ধাত রসধারা নহে মিটাবার, দীন মর্ত্ত্যবাদী এই নরনারীদের প্রেতি রজনীর আর প্রতি দিবসের তপ্ত প্রেমত্বা ?

সত্য ক'রে কহ মোরে হে বৈঞ্চব-কবি, কোখা তুমি পেয়েছিলে এই প্রেম ছবি ? কোখা তুমি শিখেছিলে এই প্রেম-গান বিরহ-তাপিত ? হেরি কাহার নয়ান, রাধিকার অঞ্জ-আঁথি প'ড়েছিল মনে ?

কল্পনা-শিল্পী এই প্রাক্বত-কবির কবিত্ব প্রকৃতির সহজ ধারণায় পুষ্ট। প্রাক্বত সাহজিকের সম্ভোগ-বৃদ্ধি যে এরূপ কত কি প্রলাপমন্বী কবিতা স্বষ্টী কর্বে, তা'তে আর আশ্চর্য্য কি ? পুরীষকণবাহী মক্ষিকা যেরূপ মধুমক্ষিকারঃ সহজ সৌভাগ্যের প্রতিযোগিতা কর্বার জন্ম আপনাকে মধুমক্ষিকা কল্পনা ক'রে স্বচ্ছ কাচভাত্তে স্থরক্ষিত মকরন্দকে আপনার আয়ত্ত-বস্ত জ্ঞানে আস্বাদন করতে ধাবিত হয়, কিন্তু হায়, সে যেমন মকরন্দের মধুর আস্বাদ পায় না— কখনও পেতে পারে না, সেইরূপ চিদ্বিলাস-বৈচিত্যের খণ্ড প্রতিফলিত ছলনাময়ী ছবিতে আত্মহারা প্রাক্বত কবি অপ্রাক্তরে কথা বুঝুতে পারে না। অপ্রাক্ত বৈঞ্জ্ব-কবি বিরাটের বিক্বত প্রতিচ্চবি হ'তে অপ্রাক্তত স্বরাটের প্রেমছবি মনোধর্ম্মের কাল্পনিক তুলিকায় ভঙ্কিত করেন না --এ কথা বিরাটের গ্রাম্য-কবি বুঝ্তে পারে না! অপ্রাক্কত-কবি অপ্রাক্ত-বিপ্রশন্তগীতি প্রাক্তত নায়ক-নায়িকার ক্ষুদ্র অপস্বার্থের পৃতিগন্ধযুক্ত কামগান হ'তে শিক্ষা করেন নি-একথা গ্রাম্য-কবি বুঝ্তে পারে না! অপ্রাক্ত অদ্বিতীয় কামদেব ও পরদেবতা বুষভান্তনন্দিনীর অপ্রাকৃত লীলা প্রাক্ত কামগন্ধছণ্ট নায়ক-নায়িকার চিত্র হ'তে অধোক্ষজ বৈঞ্চৰ-কবি কল্পনা করেন নি, বিরাড্-বিমোহিত প্রাকৃত-কবি তা'র ক্ষুদ্র বৃদ্ধি নিয়ে ধারণা ক'রে উঠ্তে পারে না! "কামুকা: পশুন্তি কামিনীময়ং জগৎ"—তাই বিরাড্-বিহ্বল গ্রাম্য-কবি তা'র শত-ছানিপড়া কাম-চক্ষু দিয়ে প্রেমের রাজত্বের অপ্রাক্ত মধুরিমা দেখতে পায় না! এজন্তই বৈষ্ণব-কবি গেয়েছেন.—

"অকৈতব ক্লফপ্ৰেম, বেন স্থাবিমল হেম,

এই ফল नृलाक इल्लं छ।

কৈতব বঞ্চনা মাত্র, হও আগে যোগ্যপাত্র,

তবে প্রেম হইবে স্থলত।

কাম-প্রেমে দেখ ভাই, লক্ষণেতে ভেদ নাই,

তব কাম প্রেম নাহি হয়।

তুমি ড' বরিলে কাম, মিথ্যা তাহে প্রেম নাম,

আরোপিলে কিসে শুভ হয়॥

না মানিলে স্বভজন.

স।ধুদক্ষে সঙ্কীর্ত্তন,

না করিলে নির্জ্জনে স্মরণ।

না উঠিয়া বৃক্ষোপরি, টানাটানি ফল ধরি,

গ্রপ্ত ফল করিলে অর্জন ॥"

বেদ-সাহিত্য ও সাহিত্য-নায়ক কৃষ্ণ

এ জাতীয় প্রাক্বত-সাহিত্যিক অনেক সময় গোড়ীয়-দাহিত্য শোভার প্রভা দর্শন করতে অসমর্থ হ'য়ে ব'লে থাকেন,—গোড়ীয়-দাহিত্যের নায়ক-নাম্বিকা যদি বাস্তব-বস্তুই হ'বেন, তা'হ'লে দেই সাহিত্য-নায়কের কথা বেদে নাই কেন ? আরু সাহিত্য-নায়িকার কথা ভাগবতেই বা নাই কেন ? এরপ যুক্তি তাঁ'দের মুথর ক'রে তুল্লেও মনে হয়, এতে তা'দের অজ্ঞতা ও অস্বতাই অপরাধী। দেহা-রানতাকেই আমাদের অপবর্গ মনে ক'রে ্যথন আমরা

চার্কাক, ইয়াংচু, লুসিপদ্, লুক্রিসিয়াস প্রভৃতি গুরুবর্গের (?) শিষ্যত্ব স্বীকার করি, তাঁ'দের নিকট হ'তে "ঋণং রুত্বা স্বতং পিবেৎ" মন্ত্র শ্রুতিবদ্ধ ক'রে অপৌক্ষেয় শ্রুতিমন্ত্রকে ভণ্ড-ধূর্ত্ত-নিশাচরের রুত ব'লে শ্রুতিকে একেবারে উড়িয়ে দেওয়ার একটা চেষ্টা অপ-প্রয়োজনের প্রেরণায় দেখাতে বাধা হই-যখন এই নাস্তিকতা ক্রম-বিকাশের পথে প্রচ্ছন হ'য়ে আরও ঘনিয়ে ওঠে, তখন আমরা বেদকে মুখে একেবারে অস্বীকার কর্তে না পার্লেও বিরোচনের শিশুত্ব স্বীকার ক'রে বিরাটে ব্যাপৃত হ'য়ে পড়ি। কখনও বা আরও একটুকু অগ্রদর হ'য়ে বিরাটকেই 'ভূমা' ব'লে স্থাপন ক'রে "যস্তা নেবে পরা ভক্তিং" শ্রুতির 'পরা ভক্তি' কথাটী বুঝ তে চাই না; তাই আমাদের কাছে শ্রুতির অর্থন্ত প্রকাশিত হয় না। শ্রুতির প্রতিপাদ্য পরম পুরুষ— "বেলৈশ্চ সর্বৈরহমেব বেদ্যঃ"—সাহিত্য-নায়কের এই গীতরাগিণী আমাদের কর্ণমল ভেদ ক'রে মর্ম্মের মর্মার-মন্দিরে প্রবেশ করে না। শ্রুতি-সাহিত্য যে "প্রাক্তত নিষেধি' করে অপ্রাক্তত স্থাপন''—একথা আমরা একটুকু ধৈর্য্য ধ'রে নিরপেক্ষতার নিক্ষ পাথরে ফুটিয়ে দেখ তে চাই না। কাজেই "গ্রামাচ্ছবলং প্রপত্তে" ছান্দোগ্যের এই মন্ত্রে শ্রামস্থলরের স্বরূপশক্তির নির্দেশ পরভক্তিহীন আমাদের হৃদয়ে প্রকাশিত হয় না, আমরা 'শবল'কে হার্দ্দ-ব্রহ্মত্ব ব'লে কাটিয়ে দিতে চাই। শ্রুতি-

সাহিত্যে — স্থ্য-সাহিত্যে যে গোড়ীয়-সাহিত্যের নায়ক গুঢ়দেবতা রদরাজ গ্রামস্থলেরের কথাই — পরমাক্ষরাক্তি দিব্যনামধেয়ের কথাই অসম্প্রারিতভাবে কীর্ত্তিত হ'য়েছে— একথা
প্রচন্ধন ভববিন্থতার পরচক্ষ্ নিয়ে আমরা দেখতে পাই না।
তাই বেদ-বেদাপ্তের ভিতরে কিরূপে শ্যামস্থলরের
সামোদ্যানের সম্পুট স্থরক্ষিত রয়েছে, পূর্ণপ্রজ্ঞপাদ স্প্রাচীন
সান্ধর্ণ-স্ত্র উদ্ধার ক'রে তা' দেখিয়েছেন—যা'র খবর বোধ
হয় আমরা অনেকেই রাখি না।

ভাগবত-সাহিত্য ও ঐীরাধিকা

তার পর প্রশ্ন ওঠে—ভাগবতে গোড়ীয়-সাহিত্যের নায়িকার নাম নাই কেন ? কেউ কেউ আবার সর্ব্বনাহিত্যের একমাত্র আকর এই ভাগবত-সাহিত্য-খনিটীকে একেবারে উপ্ড়ে ফেলে দিবার সাস্থরিকতা দেখাতেও অগ্রদর হ'য়েছিলেন। নৈমিষ-সাহিত্যকে আধুনিক ব'ল্বার চেষ্টাও হ'য়েছে। এগুলি সেই পূর্ব্বোক্ত অভিজ্ঞতাবাদেরই বিভিন্ন উত্তেজনা বা উৎপাত। যেমন একদিন দেহবিলাসী চার্ব্বাকাদি বিশাল বেদ-বৃক্ষকে ভণ্ড-ধূর্ত্ত-নিশাচরের স্পৃষ্ঠ ব'লে উপ্ড়ে ফেলে দেবার চেষ্টা ক'য়েছিল, ভেম্নি সর্ব্ব-শাহিত্য-খনি নৈমিষ-সাহিত্যকে এক সম্প্রদায় —যা'রা দেখ্লেন ক্ষেণ্ডর স্বেচ্ছাচারিতা—ক্ষণ্ডের স্বর্ত্তর-স্বভ্রত্রতা থাক্লে তাঁ'দের কল্পিত স্বেচ্ছাচারিতা—ক্ষণ্ডের স্বর্ত্তরতার

বাধা পড়ে-ক্নফের সর্বেন্দ্রিয় থাকলে তাঁ'দের ইন্দ্রিয়-চালনার পথে কণ্টক পড়ে, তাঁ'রা সাহিত্যের অদিতীয় স্বরাট্-নায়ককেই দর্ঝদাহিত্য হ'তে বিচ্যুত কর্বার চেষ্টা করলেন। তাঁ'রা মনে করলেন, সর্বাসাহিত্য তাঁদেরই থাক্বে, আর 'পরম' ব'লে যদি কিছু স্বীকার করা যায়, তা' হ'লে তা'তে সক্ষ-রাহিত্যের আরোপ করা হবে। এরপ অন্তর্নিহিত প্রচ্ছন্ন-নাস্তিক্য-চেষ্টা নিয়ে রাবণ যেরূপ এক-দিন মনে ক'রেছিল, রামচন্দ্রকে কিছতেই সীতা-সতীর দাহিত্য অনুমোদন করা যাবে না, দেইরূপ অদৈব-বৃদ্ধির উত্তেজনা হ'তেই স্বরাট্ পুরুষ রুগরাজকে কিছুতেই তাঁর স্বরূপ-সাহিত্য প্রদত্ত হ'বে না ব'লে একটা অবৈধ বিদ্রোহ-চেষ্টার উৎপত্তি হ'লো। আবার প্রচ্ছন ভোগী আর একশ্রেণী পরাটের সাহিত্য-স্থন্দরীকে তা'দের হস্তামলক মনে ক'রে তা'দের ইন্দ্রিয়-লালদার ইন্ধন যোগাবার জন্ত অপ্রাক্তকে যেন বল-প্রয়োগে কামের ভূমিকায় টেনে আনবার চেষ্টা দেখাতে থাক্লো। বেমন, একদিন ভারত-চক্র প্রথমে পুরুষোত্তমে সাতাদন মঠে বাদের অভিনয়, বুন্দাবন-বাদের অভিনয়, বেষ-গ্রহণের অভিনয় দেখিয়ে উজ्ज्ञननीनमनि, 'গোবिन्ननीनामृठ', 'जञ्चत्व', 'हछीनान', 'বিছাপভি', 'রায়ের নাটকগীঙি' প্রভৃতি অপ্রাক্ত দাহিত্যিকগণের গ্রন্থ অপরিপকাবস্থায়ই স্পর্শ কর্বার প্রয়াদ ক'রেছিলেন, আর তৎফলস্বরূপ অপ্রাক্ত শৃঙ্গার-রূস হ'তে গ্রাম্যরস-পৃষ্টির উপকরণ সংগ্রহ ক'রে ফেলেছিলেন। শোনা যায়, পরবর্ত্তিকালে এমন কি তিনি কৌপীন ত্যাগ ক'রে বৈক্ষব-বিশ্বেষী রাজা ক্ষণ্ণচন্দ্রের প্রিয়ভাজন হ'বার জন্ম বিভাম্বন্দর ও অন্নদামঙ্গল দাহিত্য লিখে 'রায়ণ্ডনাকর' উপাধি লাভ ক'রেছিলেন, যে দাহিত্যের সমালোচনা-প্রদঙ্গে প্রাক্ষবগণ কক্ষবৃক্ষ দর্শনে ক্ষথের উদ্দীপন-বিভাবে বিভাবিত হ'তেন, দে-স্থানে ভারতচন্দ্রের শিশ্যগণ ক্ষ্রিত-কদম্ব দেখে কুভাবনায় কণ্টকিত হ'রে রাত্রি জাগরণ ক'র্ত।"

রায়-গুণাকরের তোটকছন্দ, শব্দবিস্তাদের মাদকতা,
"ছলচ্ছল-টলট্ল-কলক্কল-তরঙ্গা" প্রভৃতি অন্প্রপ্রাদের ছটা যে
সাহিত্য স্পষ্টি ক'রেছিল, সেই সাহিত্য সমাজের সমাক্ হিতপাধন করা দ্রে থাকুক, সমাজের সর্বনাশই ক'রেছে। একজন
সাহিত্যিক ব'লেছেন—"বাঁশীর রবে হরিণ ফাঁদে পড়ে,
হাতী কাদার ময় হয়, আর ভারতচন্দ্রের ললিতশক্ষে মুঝ
হ'য়ে এক সময়ে বঙ্গীয় যুবকগণ নৈতিক কৃপে প'ড়েছিলেন!"
বারবনিতা যেমন সতীর স্বাভাবিক সাজসজ্জা ও সৌন্দর্যোর
অবৈধ অন্করণ ক'রে লোকের আপাত উত্তেজনা জনিয়ে
আপাত মনোরঞ্জন ক'রে—আপাত প্রিয় হ'য়ে ব্যষ্টি ও
ক্রমে ক্রমে সমষ্টির স্বর্ধনাশ সাধন করে, তেম্নি সমাজে
স্বরাট্-সাহিত্য-জয়শ্রীর স্বাভাবিক স্থমার অবৈধ অন্ক্রবণে
যথন বিরাটের সাহিত্য গ'ড়ে তুল্বার একটা চেষ্টা হ'ছিল,

তখন বঙ্গীয় সমাজে বিষরক্ষের বীজ উপ্ত হ'লো। রায়গুণাকর ভারতচন্দ্র নিষ্কপটে অপ্রাকৃত সাহিত্যিক-গুরু শ্রীরূপের অনুগ-গণের চরণাশ্রয় না ক'রে ইতর অভিলাষ নিয়ে যখন অপ্রাক্ত রসগ্রন্থ স্পর্শ কর্বার প্রয়াস ক'রেছিলেন এবং পরে "বিতাস্থন্দরে" (অবিতাস্থন্দরে।) অপ্রাক্ষত রুদরাজ স্বরাট্সুন্সরের সাহিত্যের অবৈধ অতুকরণ ক'রেছিলেন, তথন তাঁ'র সেই আদর্শ কিছুকাল পরে বিদেশ হ'তে পাশ্চাত্য-সভ্যতার আমদানীর সঙ্গে সঞ্জে অন্তান্ত ইতর-অভিলাষের ইন্ধন-সম্ভারের সহিত যক্ত হ'য়ে আরও বেড়ে উঠতে লাগলো। তখন রাইকারুর গান নিয়ে হাটে বাজারে ছিনিমিনি থেলার ব্যবস্থা হ'লো। জয়দেব, চণ্ডীদাস, বিভাপতি প্রভৃতির যে অপ্রাক্ত-রস-সাহিত্য - ছোট-হরিদাসের দণ্ডদাতা শ্রীমন্মহাপ্রভু সর্ব্বত্যাগের লীলাভিনয় ক'রে স্বরূপ-রামরায়ের ভায় জিতেন্দ্রিয়-শিরোমণিগণের সঙ্গে একান্তে সমগ্র জগৎ ভূলে', সম্বোগ-বাদের সমস্ত কথা পরিত্যাগ ক'রে, বিপ্রলম্ভ অধিরাত-মহাভাবে বিভাবিত হ'য়ে আখাদন কর্তেন, আজ সেই জিনিষ্টাকে তথাকথিত সাহিত্যিকগণ প্রাক্ত নগ্নারীর চিত্রের পার্শ্বে সর্ব্বসাধারণের পাঠা গ্রাম্যবার্তাবহের পণাদ্রবারূপে-বিলাসী কিলা সম্মোগ-মদমত্ত অন্তাভিলাষিগণের উপভোগ্য বস্তুরূপে পরিণ্ড কর্বার চেষ্টা ক'রছে। এতে সমাজের ভাবি-পরিণাম. ভাবি-পরিণাম কেন, প্রত্যক্ষ পরিণাম কি হ'বে ও হচ্ছে, সামাজিকগণের তা' চিন্তা কর্বার অবসর নেই!

ভাগবত-সাহিত্যে শ্রীরাধাপ্রমুখা-গোপাগণের নাম স্পষ্ট নাই কেন ?

মন্ত্রজন্তী ঋষিগণ সমাজের এই ভাবী পরিণাম দিবাচক্ষে দেখেছিলেন, তাই তাঁরা "নৈতৎ দমাচরেজ্জাতু মনদাপি খনীৰ রং" বাক্যের ম্য্যাদা-স্থাপন-কল্লে—"অতএব কহি কিছু করিঞা নিগৃঢ়। বুঝিবে রসিক ভক্ত না বুঝিবে মৃঢ়।।" "অনয়ারাধিতো নূনং" শ্লোকে কেবল অপ্রাকৃত রসিক ভক্তগণের জন্যই সাহিত্যের সর্বশ্রেষ্ঠা নায়িকার দেবা-শাহিত্যের ইঞ্চিত ক'রেছেন। স্বরাটম্বন্দরের সাহিত্যস্বরূপিণী বার্মভাননীর নাম ইতর-দাহিত্যে রতি থাকা কাল পর্যান্ত কখনই শ্রুতিগোচর হয় না—শ্রুতিগোচর হ'য়েছে মনে হ'লেও 'কাণের ভিতর দিয়া মরমে' প্রবেশ করে না। দে জনাই শ্রীরাধার নাম নৈমিষ-দাহিত্যে ব্যক্ত ক'রে বলা হয় নাই। শ্রীল জীবগোস্বামিপাদ সন্দর্ভে ব'লেছেন— "প্রথমং নামঃ প্রবণমন্তঃকরণশুদ্ধ্যধ্মপেক্ষাম। শুদ্ধে চাস্তঃকরণে রূপ-শ্রবণেন ততুদর্যোগ্যতা ভবতি। সম্যগুদিতে চ রূপে গুণানাং স্ফুরণং সম্পদ্যেত, সম্পন্নে চ গুণানাং স্ফুরণে পরিকরবৈশিষ্ট্রেন তবৈশিষ্ট্রাং সম্পদ্যতে।" অর্থাৎ প্রথমে

ভগবলাম শ্রবণের দারা অন্তঃকরণের অনর্থমল বিশ্বদ্ধির অপেক্ষা আছে, অন্ত:করণ বিশুদ্ধ হ'লে ভগবানের রূপ-শ্রবণের দারা অনর্থনির্ম্মুক্ত মানসমুকুরে ভগবদ্রপের ক্রি হ'মে থাকে। ভগবজ্ঞপ সমাগ্রূপে ফুর্ত্তিপ্রাপ্ত হ'লে তা' গুণরূপে ব্যক্ত হয়, আর গুণ সম্যগ্রূপে স্ফুর্তিপ্রাপ্ত হ'লে তৎপরে পরিকরবৈশিষ্ট্য ফুর্ত্তি প্রাপ্ত হয় ভার্থাৎ পরিকরবৈশিষ্ট্যের কথা বৈষ্ণব-জগজের—স্থায়িভাব-জগতের চরম কথা ব'লে তা' ভজনের পরিপ্রাবস্থায় স্ফুর্ত্তিপ্রাপ্ত হ'য়ে থাকে। শ্রীমতী রাধিকা—নিখিল-পরিকরশিরোমণি, স্থতরাং যে বস্তু ভজনের শেষ-দীমা---স্বতঃস্ফুর্ত্তির বিষয়, দেই গুহুতম বস্তুটীর কথা সর্বনাধারণের নিকট প্রথম-মুখে খুলে' বলা হয় নাই; কেবল তাঁর ক্লফ্ড-সেবা-শোভা-বর্ণনমুখে তাঁর নামের ইঙ্গিত করা হ'রেছে। তাঁ'র রূপ-গুণ-লীনা-পরিকরবৈশিষ্ঠ্য নৈমিষারণাের জ্ঞান-কর্ম-যোগ মিশ্র বিভিন্ন ঋষির নিকট স্পষ্ট ক'রে খুলে' বলা হয় নাই; তবে সেই দাহিত্য-সভায় যে দকল রসিক-ভক্ত ছিলেন, তাঁরা সেই গূঢ়কথা বুঝ্তে পেরেছিলেন। "অরসিকেয়ু রসস্য নিবেদনম্" প্রয়োজনীয় নছে, তা'তে অগজ্ঞাল উপস্থিত হয়। ভলনবাজ্যের দার হ'তে বহুদুরে বিক্ষিপ্ত স্বৈর-সম্ভোগ-বাদে বিমোহিত-মতি হবার অধিকার-বিচারে অনভিজ্ঞ কোনও প্রাক্বত শাক্তেয়-মতবাদ-সাহিত্যিক ব'লেছেন,—"প্রীমতী রাধা প্রথমতঃ

ব্রহ্মবৈবর্ত্তপুরাণ ও আর কএকখানি সংস্কৃত গ্রন্থ আশ্রর করিয়া শুভদিনে আর্যাবর্ত্তের দেব-মন্দিরে প্রবেশ লাভ করিয়াছিলেন। চিরশ্রদ্ধের দেবদেশীগণ প্রকৃতির এই আবরণ হীনা নগ্ধ-সৌন্দর্যামগীর অন্তরালে পড়িয়া গেলেন। সদ্যূত্ত অনাদ্রাত মালতী পুষ্পের ক্রায় এই দেবীকে পাইয়া কবি ও ভক্তগণ আনন্দিত হইল; চিরারাধ্যা ছর্মা ও কালীর উদ্দেশে বাহত পুষ্পমালা রাধিকার কণ্ঠে দোলাইয়া দিল!"

অহাে! বঙ্গমাতার ললাট নৌভাগ্য-দিন্দুর-তিলকে উজ্জন হ'লেও আমাদের ক্রায় একুতিপ্রমত্ত কুলাঙ্গারকে কোনে ধারণ ক'রে তাঁর সৌভাগ্যতিলক আজ বিলুপ্ত। একমাত্র যে গৌড়দেশের মহাভাগ্যে একবার মাত্র গোলোকের সাহিত্য-জয় শ্রী ভূলোকে রূপগ্রহণ ক'রেছিলেন-একবার মাত্র নিখিলদীমন্তিনীকুলমণি সর্ব্ধকাস্তাগণের অংশিনী कुक्क कांगरक नित वन जिन गती, नर्स शृज्या, नर्स शानिका, সর্বাজগতের মাতা, সর্বালন্ধী, সর্বাকান্তি, পরম দেবতা এই বাংলার ভাগ্যে স্বরাটের দেবা-সাহিত্য প্রকাশ ক'রেছিলেন. নেই স্বরূপশক্তিকে—নিথিল-জগদারাধ্যা কালী-ছুর্গা-প্রভৃতি ছায়াশক্তির আকররূপা নিত্য-স্বরূপশক্তিকে প্রকৃতির বঞ্চনায় বিমোহিত হ'য়ে আমরা আমাদের ঔলুক্য-ধর্মের পরিচয় দিতে বাধ্য হ'য়েছি ! এই জন্মই বুঝি বৌধায়ন ঋষি একদিন ব'লে-ছিলেন,—'যে ব্ৰাহ্মণ বঙ্গ এবং কলিন্ধ প্ৰদেশে পদাৰ্পণ কর্বেন, তাঁ'কে স্তোম-যজ্ঞের দারা প্রায়শ্চিত্ত করতে

হবে'! নতুবা যে দেশের ধূলিকণা প্রেমের ঠাকুরের পাদপদ্ম-পরাগে রঞ্জিত—যে দেশের প্রতি রেণুপরমাণু প্রেমময়ের পরিকরবৈশিষ্ট্যের পাদপদ্মপরাগ চুম্বন ক'রে বৈকুঠের দৌভাগ্যকেও স্বল্প মেনেছিল—যে গৌড়মণ্ডল-ভূমি গোড়ীয়-সাহিত্যিকগণের নিকট চিন্তামণিস্থরপা, সেই গৌডদেশে অপ্রাক্বত প্রেমের প্রদর্শনী আবিষ্কৃত হ'বার পরও স্বরূপ-রূপ-সনাতনের মত-ব্যাসাবতার বুন্দাবন-ক্বিরাজের মত-কবিকর্ণপুর-ঠাকুর নরোত্তমের মত-বিশ্বনাথ-বল-দেবের মত সাহিত্যিক-শিরোমণিগণের আবির্ভাবের পরও কেন এই নদীয়ার বক্ষেই ভারতচন্দ্রের অনুদামন্ত্রে, বিদ্যাস্থন্দরে, রৈবতক পর্বতে রাম-রমণীগণের গ্রতি দিবিদের অবৈধ ব্যবহারের ভাষ সর্ব্বদাহিত্যের নায়িকা-শিরোমণির প্রতি অবৈধ মুখভঙ্গীর দৃষিত বীজাণু সংক্রামিত হ'লো-আজ আবার কেনই বা সেই সংক্রামক বীজাণু পরিবর্দ্ধিত হ'য়ে প্রকৃতি-পাগল-সাহিত্যিকগণের প্রলাপ-ব্যাধি উত্তরোত্তর বিশ্ব-বায়ু দৃষিত ক'রে দিল! অথবা এতে আর আশ্চর্যা কি? গোডীয়-সাহিত্যিকবর পর্বেই ত' এর কারণ নির্দেশ ক'রে গিয়েছেন,—

> হৃদয়ে ধরয়ে যে চৈত্ত নিত্যানন্দ। এ সব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ॥ এ সব সিদ্ধান্ত হয় আত্রের পল্লব। ভক্তগণ কোকিলের সর্বদা বল্লভ॥

অভক্ত উদ্ভেবির ইথে না হয় প্রবেশ। তবে চিত্তে হয় মোর আনন্দ বিশেষ॥ গোডীয়-সাহিত্যের বৈশিষ্ট্য

বিশ্ব-সাহিত্য হ'তে গৌড়ীয়-বৈষ্ণব-সাহিত্যের বৈশিষ্ট্য এই সাহিত্য-সৌধের ভিত্তি-সংস্থাপন-কালেই প্রকাশিত হ'য়েছে। প্রীল জীব গোস্বামী প্রভু যেদিন প্রীহরিনামামৃত ব্যাকরণের মঙ্গলাচরণ ক'রেছেন, সেইদিনই সে-কথা ফ্রম্পষ্টভাবে সাহিত্যিক-সমাজে ব্যক্ত ক'রেছেন।

সাহিত্য জীবের উপভোগ্য নয়, সাহিত্য-স্থলরী—
ক্ষমবোষিৎ। সাহিত্যের ভোজা—স্বাদ্বতীয়-ভোগ-পুরলর
ক্ষম। গোড়ীয়গণের ভজন-প্রণালী আরু কিছুই নয়,
নেটী কেবল গোড়ীয়-সাহিত্যিকগণের আতুগত্য স্বীকার
ক'রে সাহিত্যের সেবা। গোড়ীয়-সাহিত্যের মূল মন্ত্রই—

"আত্মেন্দ্রিয়-প্রীতিবাঞ্ছা তারে বলি কাম। ক্লফেন্দ্রিয়-প্রীতি-ইচ্চা ধরে প্রেম নাম॥"

আমরা অপ্রাকৃত সাহিত্য-দেবিগণের অন্থগত হ'রে সেই সাহিত্যের সেবামাত্র কর্তে পারি—ক্ষঞ্চের সঙ্গে সাহিত্যের মিলন করানই আমাদের সাধন ও সাধ্য। ক্ষফ হ'তে সাহিত্যকে বিচ্ছিন্ন ক'রে তাঁ'কে নির্বিশেষ করার হর্ব দ্বি বাক্ষণভোগ্য-সাহিত্যে ভোগ্যবৃদ্ধি—হুটোই সাহিত্যের সঙ্গে বিজোহ বা বিছেষ। এই সাহিত্য-সেবাই—গৌড়ীয়ের ভলন-পূজন। মহাপ্রভু তাঁ'র শিক্ষাইকে সমগ্র জীবকে

ভোগবৃদ্ধিমূলা সাহিত্য দেবা পরিত্যাগ ক'রে গৌড়ীয়-সাহিত্যের সেবা শিক্ষা দিয়েছেন। ভোগবৃদ্ধি-প্রস্থৃত অগ্রেড়ীয়-সাহিত্য মামুষকে কনক-কামনা, কামিনী-কামনা, কখনও বা কীর্ত্তি-কামনার দাস ক'রে দেয়-কখনও সাহিত্য-দর্পণ কথনও বা পাণিনি কিম্বা জৈমিনী-কথিত স্ফোটবাদের আলোচনা করতে গিয়ে মানুষকে রাহিত্যই শেষ প্রাপ্য ব'লে ধারণা করিয়ে দেয় : কিন্তু এ সকল—'দাহিত্য'- চর্চার অপব্যবহার বা বিপরীত প্রথানুদর্ণ। 'দাহিত্য' এক্মাত্র ভাগবতধর্ম-প্রতিপাদ্য অহৈতুকী ক্লফভক্তি। তাই সাহিত্য-সরস্বতীপতি গৌরস্থন্দর সাহিত্য-বধূজীবন শ্রীনামের সেবা শিক্ষা দিয়েছেন। প্রীনামে দকল সাহিত্যই আছে। তাতে শন্ধ-সাহিত্য, রূপ-সাহিত্য, গুণসাহিত্য, লীলা-সাহিত্য, পরিকর-সাহিত্যের পূর্ণ সম্পুট নিহিত। আমাদিগকে শিক্ষা দিয়ে ব'লেছেন,—আমি দে সাহিত্য চাই না—ষে সাহিত্য মানুষকে কেবল স্থলরী কবিতা, ধন, জন, প্রতিষ্ঠা বা মুক্তিপিগাসার বঞ্চনাময় মাকাল-ফলগুলি দিয়ে ভূলিয়ে দেয়, আমি চাই—নিগমকল্পতকর গলিতফলের সাহিত্য-জন্মে জন্মে যেন সেই সাহিত্যের সেবাই আমার জীবনের ত্রত হয়-সকল সাধনার সার ব'লে জ্ঞান হয়। মানুষ বাস্তব-দাহিত্যের বিক্বত ক্ষুদ্র ক্ষুদ্র ছায়া নিয়ে ভলে' রয়েছে। বাস্তব-দাহিত্য দেবা--একমাত্র গোপীর কৈক্কৰ্য্য---

'"ন ধনং ন জনং ন স্থান্দরীং কবিতাং বা জগদীশ কামায়ে।
মম জন্মনি জন্মনীশ্বরে ভবতান্তক্তিরহৈতুকী স্বয়ে॥"

গৌড়ীয়-সাহিত্যই—সার্বভৌম-সাহিত্য

গোডীয়-বৈঞ্চব-সাহিত্য যথন পূৰ্ণতম সাহিত্য-নায়ককে আশ্রম ক'রে প্রকাশিত, তখন গৌড়ীয়-দাহিত্যের ভাণ্ডারও পূর্ণতম। গৌড়ীয়-সাহিত্য-ভাগুরে কোন বস্তুর অভাব तिहै। वाक्रित्रण, इन्हः, निक्क, अनक्षात्, नाष्ट्रक, कावा, মহাকাব্য, চম্পু, বিরুদ, চরিত্র, ঐতিহ্য, কড়চা, কারিকা জ্যোতিষ, ভাষ, বেদান্ত, স্মৃতি, পদ্ধতি, ন্তব, কথা, গল্প, পাঁচালি, পত্র, পুরাণ, বিজ্ঞান, শিল্প, রুগ, রাগ, রাগিনী, বাল্প, তত্ত্ব, দর্শন, সিদ্ধান্ত, ভাষ্য, ভাষা, গদ্য, পত্ত, অনুবাদ, সন্দর্ভ, ম্ব্র, সংচিতা, তাপনী, পঞ্জাত, পদ, সঙ্গীত, কীর্ত্তন, উপাখ্যান, উপন্যাদ, নবজাদ,—দকল জিনিষই গৌড়ীয়-সাহিত্য-ভাতারে সাহিত্য-নায়কের সেবাসামগ্রীরূপে বিরাজিত রয়েছে। কাজেই আমরা গোডীয়-সাহিত্যকে সার্বভোম-সাহিত্য ব'লে ঘোষগ্রা করতে পারি। এই সার্বভৌম-সাহিত্য নিখিল চেতন-জগতকে সাহিত্য-সাধনার সর্ববিধ সাধ্যবস্ত দান করতে পারে ব'লে গোড়ীয়-সাহিত্যকৈই একমাত্র সার্বজনীন-সাহিত্য বলা যায়।

গোড়ীয়-ব্যাকরণ

শ্রীল জীব-গোস্বামিপাদের 'হরিনামামৃত ব্যাকরণ'— সাহিত্য বিশ্বের এক অভিনব মহা-আলোকস্তম্ভ। সর্বেশ্বর- সন্ধি, বিষ্ণুগন-সন্ধি, পুরুষোত্তম-লিঙ্গ, লক্ষ্মীলিঙ্গ, ব্রহ্মলিঙ্গ, গ্রামরাম সমাস, রঞ্চ-পুরুষ সমাস, রামরুষ্ণ সমাস, ব্রিরামী তদ্ধিত প্রভৃতি পাণিনীয় ক্ষোটবাদকে অতিক্রম ক'রে এক অতীক্রিয় ক্ষোটবাদের বা ক্ষোট-সাহিত্যের থনি আবিদ্ধার ক'রেছে। শ্রীল জীব-পাদের স্থত্ত-মালিকা, "ধাতৃ-সংগ্রহ" প্রভৃতি ব্যাকরণ-বিষয়ক গ্রন্থ, শ্রীগোরস্থলরের অধ্যাপক-লীলার "ধাতৃ-সংজ্ঞা রুষ্ণ-শক্তি বল্লভ সবার।" "স্ত্রুত্তি টীকা যে বাথানে রুষ্ণ মাত্র॥" বাকোরই দীপ্তিমান-বিগ্রহ। শ্রীপাদ বলদেব বিভাভূষণ প্রভূর 'ব্যাকরণকোমুদী'ও গৌড়ীয়-ব্যাকরণ-সাহিত্য-ভাগুারের মহামণি। আমরা প্রতিত্বর ঈশ্বরচক্র বিভাসাগর মহাশয়ের ব্যাকরণ-কোমুদীর নামই সকলে শুনেছি, কিন্তু তা'রও বহু পূর্বের্বি আমাদের এই গৌড়ীয়-বৈষ্ণবাচার্য্য 'ব্যাকরণ-কোমুদী' নামে একটী বৈষ্ণবন্ধনপাঠ্য ব্যাকরণ রচনা ক'রেছিলেন।

একমাত্র গোড়ীয়-সাহিত্যিক—একমাত্র গোড়ীয়-বৈয়া-করণই স্পদ্ধা ক'রে—বিশ্ব-বৈয়াকরণ-সমাজকে প্রতি-দ্বন্দিতার্থ আহ্বান ক'রে বল্তে পারেন,—

"ধাতু-দংজ্ঞা ক্বঞ্চশক্তি বল্লভ দবার।
দেখি ইহা দৃষুক আছয়ে শক্তি কা'র॥
ভ্রমবশে অধ্যাপক, না বুঝয়ে ইহা।
হয় নয় ভাই দব বুঝ মন দিয়া॥

*

'আমি যে বাথানি স্ত্র করিয়া খণ্ডন। নবদ্বীপে তাহা স্থাপিবেক কোন্ জন॥' নগরে বদিয়া এই পড়াইমু গিয়া। দেখি কা'র শক্তি আছে দুযুক আদিয়া॥''

গোড়ীয়-নিরুক্ত

আমরা নিরুক্তকার যাঙ্কের নাম খুব শুন্তে পাই, কিন্ত গৌড়ীয়-বৈষ্ণব-নিরুক্তকারগণ যেরূপ পঞ্চপ্রকার নিরুক্ত, পদভঞ্জন প্রভৃতির উদাহরণ দেখিয়েছেন, তা' নিরুক্তশাস্ত্রে বুগান্তর আনয়ন ক'রেছে। শ্রীল জীব-গোস্বামিপাদ সন্দর্ভে খাথেদের প্রথম মণ্ডলের ১৫৬ স্থক্তের তৃতীয় খাক ও বহু বেদমন্ত্র এবং শ্রীরূপ দনাতন, শ্রীচক্রবন্ত্রী, শ্রীল বলদেব বিছাভূষণ, ঠাকুর ভক্তিবিনোন, ওঁ বিষ্ণুপাদ খ্রীল ভক্তি-সিদ্ধান্ত সরম্বতী গোস্বামী প্রভুগাদ প্রভৃতি বেদের বিভিন্ন মন্ত্র ব্যাখ্যাকালে গৌড়ীয়-নিক্ক্ত-সম্পুট হ'তে যে মহামণি সকল আবিষ্কার ক'রেছেন, তা' দেখুলে আশ্চর্যান্তিত হ'তে হয়-প্রত্যক্ষ উপলব্ধি হয়, নিরুক্ত-দেবতা প্রমাক্ষরাক্ষতি পরব্রহ্ম স্বয়ংই দেই দকল বৈদিক পদের পদভঞ্জন ক'রেছেন। এমন নৈপুণ্যের সহিত বর্ণাগম, বর্ণ-বিপর্যায়, বর্ণ-বিকার, বর্ণ-লোপ, যোগ প্রভৃতির দাধন একমাত্র নিরুক্ত-দেবতা পর্মাক্ষরাক্ষতি দিব্য-নামধেরের অব্যভিচারি উপাসক গৌড়ীয়-সাহিত্যিকগণের দ্বারাই সম্ভব। আমাদের পূর্বাগুরু শ্রীসাননতীর্থ, শ্রীন্তমতীর্থ প্রভৃতিও নিক্ত-সাহিত্যের ভাণ্ডারে প্রচুর সম্পত্তি দান ক'রেছেন। স্থতরাং গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্যে যে নিরুক্ত-সম্পৎ আছে, তা'—অতুলনীয়।

গোড়ীয়-ছন্দঃ

ছান্দ্যোগোপনিষদের মন্ত্র উদ্ধার ক'রে সায়ন বলেছেন,—"অপমৃত্যুং বারয়িতুমাচ্ছাদয়তীতি ছন্দঃ।' অপমুত্য বারণ কর্বার জন্ম যে আচ্ছাদন করে, তা'কে 'ছন্দঃ' বলা যায়। ঋক্-সান্নন-ভাস্ত-ভূমিকায় ছন্দের আরও সংজ্ঞা দেখতে পাওয়া যায়—"পুরুষস্ত পাপদম্বন্ধং বারয়িতু-মাচ্ছাদকত্বাচ্ছন্দ ইত্যুচ্যতে। তচ্চারণ্যকাণ্ডে সমান্নায়তে।" "ছানয়ন্তি হ বা এনং ছন্দাংসি পাপাৎ কর্ম্মণঃ।" পাপ-সম্বন্ধ নিবারণ কর্বার জন্ত যে পুরুষকে আচ্ছাদন করে, তা'কে ছন্দঃ বলে। মহার্ষ পাণিনি 'চদি' ধাতুর উত্তর 'অস্ত্রন্' প্রত্যয় 'ক'রে 'ছন্দন্' এই শন্দটী দিদ্ধ ক'রেছেন। (চলেরানেশ্চ ছঃ। উণ্ ৪।২১৮)। ত। হ'লে "ছলয়তি আহলাদয়তি''—এই ব্যাকরণ-ব্যুৎপত্তিগত অর্থান্সপারে—যা' আহ্লাদ জন্মায় বা আমাদিগকে আহ্লাদিত করে, তা'রই নাম 'ছলঃ'। গৌড়ীয়-সাহিত্যের ছলঃ—সাক্ষাৎ-ছলঃস্বরূপিণী হলাদ-দেবতা। ছন্দো-নায়ক পরমান-দপূর্ণামৃতাব্ধি নন্দনন্দন—

"কৃষ্ণকে আহ্লাদে তা'তে নাম—আহ্লাদিনী।

ভক্তগণে স্থগ দিতে হলাদিনী কারণ।

রাধিকা হয়েন রুঞ্জের প্রাণয়-বিকার। স্বরূপশক্তি—"হ্লাদিনী" নাম বাঁহার॥ হ্লাদিনী করায় রুঞ্চে আনন্দ-আস্বাদন। হ্লাদিনীর দ্বারা করে ভক্তের পোষণ॥"

গোড়ীয়-দাহিত্য এই হলাদময়ী ছন্দোদেবতার আরাধনাই সাধাদার, স্থতরাং গোড়ীয়-সাহিত্যে যে ছন্দের বৈচিত্র্য ও নবনবায়মানতা রয়েছে, এরূপ আর কোথায়ও নেই। গৌডীয়-সাহিত্যের ছলঃ ছলোদেবতার—ছলো-নায়কের বন্দনা ছাড়া আর কোন প্রকার ব্যভিচার-বুত্তি অবলম্বন করে না। বৈদিক ও লৌকিক উভয়প্রকার ছন্দই গোডীয়-সাহিত্যে ব্রজনবযুবছন্দের চরণারবিন্দ বন্দনা ক'রছেন। বাংলার গৌডীয়-বৈঞ্চব-সাহিত্যই সর্ব্বাত্যে গৌডীয়-ছন্দঃ বিস্তার ক'রেছেন। চণ্ডীদাস, বিভাপতি, গুণরাজ খান, ব্যাসাবতার ঠাকুর বুন্দাবন, শ্রীল কবিরাঙ্ক প্রভৃতি গৌড়ীয়-ছন্দোদেবতার পূজা প্রচার ক'রেছেন। মহর্ষি পিঙ্গল যে সকল ছন্দের কথা জানেন না. ছন্দোদেবতার উপাসক গোড়ীয়-সাহিত্যিক-গণ দে সকল ছন্দের সৌরভস্রাবি-গন্ধ ছন্দোদেবতার আরতি-মুথে বিস্তার ক'রেছেন। গৌড়ীয়-বৈষ্ণব-দাহিত্যিকের "ছন্দঃকৌস্কভ" গোডীয়-ছন্দোজগতের কীর্ত্তিস্তন্ত। জয়দেবের কোমলকান্তপদাবলীতে, রামরায়ের নাটকগীতে, শ্রীরূপের প্রভাবলীতে, সনাতনের ভাগবতামূতে, ক্বিকর্ণপূরের নাটকে ও মহাকাব্যে, প্রীদাস গোস্বামী প্রভুর স্তবাবলীতে, করিরাজের (भोतरगाविक्सनौनां मृत्व य मकन इत्कामाधूती ও इत्काविनाम আবিষ্ণত হ'য়েছে, তা'র তুলনা জগতে মিলে না। গৌড়ীয়-সাহিত্যিকগণের 'তোটক', 'ভুজঙ্গপ্রয়াত', 'মন্দাকিনী', 'কুমুমবিচিত্রা', 'তড়িদ্গতি', 'মনোরমা', 'ভুজঙ্গসঙ্গতা', 'বাদন্তী', 'শশীকলা', 'নান্দীমুখী', 'মপরাজিতা', 'চক্সিকা', 'মালতী', 'মণিমালা', 'চিত্রা', 'বাণিনী', 'চিত্রলেখা', প্রভৃতি ছন্দঃ স্থলাদময়ী ছন্দো-দেবতা ব্যভাতন দিনীর কৃষ্ণ সেবাময় এক একটা আভরণ। গোড়ীয় ছন্দের 'মদিরা', 'সর্ফী', 'শোভা' প্রভৃতি ছনঃ সতা সতাই রসিকশেখরের হলাদ বর্দ্ধন ক'রে ভক্তমোদ বিস্তার ক'রে থাকে। গৌড়ীয়-সাহিত্যে যে 'লীলা-থেল', 'বিপিনভিল্ক', 'তুনক', 'প্রবর্ললিত', 'অনঙ্গশেথর', 'মন্তমাতঙ্গ', প্রভৃতি ছন্দের উদাহবণ রয়েছে, তার তুলনা প্রাক্বত কবির ছন্দে কোথাও হ'তে পারে না। এই গোডীয় ছন্দের কথা বলতে গেলেই একটা বিরাট্ গ্রন্থ রচিত হ'য়ে থেতে পারে। আমাদের সময় সংক্ষেপ, তাই অপ্রাক্ত-সাহিত্যমোদিগণের সাম্নে গৌড়ীয়-কবিগণের কএকটীমাত্র ছলের উদাহরণ উদ্ধার কর্ছি। ছলের যা' অর্থ-ছলের যা' তাৎপর্যা, তা' একমাত্র গোড়ীয়-দাহিত্যিকগণের ছন্দেই ধোলকলায় প্রস্ফুটিত। শ্রীরূপ তাঁর কত বিচিত্র ছন্দে সাক্ষাৎ হলাদময়ী ছন্দো-দেবতার সঙ্গে ছন্দো-নায়কের মিলন করিয়ে অপ্রাক্ত-ছন্দোমোদিগণের আনন্দ-নোদ বৃদ্ধি ক'রেছেন। গ্রীরূপের একটা তোটকছন্দের উদাহরণ শ্রবণ করুন—

আরমুজ্জলরন্ ব্রজভূসরণীং
রময়ন্ ক্রমনৈমু ছি ভিধরণী ম্।
অজিরে মিলিতঃ কলিতপ্রমদে
হরিক্তিজনে তদপি প্রমদে॥

শ্রীরূপপাদের ভূত্তক্ষপ্রায়াত ছন্দের একটা উদাহরণ ক্রপাফুগগণের অনুগত হ'য়ে আস্বাদন করুন—

তুক্লস্ত লক্ষ্মীং সমস্তাদ্বিশালামসৌ বীক্ষ্য পীতস্ত তে মন্নীমালা।
লুঠস্তী কুচোন্তাদি কাশ্মীরপঙ্কে
নিজং পীত্যক্ষং চকারাত্য শক্ষে ।

শ্রীরূপের দাক্ষর চিত্রকবিত্বে ছন্দোনায়কের সেবার অনুগমন করুন —

রদাদারস্থদারোকরস্থরারিঃ দদারদ:।
সংদারাদিরদৌ রাদে স্থরিবংস্থঃ দদার দ:॥
ধরে ধরাধরধরং ধারাধরধুরাক্ষি।
ধীরধীরাররাধাধিরোধং রাধাধুরং ধরম্॥

এক কর-

নিহুরানোননং হুনং নাহুনোরাননোহুনীঃ। নানেনানাং নিহুরেনং নানৌরানা ননোনহ ॥

চক্ৰবন্ধ—

গন্ধাকৃষ্ট গুরুন্মদালিনি বনে হার প্রভাতিপ্র্তং সংপ্রকন্তম্পস্কভাধবনি যমীবীচিশ্রিয়ো রঞ্জকম্। সগ্রস্কাজিতবিভ্রমং স্থানিভূতে শীতানিলৈঃ সৌধাদে দেবং নাগভূজং সদা রসময়ং তং নৌমি কঞ্চিন্দ।

দর্পবন্ধ ---

রাদে সারক সজ্বাচিতনবনলিনপ্রায়বক্ষস্থলামা
বর্হালস্কারগার ক্ষুর্দনল মহারাগ চিত্রে জয়ায়।
গোপালো দাসবীথী ললিত্তিতত্ত্রবক্ষারহাসঃ স্থিরাত্মা
নব্যোজ্ঞ ক্ষণোপাশ্রিতবিত্তবলো বীক্ষা রঙ্গং বভাসে।
পদ্মবন্ধ —

কলবাক্যসদালোককলোদার্মিলাবক। ক্রণাদ্যাভুতানুককন্তভিন্তির বালক॥

এইরূপে গোমৃত্রিকাবন্ধ, মুরজবন্ধ, বৃহৎপদ্মবন্ধ—কত প্রকার চিত্র-কবিত্বময় ছন্দঃ শ্রীরূপের সাহিত্যে সাহিত্য-নায়কের আবতি ক'রেছেন।

শ্রীগোপালভট্ট গোস্বাঘিপাদের—

চূড়া-চুম্বিত-চার-চক্রক-চমৎকার-ব্রজ-ভ্রাজিতং দীবারাঞ্জু-মরন্দ-পঙ্কজ-মুখং জ্র-নৃত্যদিন্দিনরম্। রজ্যদ্বেণু-সুমূল-রোক-বিলদদ্বিশ্বাধরোষ্ঠং মহঃ শ্রীবৃন্দাবন-কুঞ্জ-কেলি-ললিতং রাধান্প্রিরং প্রীণয়ে॥

প্রীজয়দেব-কবির---

সাক্রানন্দপুরন্দরাদিদিবিযদ্বুইন্দরমন্দাদরা-দানহৈমু কুটেক্তনীলমণিভিঃ সন্দর্শিতেনীবরম্। স্বচ্ছন্দং মকরন্দস্থন্দরগলন্মন্দাকিনীমেছরং শ্রীগোবিন্দপদারবিন্দমগুভস্কনায় বন্দামহে॥

—কিরপ অপ্রাক্ত-ছন্দোনায়কের পদারবিন্দের মকরন্দ লুঠন ক'র্ছেন।

গৌড়ীয়ের অপ্রাক্ত কবিকুল-শিরোমণি সাহিত্যের দিতীয় সাক্রমৃর্তি শ্রীরূপপাদকে কেহ কেই প্রাক্ত কবিকুল-স্থাট্ কালিদাসের সঙ্গে তুলনা দিয়ে থাকেন। কিন্তু যারা শ্রীরূপের অপ্রাক্ত কবিন্তু-রসামৃতসিল্পুর একটা বিন্দু স্পর্শ কর্বার অধিকার লাভ কর্তে পেরেছেন—যা'রা নিরপেক্ষতার নিক্ষ পাথরে শ্রীরূপের কবিন্তু-কৌন্তুত্ত দেখ্তে জানেন, তাঁরাই বল্তে বাধ্য হ'বেন, ত্রিভুবনে এমন কোন প্রাক্ত কবি নাই—যিনি কবিন্তু-গৌরবে শ্রীরূপের পাছকার রেণুর সাম্নে দাঁড়াতে পারেন। শ্রীরূপের কথা দ্রে থাকুক, শ্রীরূপের পদরেণুর পরমাণ্-গণের যে অপ্রাকৃত সহজ্ঞ কবিন্তু আছে, সে কবিন্তু—সে সাহিত্য ত্রিভুবনে আর কোথায়ও নেই। তাই অপ্রাকৃত কবিকুলশিখামণি শ্রীল রঘুনাথ দাস গেইমামী প্রভু তাঁ'র ''মৃক্তাচরিত''-গ্রন্থের উপসংহারে ব'লেছেন,—

व्यानमान्छ नः मटेखितिनः याटि भूनः भूनः। শ্ৰীমজপদান্তোজধূলিঃ স্থাং জন্মজন্মনি॥

অধিক কি, স্বয়ং সনাতনপ্রভু বুহডাগবতামৃত গ্রন্থের প্রারম্ভে শ্রীরূপের বন্দনা ক'রেছেন। শ্রীল কবিরাজ গোস্বামী তার মহাগ্রন্থের প্রতিত পরিচ্ছেদে শ্রীরূপের নিকট কবিত্ব-শক্তি প্রার্থনা ক'রছেন। গৌড়ীয়-সাহিত্যিক-শিরোভূষণ ঠাকুর মহাশয় শ্রীরূপের চরণার্চ্চনারতি কীর্ন্তন ক'রেছেন,— ''গ্রীরূপমঞ্জরী-পদ. সেই মোর সম্পদ,

সেই মোর ভজন পূজন।

সেই মোর প্রাণধন সেই মোর আভরণ,

সেই মোর জীবনের জীবন॥

দেই মোর রসনিণি, সেই মোর বাঞ্ছাসিদ্<u>ি</u>

সেই সোর বেদের ধরম।

দেই ব্রত দেই তপ, সেই মোর মন্ত্র-জপ,

সেই মোর ধরম করম॥

অমুকুল হবে বিধি, সে পদে হইবে নিদ্ধি,

নির্থিব এ ছই নয়ানে।

নে রূপমাধুরীরাশি, প্রাণকুবলয় শশী,

প্রফুল্লির হবে নিশি দিনে॥

ত্য়া অদর্শন-অহি,

গরলে জারল দেহি,

চিবদিন তাপিত জীবন।

হাহা প্রভু! কর দয়া, দেহ মোরে পদছায়া,

নরোত্তম লইল শরণ॥"

গোড়ীয়-অলঙ্কার

গৌড়ীয়-দাহিতে যে অলঙ্কার-সম্পৎ র'য়েছে, তা' काठमणि नय, नकल शैतक नय, हुनी, शाबा, প্রবাল, कार्डिक-মাত্র নয়, দে অলঙ্কার "ভূষণের ভূষণ অঙ্গ' ভূবনমোহন নীলমণির বক্ষোবিভূষণ নিথিল-অলঙ্কারের সম্রাট অলঙ্কার-কৌস্তভ। "অলং ক্রিয়তেহনেন ইতি অলঙ্কার:।" গৌড়ীয়-সাহিত্য তা'র যে অলঙ্কার দিয়ে সাহিত্য-নায়কের সজ্জা রচনা করে, তা'তে 'অলং' অর্থাৎ যথেষ্ট হ'য়েছে ব'লে 'ইতি দে ওয়া'র কথা নেই। কারণ গোড়ীয়ের রাজ্য-অপ্রাকৃত। তা' প্রাকৃত-জগতের মত "ইতি-দেওয়ার" রাজ্য নয়, নেখানে 'অলং' নবনবায়মান, 'অলং'এর পরম্পরা প্রকাশিত ক'রেও 'ইতালম্' ব'লে উপদংহার কর্তে প্পারে না। গৌড়ীয়-সাহিত্যের রাজ্য—দেই নবনবায়মান 'খলং'এর রাজ্য; কাজেই গৌড়ীয়-সাহিত্যের অলঙ্কারের তুলনা চতুর্দশ-ব্রন্ধাণ্ডে, বিরজা-ব্রন্ধালোকে, এমন কি বৈকুঠে পর্য্যন্ত পাওয়া যায় না। গৌড়ীয়-দাহিত্যের অলঙ্কার কেবল শন্ধালঙ্কার, অর্থালঙ্কার নয়, সে অলঙ্কার ব্রজনব্যুবরাজের অঙ্কের এক একটা অমূল্য বিভূষণ। "ভূষণ-ভূষণাঙ্গ" ললিত ত্রিভঙ্গ যে অলম্ভার পরিধান করেন, সে অলকারের শোভা কোটি কোটি কলপের শোভাকে তিরস্কার করে। গৌডীয়-সাহিত্যের অলঙ্কার—বিষয়ালম্বনের আত্মবিত্মাপনকারী রপমাধুর্য্য ও আশ্রয়ালম্বনের অসমোর্দ্ধা দেবাদীমার গঙ্গা-

সাগর-সঙ্গম। গৌড়ীয়-দাহিত্যের রূপক-অলঙ্কার দৃষ্টাস্ত-অলম্বার, মালাদীপক-অলম্বার, আক্ষেপ-অলম্বার, বিভাবনা-বিশেষোক্তি-অলঙ্কার, স্বভাবোক্তি-অলঙ্কার, সহোক্তি-অলম্বার, বিনোক্তি-অলম্বার, পর্য্যায়োক্তি-অলম্বার, ভাবিক-অলম্বার, উত্তর-অলম্বার, অভ্যোগ্য-অলম্বার, সৃন্ধ-অলক্ষার, সার-অলক্ষার, সমাসোক্তি-অলক্ষার, শ্লেষ-অলক্ষার, সন্দেহালস্কার প্রভৃতি সাধারণ সাহিত্যের অলস্কার নয়, 'সাহিত্য-দর্পণ', 'কাব্যচন্ত্রিকা', 'সরস্বতী-কণ্ঠাভরণ' প্রভৃতি সাধারণ অল্কার-গ্রন্থের অল্কারমাত্র নয়, সেগুলি ঐ "ভূষণ-ভূষণাঙ্গ" আমন্ত্র্লবের পাদপ্রের কোনটা পাদচূড়, পাদকটক, কিছিনী; কোনটী বা মুদ্রিকা; কোনটী বা পদ্ম; কোনটী কটিলেশের কাঞ্চী, মেথলা, রসনা, কলাপ; কোনটী বা বাহুর কেয়ুর, পঞ্চকা, চূড়, বলয়, কন্ধণ; কোনটী বা মন্তকের ললামক, আপীড়; কোনটা বা হংসতিলক; কোনটা বা চূড়ামগুল, দগুক, লম্বন; কোনটা বা মুকুট; কোনটা বা কর্ণের কুগুল, কর্ণপুর, কর্ণিকা, কর্ণেন্দু, মুক্তাকণ্টক; কোনটী वा कर्छत नक्क क्रमाना, नीम-नचिमका, मानवक, अर्द्धशंत, স্রামর: কোনটা বা বক্ষঃস্থলের বন্ধুক ও পদক। অলঙ্কারগুলি—সকলই চেতন; এরা কথা কইতে পারে— মুহুর্ত্তমধ্যে কোটি কোটি সাহিত্য-গ্রন্থাগার রচনা কর্তে পারে—কোটি কোটি অপ্রাক্ত কবিকুলের কবিত্ব-মহামণির খনি আবিষার ক'রে দিতে পারে! স্বাবার উচ্ছেলনীল-

মণির অলঙ্কার এমন একটা জিনিয—যেখানে শিখিপিচ্ছ-মৌলির বনমালার একটা কিসলয় কৌল্পভ্রমণিকেও স্পর্দ্ধা করতে পারে। দেখানে ব্রজললনাগণের অঙ্গজ, অযত্মজ 🕏 স্বভাবজ বিংশতি প্রকার অনস্কার গৌডীয়-সাহিতে।র অসমোর্দ্ধ-মাধুরী বিস্তার করে। তাই গৌড়ীয়-সাহিত্যের অলঙ্কারের সঙ্গে জগতের কোন সাহিত্যের অলঙ্কারের তুলনা হ'তে পারে না। খ্রীল রূপপাদের 'উজ্জ্বল' ও 'নাটকচন্দ্রিকা', মহাকবি জয়দেবের 'চক্রালোক' নামক অলক্ষার-সংগ্রহ, শ্রীপাদ বলদেব বিষ্ঠাভূষণের 'দাহিত্য-কৌমুদা' প্রভৃতি গোড়ীয়-অলঙ্কার-দাহিত্য ত্রিজগতে অতুলনীয়। প্রীপাদ বলদেব বিভাভূষণ নাটকচাক্রকার টীকায়, খ্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর অলঙ্কারকৌস্তভের 'স্থবোধিনী' টীকায় যে সকল অপ্রাক্বত মহা-মরকত চয়ন ক'রেছেন, তা'তে গোডীয়-শাহিত্য-ভাণ্ডার বিশ্বের কেন, বৈক্ঠের সাহিত্য-প্রদর্শনীতে দর্বশ্রেষ্ঠ সেব্যের পাদপদ্ম-পদক পুরস্কার লাভের অপ্রতি-যোগী অধিকারী হ'য়েছে।

গোড়ীয়-নাটক

আমরা পূর্ব্বেই ব'লেভি, গৌড়ীয়-সাহিত্যের নায়ক গৌরস্থন্দরই সর্ব্বপ্রথনে গৌড়পুরে চলুনেগর আচার্য্যের মান্দরে বাংলার রঙ্গমঞ্চের ছার উদ্ঘাটন ক'রেছেন। যেদিন মান্দ্রে-পুরন্দর—

"আজি নৃত্য করিবাঙ অঙ্কের বন্ধানে।"

—বাণী ঘোষণা ক'র্লেন, সেদিন হ'তেই ত' গৌড়দেশে বঙ্গীয় দৃশু-কাব্যের অভিনয় আরম্ভ হ'লো। গৌড়ীয়-নাটকাভিনয়ের বৈশিষ্ট্যও নাট্য-নায়ক সঙ্গে সঙ্গে জানিয়ে দিয়েছিলেন,—

> "প্রকৃতি স্বরূপা নৃত্য হইবে আমার। দেখিতে যে জিতেন্দ্রিয়, তা'র অধিকার॥"

সর্বাক্র ক্রামনি নাট্য-নারক গৌগস্থনরের এই অপ্রাক্তত অভিনয়ের অনুসরণে ও অনুকরণেই বঙ্গদেশে নাট্য-কলার বিস্তার হ'য়েছে। বঙ্গদেশের যাত্রাগান প্রভৃতি গৌরস্থনরের এই অপ্রাক্ত অভিনয়েরই অবৈধ থণ্ড অনুকরণ।

নাটকের লক্ষণ-বর্ণনে সাহিত্য-দর্পণকার ব'লেছেন,—
নাটকং খ্যাতর্ত্তং স্যাৎ পঞ্চদদ্দিমন্থিত্য।
বিলাসন্ধ্যাদি-গুণবদ্যুক্তং নানাবিভৃতিভিঃ॥
স্থতঃখসমুভূতিনানারদনিরস্তরম্।
পঞ্চাদিকা দশপরাস্তত্রাক্ষাং পরিকীর্ত্তিতাঃ॥
প্রখ্যাতবংশো রাজ্বিধীরোদাতঃ প্রতাপবান্।
দিবোহ্থ দিব্যাদিব্যো বা গুণবারায়কো মতঃ॥
এক এব ভবেদঙ্গী শৃঙ্গারো বীর এব বা।
ভঙ্গমত্যে রসাঃ সর্ব্বে কার্যাং নির্ব্বেংশ্ভূতম॥

কোন প্রসিদ্ধ বৃত্তান্ত অর্থাৎ কোন প্রাণ কথা বা বৃহৎ-ফথা প্রস্তৃতি চিরমান্ত গ্রন্থের বৃত্তান্ত অবলম্বন ক'রে নাটক ফচিত হ'তে পারে। স্বকপোলকল্লিত বৃত্তান্ত হ'লে তা? 'নাটক'-পদবাচা হ'বে না। পঞ্চসন্ধিযুক্ত বিলাস, নানা প্রকার সম্পং, বছবিধ বিভূতি, স্থুও ও তঃও প্রভৃতি নান। প্রকার রসোৎপত্তি এবং পাঁচ হইতে দশটী পর্যন্ত অঙ্ক নাটকে থাক্বে। নাটকের নায়ক ধীরোদান্ত, প্রথাতবংশ, প্রতাপবান্ ও মহাপুরুষ হ'বেন। নাটকের প্রধান রসটা শৃসার বা বীর-রস হওয়া চাই। করুণ, হাস্থ বা শাস্ত প্রভৃতি রস প্রধান হ'লে ভা'কে 'নাটক' বলা যাবে না।

নাধারণ-নাট্যশাস্ত্র সাহিত্য-দর্শণে নাটকের যে লক্ষণ র'য়েছে, সেগুলি ধ'রে বিচার করলেও গৌড়ীয়-নাট্যসাহিত্যই দর্বনীর্ষস্থান অধিকার ক'র্বে। কেন না,
গৌড়ীয়ের নাট্য-নায়ক স্বয়ং নবকিশোর কটেবর, রাসরসতাগুরী, অখিলরসামৃত্যুর্ত্তি; আবার অথিলন্ত্যকলা-নায়ক
মহাপ্রণয়সাধু-সমৃত্র নটরাজ গৌরস্থলর। নাট্য-নায়কের
যত কিছু লক্ষণ আছে এবং সাহিত্যদর্পণকার যে সকল
সংগ্রহ কর্তে পারেন নি, সে সকলের সমাবেশ একমাত্রগৌড়ীয়-সাহিত্যের নায়ক শ্রামস্থলর ও গৌরস্থলরেই আছে।
উজ্জ্বনীল্মণি-কার প্রীক্রপণোস্বামী প্রভু নাট্য-নায়ক
নবকিশোর-নটবরের ও নাট্য-নায়িকা ব্রজ্ববালাগণের যে
সকল প্রকার-ভেদ বর্ণন ক'রেছেন, সাহিত্যদর্পণকার বা
নাট্যকলাবিৎ ভরতমুনিও তা' জানেন না। কারণ প্রপঞ্চেন্যরকারিকাগণের তুল্যরস পর্যান্ত হ'তে পারে, কিন্তু চিদ্-

রাজ্যে কান্তরস অপেক্ষাও কান্তা-রদের আধিক।। ডাই প্রাড়ীয়-কবিরাজ ব'লেছেন—

> "দোঁহার যে সমরস ভরত-মূনি মানে। আমার ব্রজের রস সেহ নাচি জানে॥"

অপ্রাক্ত রসিকশিরোমণি রামরায়ের নাটকগীতি গন্ধপতি প্রতাপক্ষদ্রের পৃষ্ঠপোষকতায় রচিত হ'য়ে একদিন নীলাচলে মহাপ্রভুর পরম প্রীতি উৎপাদন ক'রেছিল। সেই—

মৃত্তর-মাক্ষত-বেল্লিড-পল্লবল্লী-বলিড-শিখণ্ডম্।
তিলকবিড়স্থিত-মরকতমণিতগবিন্ধিত-শশধরথণ্ডম্ ॥
থেলাদোলায়িতমণিকুণ্ডল-ক্রচিক্রিরাননশোভম্।
হেলাতরলিত মধুরবিলোচনজনিতবধৃজনলোভম্॥
গজপতিক্জ-নরাধিপ-চেতসি-জনয়তুমুদক্ষবারম্।
রামানন্দরায়-কবিভণিতং মধুরিপুর্প্রপ্র্দারম্॥

—প্রভৃতি সঙ্গীত-নাটক-সাহিত্যের মহামরকতমণি। নাটানারক গৌরস্থলরেরই বিপ্রেলস্ত-লীলা-বিনোদকালে প্রীক্ষপের
ললিতমাধব, বিদগ্ধমাধব নাটকব্য় প্রকাশিত হ'য়েছিল।
প্রীক্ষপের এই নাটক ছুটী নীলাচলে রামাননের সঙ্গে প্রবণ
ক'রে একদিন প্রীক্ষপের সম্বন্ধে স্বয়ং গোড়ীয়-নাট্যনায়ক
ব'লেছিলেন—

মধুর প্রসঙ্গ ইহার কাব্য দালঙ্কার। এছে কবিত্ব বিনা নহে রসের প্রচার॥ রস শিক্ষাপ্তরু রামরায় শ্রীরূপের কবিছের প্রশংসা ক'রে ব'লেছিলেন,—

কবিত্ব না হয় এই জমুতের ধার।
নাটক-লক্ষণ সব সিদ্ধান্তের সার॥
প্রেম-পরিপাটা এই জদ্ভুত বর্ণন।
ভানি' চিত্ত-কর্ণের হয় আনন্দ-ঘূর্ণন॥
কিং কাব্যেন ক্রেন্ডস্য কিং কাণ্ডেন ধরুত্মতঃ।
পরস্য হৃদ্যে লগ্নং ন ঘূর্ণয়তি যদ্ভিরঃ॥

অপরের হারয়লগ্ন হ'লে যদি তা'র মস্তকই চঞ্চল না কর্তে পারে, তা' হ'লে কবির কাব্যে বা ধারুকীর ধন্তুতে কি প্রয়োজন ?

শ্রীরূপের অপ্রাক্তত কাব্য মহাভাব-গ্রন্তীর মহাত্মভবগণের স্থান্দরলগ্ন হ'য়ে তাঁ'দিগকে পর্যন্ত ভাবচঞ্চল ক'রে দের।

দাহিত্যের বিজয়-স্তম্ভ। জগতে যে সকল নাট্যকলার প্রচার আছে, সকলগুলিই নানাথিক মান্ন্রয়কে ইন্দ্রিয়তর্পনের বধ্যভূমিতে টেনে এনে হরিবৈমুখ্যের যুপকাঠে বলি দেয়; কিন্তু কবিকর্ণপূরের চৈত্তগুচন্দ্রোদ্র সত্যসত্যই মান্ত্র্যের চৈতন্য উদয় করায়। বাংলার ভাগ্যে এ সকল মহামরকত একদিন বিতরিত হ'লেও আমরা আমাদের ভাগ্যদোষে দরের জিনিষ ভাগে ক'রে বিদেশায়্ নকল কাচখণ্ড ধন-জন-জীবন-যৌবন দিয়ে ক্রয় কর্ছি। এ সকল নাট্য-

ভাণ্ডারে দিদ্ধান্ত-দঞ্জীবন-খনি নিহিত র'য়েছে। গ্রাম্য-কবি বা যদাত্বা-কবি চৈত্তভালীলা লিখ বার নাম ক'রে যে সকল অপসিদ্ধান্ত ও প্রাকৃত-সাহজিক-ভাব-বিভাবের আশ্রয় গ্রহণ ক'রে থাকে, তা'তে রূপামুগ অপ্রাকৃত কবিগণের কিম্বা কাব্য-নায়কের সম্ভোষ হয় না; তাই একদিন রূপাত্মগবর ঠাকুর ভক্তিবিনোদ বর্ত্তমান যুগের প্রথিতনামা কোন প্রাকৃত নাটক-লেথকের দারা যথন তাঁর চৈতন্ত-লীলা-নাটক শুন্বার জন্ত নিশেষভাবে আমন্ত্রিত ও অনুকল্ধ হ'য়েছিলেন, তখন লোকশিক্ষক ভক্তিবিনোদ কেবলমাত্র নাটকের নাম-শ্রবণে বঞ্চিত হবার আদর্শ না দেখিয়ে প্রাকৃত কবির সেই নাটকের অভিনয়ে কোন প্রকার সহাত্ত্ততি প্রকাশ করেন নি। কেবল নামমাত্র-সাম্যে অপ্রাক্তত্ব স্থাপিত হয় না ৷ সাহিত্য-সিদ্ধান্ত-সমাট স্বরূপ-গোস্বামী প্রভূ একথা আমাদিগকে জানিয়েছেন.—

'যদ্ধা-তদ্ধা' কবির বাক্যে হয় 'রসাভাদ'।

সিদ্ধান্তবিক্তদ্ধ শুনিতে না হয় উল্লাস ॥

'রদ', 'রসাভাদ' যার নাহিক বিচার।
ভক্তিসিদ্ধান্ত-সিন্ধু নাহি পায় পার॥

'ব্যাকরণ' নাহি জানে, না জানে 'অলক্ষার'।
'নাটকালক্ষার' জান নাহিক যাহার॥

ক্ষফণীলা বর্ণিতে না জানে সেই ছার। বিশেষে হুর্গম এই চৈতক্স-বিহার॥ ক্ষফণীলা, গৌরলীলা দে করে বর্ণন। গৌর-পাদপদ্ম যাঁর হয় প্রাণধন॥

গোড়ীয়-কাব্য

ক্ষেরে যাবতার মহা গুণের উত্তরাধিকারী ক্ষভক্তগণের মহাগুণ-বর্ণনে গোড়ীয়-কবিরাজ গোসামা প্রভু 'কবিত্ব'রূপ একটা গুণের নির্দেশ ক'রেছেন। ক্ষণ্ডক্তগণ স্বতঃসিদ্ধ কবি; কেননা তাঁ'রা বাবদ্ক ব্রজনবযুবরাজের নিত্য-উপাসক। বাবদ্কত্ব যে প্রকার কাব্য-নায়ক ক্ষণ্ডের নিত্য স্বভাব, কবিত্বও ভদ্ধেপ ক্ষণ্ডক্তের একটা স্বতঃসিদ্ধ-ধর্ম। প্রীরূপ—গোড়ীয়ের অপ্রাক্ত মহাকবিগুরু। প্রাকৃত কবি—প্রকৃতিসম্বদ্ধীয় বিশ্বরূপে গোলুপ, আর অপ্রাকৃত গোড়ীয়-মহাকবিগণ প্রেমাঞ্জনচ্ছুরিত ভক্তিলোচনে সপ্রণয়-বিকৃতি নন্দনন্দনের রূপ-সেবার মূর্ভবিগ্রহ।

কৰিকৰ্ণপূর ব'লেছেন,—"কৰিনাঙ্ নিৰ্ম্মিতিঃ কাব্য-মিতি"। "সবীজো চি কৰিজে দিঃ দ সৰ্বাগমকোনিদঃ। সরসপ্রতিভাশালী যদি ভাত্তমন্তনা"। যিনি—সবীজ, তিনিই—কৰি। কৰি—অলম্বানাদি বহু শাস্ত্রজ্ঞ, সরস ও প্রতিভাশালী। শ্রীগৌরগোপীজনবল্পতের সেবকগণে এই সবীজন্ব, অলক্বানাদি শাস্ত্র-নৈপুণ্য, সরসন্থ ও প্রতিভা চরমকাঠার বর্ত্তমান। এ সকল কথা আমরা "গৌড়ীয়-গৌরব"

শীর্ষক অভিভাষণে দিগদণন ক'রেছি। প্রাক্তন-সংস্কার-বিশেষই—'বীজ', যা' কাবোর রোহভূমি। যাঁরা অপ্রাক্ত সহজ, যারা নিত্য-ভগবংসেবায় অনুরাগবিশিষ্ট, তারাই সহজ স্বীজ-'স্বীজ' শব্দের ইহাই বিদ্বদর্কতি। অলম্বারাদি শাস্ত্র-নৈপুণ্য, সরসত্ব এবং নব নব উল্লেখশালিনী প্রজ্ঞাবা প্রতিভা তাঁ'দিগের মধ্যেই প্রচুর। শ্রীস্বরূপ-রূপে, রাম-রায়ে, যে দ্বীজত্ব, অলঙ্কার-নৈপুণা, সরস্ত্ব ও প্রতিভা আছে, তা'র উদাহরণ ত্রিজগতে দূরের কথা, ঐশ্বর্যাধাম বৈকুঠে পর্যাম্ভ নেই। প্রাকৃত কবিগণ—দতৃণাভাবহারী। বামনাচার্য্য যে তুহ প্রকার কবির কথা ব'লেছেন, তন্মধ্যে সতৃণাভ্যবহারী কবি জাঁ'রা—ঘাঁ'রা গবাদি পশুর মত তৃণের সঙ্গে অরাদি সকল বস্তুই মিশ্রিত ক'রে ভোজন করেন। অর্থাৎ প্রাক্ত কবিগণ প্রাক্তত ওঅপ্রাক্ত, মুড়ি ও মিছরি উভয়কে একাকার ক'রে ভোজনে রত হয়, আর অপ্রাকৃত কবিগণ ঐ প্রকার মিশ্র বা সদোষ সাধারণ কাব্যের, আস্বাদক ন'ন, তাঁ'রা 'বিশুদ্ধ অরোচকী' অর্থাৎ অন্তাভিলাষ, জ্ঞান, কর্ম, যোগাদি হ'তে সর্বাথা নির্মুক্ত, অবিমিশ্র, ক্লফেল্রিয়তর্পণপর কাব্যেই তাঁ'দের স্বাভাবিক কচি।

গৌড়ীয়-কবিগুরু কবিকর্ণপুর ব'লেছেন,—অপ্রাক্ত কবিগণ পরম স্থলক্ষণসম্পন্ন কাব্য-পুরুষেরই আরাধনা করেন। শব্দার্থ—কাব্যের শরীর, ধ্বনি—প্রাণ, রস— আত্মা, মাধুর্যাদি—গুণ, উপমা প্রস্তৃতি—অলক্ষার, নীতি— অঙ্গদোষ্ঠব। গোড়ীয়কবিগণ ঔদার্য্য ও মাধুর্য্য-রসের মূর্ত্তনারকের উপাসক; তাঁ'দের কাব্য — সেই রসমূর্ত্তির আরতি।
গোড়ীয়ের যেরপ শব্দার্থ-বৈচিত্র্য আছে, এরপ শব্দার্থ-বৈচিত্র্যে
অন্ত কোথায়ও নেই। এটা শুধু কথার কথা নয়, য়ে কেহ
গোড়ীয়ের শব্দ-বৈচিত্র্য-ভাগ্ডার আলোচনা ক'রে দেখ্তে
পারেন। গোড়ীয়ের য়াবতীয় শব্দ—পরমাক্ষরাক্তি শ্রীনাম
বা তাঁব প্রকাশমূর্ত্ত্তি। ক্ষোটবাদের বিব্দর্কাট্গত বিচার
একমাত্র গোড়ীয়-সাহিত্যেই আছে। গোড়ীয়-সাহিত্যের
শব্দার্থ সকলই—শব্দের বিব্দর্কাট্র্যন্তিতে প্রতিষ্ঠিত। কবিকর্ণপুর ব'লেছেন,—

স জয়তি যেন প্রভবতি দৃশি স্থদৃশাং ব্যঞ্জনাবৃত্তিঃ।
অতিশয়িতপদপদার্থা ধ্বনিরিব মুরলীধ্বনিমুরারাতেঃ॥
যেমন কাব্য-রাজ্যে পদপদার্থের 'অতিরিক্ত ধ্বনি' নামক
বস্তুর সর্বাপেক্ষা উৎকর্ষ দেখুতে পাওরা যায়, তেমনি যে
ধ্বনির প্রভাবে স্থদর্শনা ব্রজাঙ্গনাগণের নয়নে আনন্দার্ক্র প্রবাহিত হওয়ায় অঞ্জনরেখা-বিলোপ-জন্ম ব্যঞ্জনা অর্থাৎ বিগতাঞ্জনা-বৃত্তি সঞ্জাত হ'য়ে থাকে, ব্রন্ধানন্দ-বৈকুণ্ঠাদি-পদ
হ'তেও পরমোৎকর্ষণালা ধ্বনি অর্থাৎ যা' ব্রন্ধলোক এমন কি বৈকুণ্ঠেও নেই, সেই মুরলীধ্বনি জয়য়ুক্ত হউক্।

স্থতরাং গৌড়ীয়-কাব্যে যে । ধ্বনির উদাহরণ আছে,
তা' আর অন্তত্ত্র কোথায়ও নেই। ত্রিজ্ঞগন্মানসাকর্মিমুরলীকলকুঞ্জিত রুঞ্চই—গৌড়ীয়-কাব্যের অবিতীয় নায়ক;

তাই গোড়ীয়-কাব্য—নিত্য-প্রাণময়। গোড়ীয়-কাব্য প্রতীক-মাত্র নয়, গোড়ীয় কাব্যই—প্রাণ, চেতন,—কাব্য-পুরুষেরই দেহদেহী-ভেদ-রহিত শ্রীমর্চা।

যে রদ কাব্যের আত্মা, দেই রদের মধ্যে দর্বশ্রেষ্ঠ অপ্রাক্ত মাধুর্য্য ও ওদার্য্যরসই গৌড়ীয়-কাব্যের আত্মস্বরূপ। বৈদগ্ধাদি-গুণ পরিপূর্ণভাবে একমাত্র গৌড়ীয়-কাব্যেই পরাকাষ্ঠাপদবী লাভ ক'রেছে। কাব্য-পুরুষের অলঙ্কার যে উপমা প্রভৃতি, তাহা গৌড়ীয়-কাব্যে যে প্রকার আছে, তা'র উপমা ভার কোথায় পাওয়া যায় ? প্রাকৃত কবিগণও তা'র প্রশংসা না ক'রে থাক্তে পারেন না। কাব্য-পুরু ষর অঙ্গদৌষ্ঠবন্দরণ 'বৈদর্ভী-পাঞ্চালী-গৌড়ী-লাটী' রীতিচতুষ্টয় গৌড়ীয়-কাব্যে প্রচুর। বাহুশ্য-ভয়ে এখানে উদাহরণ প্রদর্শিত হ'তে না পার্লেও যারা অপ্রাক্ত রূপানুগগণের আলুগত্যে গৌড়ীয়-কাব্যের কিছু আলোচনা ক'রেছেন, তাঁ'রাই এ কথার যাথার্থ্য উপলব্ধি কর্তে পার্বেন। গৌড়ীয়-কবিকুলশিরোমণি একপের কাব্য, প্রীদনাতনের কাব্য, কবিকর্ণপূরের চৈত্তভাচরিতমহাকাব্য, শ্রীল কবিরাজ-গোম্বামী প্রভুর "গোবিন্দলীলামুত মহাকাবা", শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের "ক্ষভাবনামৃত মহাকাব্য" প্রভৃতি—গৌড়ীয়-কাব্যের বিজয়স্তম্ভ। শ্রীল চক্রবর্ত্তী ঠাকুরের "প্রেমদম্পুট" প্রভৃতি খণ্ডকাবাও—অপ্রাকৃত রাজ্যের মহামরকত-থগুস্বরূপ।

আমরা পূর্বের দৃষ্ঠ ও প্রব্য-কাব্যের মধ্যে দৃগ্র-কাব্য গোড়ীয়-নাটকাদির কথা কিছু আলোচনা ক'রেছি। প্রব্য-কাব্যের মধ্যে পত্ত ও গত হ'প্রকার ভেদ আছে। সেই পত্ত-কাব্যেরই আবার মহাকাব্য ও থওকাব্যরূপ হুই প্রকার ভেদ। এই উভয়প্রকার কাব্যই গৌড়ীয়-স। হিত্যে সর্ব্বোৎকর্ষে বিরাজিত র'য়েছে। গ্রগু-কাব্যের ভিতরে যে 'কথা' ও 'আখ্যায়িকা'রূপ ত্ব'রকম বিশেষ আছে, তা'ও গৌড়ীয়-কাব্যে প্রচুর। বর্ত্তমানযুগের শুদ্ধভক্তিপ্রচারের মূলপুরুষ ঠাকুর ভক্তিবিনোদ এবং ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীমন্তক্তিদিদ্ধান্ত দরস্বতী গোস্বামী প্রভূপাদ গৌড়ায়-গত্ত-কাণ্যের ভাণ্ডার পূর্ণ ক'রেছেন। দেবভাষায় যে সকল গৌড়ীয়-কাব্য রচিত আছে, তা'তে গত্ত-কাব্য থাক্লেও গৌড়ীয়গণের বাংলা-দাহিত্যে গত্ত-কাব্য রচনা কর্বার জন্ত কাব্যকুলগুরু প্রীরূপ-পাদের অভিন্নকলেবর শ্রীমন্তুক্তিবিনোদ ঠাকুরকেই গৌর-স্থন্দর গৌড়মণ্ডলে প্রেরণ ক'রেছিলেন। ঠাকুরের রচিত 'প্রেমপ্রদীপ', 'ভৈবধর্ম্ম' প্রভৃতি গত্য-গ্রন্থ একাধারে কথা, আখ্যায়িকা, উপন্তাদ, নবন্তাদ বা দর্বগোড়ীয়-দিদ্ধান্ত-সমন্বিত গৌড়ীয়-গগু-কাব্য বলা থেতে পারে। তারপর চম্পু, বিরুদ প্রভৃতি কাব্যও গৌড়ীয়-দাহিত্য-ভাণ্ডারে সর্ব্বোচ্চ পদবী লাভ ক'রেছে। গ্রীল জীব গোস্বামিপাদের 'গোপালচম্পু', গ্রীন কবিকর্ণপুরের 'আনন্দর্নদাবনচম্পু' প্রভৃতি, শ্রীল রূপপানের গোবিন্দবিরুদাবলী, শ্রীল চক্রবর্ত্তী

ঠাকুরের নিকুঞ্জবিরুদাবলী প্রভৃতি চম্পূ ও বিরুদ-কাব্য ত্রিজগতে অতুলনীয়।

গোড়ীয়-চরিত বা কড়চা-সাহিত্য

গোড়ীয়-চারত-সাহিত্যের মধ্যে আমরা মহাপ্রত্ব চরিত্রবিষয়ক যে সকল গ্রন্থ দেখ্তে পাই, তা'তে 'কড়চা' নামক
সংক্ষিপ্ত বিবরণের বিশেষ নিদর্শন আছে। কেউ কেউ
ব'লে থাকেন,—'করচালন', শক্ষটী সংক্ষেপ ক'রেই 'কড়চা'শব্দের প্রচণন হ'য়েছে। মহাপ্রত্বর নবদ্বীপ-লীলার সঙ্গী
মুরারিগুপ্তের কড়চা এবং মহাপ্রত্বর নীলাচল-লীলার সঙ্গী
প্রারিগুপ্তের কড়চা এবং মহাপ্রত্বর নীলাচল-লীলার সঙ্গী
প্রারিগুপ্তের কড়চা এবং মহাপ্রত্বর নউলাচল-লীলার সঙ্গী
প্রারিগুপ্তের কড়চা এবং মহারারি গুপ্তের কড়চা মহাপ্রত্বর
নবদ্বীপ-লীলার অনেক উপকরণ গোড়ীয়-চরিত-লেথকগণকে
প্রদান ক'রেছে। 'চৈতগ্রচরিত-মহাকাব্য' প্রভৃতি সংস্কৃত
গোড়ীয়-চরিত-সাহিত্যগ্রন্থ এবং শ্রীলোচন দাসের প্রীটেতগ্রুমঙ্গলাদি বঙ্গভাষার রচিত গোড়ীয়-চরিত সাহিত্য এই
মুরারি গুপ্তের কড়চা-অবলম্বনেই লিথিত। চৈতগ্রচরিতমহাকাব্যকার বল্ছেন.—

"আনৈশবং প্রভূচরিত্রবিলাসবিজৈঃ কেচিনুরারিরিতি মঙ্গলনামধেরৈঃ। যদযদিলাসললিতং সমলেথি তজ্জৈ-স্তত্তিলোক্য বিলিলেথ শিশুঃ স এবঃ॥" যিনি আশৈশব মহাপ্রভুর চরিত্র ও বিলাস-বিষয়ে স্থবিজ, দেই তত্ত্বজ 'মুরারি'—এই মঙ্গলনামা কোন এক মহাত্মা যে যে বিলাস-লালিত্য সম্যগ্রূপে লিখেছেন, আমি শিশু তাই দেখেই এই মহাকাব্য রচনা ক'রেছি।

গ্রীল স্বরূপ দামোদরের কড়চা মহাপ্রভুর অস্ত্যুলীলা-বর্ণনে শ্রীচৈতভাচরিতামুতকার শ্রীল কবিরাজ গোস্বামী প্রভূকে অনেক উপকরণ প্রদান ক'রেছে। শ্রীল স্বরূপ গোস্বামী প্রভু মহাপ্রভুর অন্তালীলা কড়চা-স্ত্রাকারে প্রিরঘুনাথ দাস গোম্বামী প্রভুর কঠে রেখেছিলেন। এতদ্বাতীত শ্রীল রঘুনাথ দাস গোস্বামী প্রভু নিজেও কড়চা ক'রেছিলেন। সেই উভয় কড়চাই শ্রোত-পারম্পর্য্যে কবিরাজ গোস্বামী লাভ করেন। শ্রীল স্বরূপ গোস্বামী ও শ্রীল রঘুনাথ গোস্বামী প্রভূষয়ের কড়চা পূথক পুস্তকাকারে লিখিত হ'ন নাই, কেবল শিষ্য-পারম্পর্য্যে শ্রুতি ও কঠে সংরক্ষিত ছিলেন। ঐতিতভাচরিতামৃত শ্রীম্বরূপের রঘুনাথের কডচারই নিম্বর। আজকাল যাঁরা স্বরূপ-দামোদরের কড়চার দোহাই দিয়ে অনেক প্রাক্ত-সহজিয়া-মত কল্পনা করেন, তাঁ'দের অভিসন্ধি ও উক্তি অবৈধ। কবিরাজ গোস্বামা প্রভু বলেছেন,—

> "স্বরূপ-গোসাঞি আর রঘুনাথ দাস। এই হুই'র কড়চাতে এ লীলা প্রকাশ।

সেই কালে এ ছেই রহেন প্রাভূর পাশে।
আর সব কড়চাকর্তা। রহেন দূর-দেশে॥
কণে-ক্ষণে অফুভবি' এই ছেই জন।
সজ্জেপে বাহুল্যে করেন কড়চা গ্রন্থন।
অরপ—'স্তুকর্তা', রঘুনাথ—'বৃত্তিকার'।
তাঁর বাহুল্য বর্ণি পাঁজী-টীকা ব্যবহার॥"
(চৈত্তাচরিতায়তে অস্তা ১৪শ অঃ)

স্বাবার অন্তত্ত ব'লেছেন,—

তৈত্তন্ত্ত নীলা-রত্বনার স্বর্নেরে ভাণ্ডার
তে হো থুইলা রঘুনাথের কঠে।
ভাহা কিছু যে শুনিলুঁ, ইহাঁ তাহা বিস্তারিলুঁ,
ভক্তগণে দিলাঙ এই ভেটে॥

আধুনিক বিভিন্ন কল্লিত কড়চা-গুলির প্রামাণিকত্ব নেই, তবে 'কড়চা' নামে প্রচলিত কোন কোন পুস্তকের যতটুকু পূর্ব্ববর্তী মহাজনগণের লিপি রক্ষা ক'রেছে, তা' হ'তে ততটুকু ভৌগোলিক-সংস্থানাদির প্রামাণ্য গৃহীত হ'তে পারে; কিছু সিদ্ধান্তবিরোধস্থলে প্রাচীন মহাজন-গণের লেখনীতে যে অবৈধ করচালন হ'য়েছে, তদ্বিষয়ে আর কোন সন্দেহ নেই।

দাক্ষিণাত্য-কাবেরীতট-নিবাসী শ্রীব্যেষ্কটেশ-তনর কোন স্থানে ক্রমান্ত্রসারে, কোন স্থানে ক্রমভঙ্গে বা বিচ্ছিন্নভাবে কড়চারই মত যে-সকল সিদ্ধাস্ত লিখে' গিয়েছিলেন, শ্রীল জীব গোস্বামী প্রভূ সে-সকল উপকরণ নিয়েই 'ষ্ট্সন্দর্ভ' রচনা ক'রেছেন ব'লে জানিয়েছেন,—

> ভক্তাতং গ্রন্থমালেথং ক্রান্ত-ব্যুৎক্রান্ত-খণ্ডিতন্। পর্য্যালোচ্যাথ পর্য্যায়ং রুত্তা লিখতি জীবকঃ।

দেবভাষায় লিখিত মুরারি গুপ্তের 'কড়চা', 'চৈতন্ত্যচন্দ্রোদয়'নাটক, 'চৈতন্ত-চরিত' মহাকাব্য, উৎকল-কবি

শ্রীগোবিন্দদেবের 'গৌর-ক্লংকাদয়' প্রভৃতি মহাপ্রভূব চরিতগ্রন্থের মধ্যে বিশেষ প্রামাণিক। এতদ্ব্যতীত শ্রীরূপের ক্লঞগণোদ্দেশ, শ্রীকবিকর্ণপূরের গৌরগণোদ্দেশদীপিকা প্রভৃতিও
গৌড়ীয়-চরিত-সাহিত্যের মূল্যবান্ উপকরণ।

শ্রীচৈতন্ত্র-ভাগবভ

বঙ্গভাষার চরিত-সাহিত্যের মধ্যে গৌড়ের নৈমিষের ব্যাস নারাহণী-নন্দন ঠাকুর বৃন্দাবনের 'শ্রীচৈতগুভাগবত' মহা-গ্রন্থটী গৌড়ীয়-সাহিত্য-সাম্রাজ্য-সিংহাসনের মহা-কোহিছর। শ্রীচৈতগু-ভাগবতের লিখন-প্রণালী অতীব প্রাঞ্জলা ও অভ্যস্ত হুদয়গ্রাহিণী। ঠাকুর বৃন্দাবনের প্রাণময়ী ভাষার স্বচ্ছল-গতি কাঁহার নিত্যানন্দ-সেবা-স্রোতের গ্রায়ই সরল ও মধুর। শ্রীনবন্ধীপের ভদানীস্কন সামাজিক অবস্থা-বর্গনে, শ্রীনবন্ধীপের বৈভব-বর্গনে, ভোগিপাল, যোগিপাল ও মহীপাল প্রভৃতির গীতাদির সাহিত্যিক-স্থান-নির্দ্ধেশে তাৎকালিক ব্রাহ্মণগণের কালে-ভত্রে 'পুগুরীকাক্ষ' প্রভৃতি নামগ্রহণ-বর্গনে, শ্রীগৌর- হলরের এখা ও মহিমা প্রভৃতির প্রকাশে, নগরসন্ধীর্ত্তন-(मां ायांका, कांकीममन-नीना, क्रगारेमाधारेत छेवात-नीना, চক্রশেথর-ভবনে নাটকাভিনয়-দীলা, প্রীহরিদাস ঠাকুরের বাইশবাজারে প্রহার-লীলা প্রভৃতি বছবিধ চিত্রের অঙ্কনে ঠাকুর মহাশয় যেরূপ ক্তিত্ব প্রদর্শন ক'রেছেন, ভা'ভে সাহিত্যের সৌন্দর্য্য-দেবিগণ সাহিত্য-মন্দিরে ব'দেও অলোকিক প্রীতি লাভ কর্তে পার্বেন-মায়িক ভোগবৃত্তি অতিক্রম ক'রে বৈকুঠের দাহিত্যগত বৈচিত্র্য কর্বার স্থযোগ পাবেন। গৌডীয়-সাহিত্যিকের প্রাণ "ষম্ম দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ"—শ্রোত বাণীর অগ্নিময়-মন্ত্রে কিরূপ দীক্ষিত, তা' নিত্যানন্দ-কিন্ধর গৌডীয়-সাহিত্যিক-গুরু ঠাকুর বৃন্দাবনের—''এত পরিহারেও যেই পাপী নিন্দা করে। তবে লাথি মারোঁ তার শিরের উপরে॥" ''সংসারের পার হই' ভক্তির সাগরে। যে ডুবিবে, সে ভজুক নিতাইটাদেরে॥"-প্রভৃতি জগদ্ওক-সেবা-প্রাণময়ী দীপ্তিমতী বাণীর প্রভায় ফটে র'য়েছে।

প্রাকৃত সাহিত্যিকের অনধিকার-চর্চা

সদ্গুরুসেবা-রহিত আধুনিক কোন কোন প্রাকৃত সাহিত্যিক "ষস্তাদেবে পরা ভতির্বণা দেবে তথা গুরৌ" শ্রুতিমাতার মঙ্গলোপদেশটী অত্যস্ত ভোগবৃদ্ধিমূলে বুঝ্ডে অসমর্থ হ'য়ে ঐরপ অপ্রাকৃত-সাহিত্যিক-গুরু ব্যাসাবতারের প্রতি অবৈধ অনধিকারচর্চা কর্তে ক্রটী করেন নি । ঐরপ প্রাকৃত সাহিত্যিক অপ্রাকৃত সাহিত্যিকগুরুকে আসামী সাব্যস্ত ক'রে ব্যাসের উপর কলম ধ'রে 'রায়' প্রকাশ কর্তে ব'দেছেন ! বল্ছেন,—"বুন্দাবনদাস অবৈষ্ণব-সমাজকে লক্ষ্য করিয়া যে কটুক্তি করিয়াছেন, তজ্জ্য সমালোচকগণ একবাক্যে তাঁহাকে দোষী সাব্যস্ত করিয়াছেন। তিনি রাগের বশে অসংযতব'গু ছার্দান্ত একটী শিশুর ন্যায় অকৃত্রিম ইতরভাষা প্রয়োগ করিয়াছেন।"

প্রাক্ত সাহিত্যিকের অপ্রাক্তের উপর এরপ রায়প্রকাশের কতটা যোগ্যতা আছে,—তিনি কতটা অপ্রাক্তগণের দেবা-প্রাণতা ব্যুতে পারেন—কতটা ক্ষণ্ণ ও মায়া,
দাধু ও গ্রাম্য, সভ্যতা ও অসভ্যতার পার্থকা ব্যুতে
পেরেছেন, দেটা বিবেচ্য। তবে আমাদের স্বভাব এই
যে, আমরা প্রাক্তের হোন্রা-চোম্রা-কেই 'সবজাস্তা'
সমালোচক ও সর্কবিষয়ে যোগ্য ব'লে ধ'রে নেই। ঠাকুর
বৃন্দাবন অসংযতবাগ্ হর্দান্ত শিশুব ক্রায় ইতরভাষা প্রয়োগ
ক'রেছেন, আর আমরা ইতর বিষয়ে অভিনিবিষ্ট থেকে
আমাদের অল্লীল আচরণগুলিকে তথা-কথিত সভ্যতার
দোণার পাতে ও কপটতাপূর্ণ ভাষার আবরণে আছাদিত
রেখে লোকবঞ্চনা কর্তে জানি ব'লে আমরা খুবই নিরপেক্ষ
যোগ্য সমালোচক, এ কণা কিন্তু স্থাী-সমাজ স্থীকার কর্তে
প্রস্তুত হবেন না। পরম-প্রোচ্ কবিরাজ গোস্বামী প্রভূ

এই ঠাকুর-বৃন্দাবনেরই কথা সমগ্র-বিশ্বের নিকট ঘোষণা ক'রে বল্ছেন,—

"ওরে মৃচ লোক, শুন চৈতন্তমঙ্গল।

চৈতন্ত-মহিমা যা'তে জানিবে দকল ॥

রুঞ্গলীলা ভাগবতে কহে বেদব্যাদ।

চৈতন্ত-শীলার ব্যাদ বুন্দাবনদাদ ॥

চৈতন্তমঙ্গল শুনে যদি পাষ্ণ্ডী যবন।

সেহ মহা-বৈষ্ণব হয় ততক্ষণ ॥

মন্মু রচিতে নারে,—এছে গ্রন্থ ধন্ত ।

বুন্দাবনদাদ-মুথে বক্তা প্রীচৈতন্ত ॥

চৈতন্য-লীলাম্তদিল্প— হক্ষান্ধি-দমান।

তৃঞ্গারূপ ঝারি ভরি' তেঁহ কৈলা পান।

তাঁর ঝারির শেষামৃত কিছু গোরে দিলা।
তবেত' ভরিল পেট, তৃঞ্চা মোর গেলা॥

শ্রীচৈতন্য-ভাগবত-সাহিত্যে সমাজের সম্যক্ হিত-সাধন

বেমন প্রীক্ষণ বৈশায়ন বেদব্যাস মহাভারত ও ভাগবতাদি শাস্ত রচনা ক'রে বিশ্ববাসী জীবকে হরিভক্তির কথা জানিয়েছেন, আমাদের বাংলার বেদব্যাস ঠাকুর বৃন্দাবনও তেম্নি বঙ্গবাসী আপামর সকলকে সহজ, সরল, গুছেন্দ বাংলা-ছন্দে সকলবিশ্বের ঠাকুর মহাপ্রভুর লীলা-কথা জানিয়ে-

ছেন। দাপর্যুগে ভগবান বেদব্যাস প্রীকৃষ্ণদৈপায়নরূপে যে করুণার পরিচয় দিয়েছিলেন, তা' হ'তেও অনেক বেশী দয়ার পরিচয় দিয়েছেন আমাদের এই বাংলায় অবতীর্ণ ব্যাস-বুন্দাবন। এবারকার দয়া-নিষ্ণপট দয়া। মহাভারতাদি সাহিত্যে যা' গোপন ক'রে বলা হ'য়েছিল, প্রীচৈতন্তভাগবত-সাহিত্যে সে-সব অমায়ায় ও প্লুম্পষ্টভাবে ব্যক্ত হ'য়েছে। প্রীকৃষ্ণদৈপায়ন গ্রাম্যকথা অর্থাৎ মুধিক-বিড়াল-গ্র-গোমায়ু প্রভৃতি ইতর প্রাণীর দৃষ্টান্তযুক্ত ব্যবহারিক কথা দিয়ে প্রাকৃত লোকের চিত্ত হারিকথায় আরুষ্ট করবার চেষ্টা ক'রেছেন, কিন্তু এবার এ ভীষণ কলিযুগে—এই জড়তার যুগে আমাদের গোড়ের নৈমিষের বেদগ্যাদ বৃন্দাবন শ্রীচৈতত্ত্বের পরম-মধুর-লীলাময়ী কথার ভিতর দিয়ে বাংলার দারে-দারে প্রীচৈতন্ত-রুপা-বিজ্ঞলি সঞ্চার ক'রেছেন। অধিক কি. আমাদের এই আদি প্রাচীন সাহিত্যিক ঠাকুরটী এত অহৈতৃক-করুণাময় যে, পতিতপাবন নিত্যানন্দপ্রভুর ভৃত্যস্থে নিত্যানন্দ-নিন্দক-গণকে পর্যান্ত তাঁ'দের শিরে পদাঘাত ক'রে রূপা করতে উদ্যত হ'য়েছেন। সর্বপ্রেথমে ঠাকুর বুন্দাবনই বাঙ্গালীর ভাষায় গৌড়ীয়-সাহিত্য-নায়ক শ্রীচৈতন্ত্র-নিত্যানন্দের অম্ভূত চরিত বাঙ্গালীকে জানিয়েছেন। চণ্ডীদাদ, বিচ্ছাপতি প্রভৃতি বৈষ্ণব মহাজনগণের পদাবলী বা গুণরাজ-খাঁর শ্রীক্লফবিজয় প্রভৃতি গ্রন্থে ভক্তিকথা কীর্ত্তিত হ'লেও গৌড়-গৌরব বিশ্বস্তুরের কথা এত স্পষ্ট ও বিশ্বভাবে বর্ণিত হয় নাই.

আর সে-নকল পদাবলী ও অনুবাদ-দাহিত্য আদল বাংলাভাষার রচিত ও বলা যার না। আমাদের ঠাকুর বৃন্দাবনই
সর্বপ্রথমে বাংলা ভাষার এই মহাগ্রন্থ লিখে এই জড়
সর্ববিশ্বকবাদের যুগে সমগ্রবিশ্বে এক চৈতন্ত-স্বরাজ-দাম্রাজ্য
স্থাপনের আশাবাণী ঘোষণা ক'রেছেন,—

পৃথিবীতে আছে যত নগরাদি গ্রাম। সর্বত প্রচার হইবে মোর নাম।

আমাদের এই গোড়ের সাহিত্যিক-শুরুই অগোড়ীয়-সাহিত্যিক ও গোড়ীয়-ব্রুব সাহিত্যিকগণের চিস্তা-জগতে যুগান্তর এ'নে ভগবান্ হ'তেও ভক্তের অধিকতর পূজা-গৌরব ঘোষণা ক'রেছেন,—

"আমা্ব ভক্তের পূজা আমা হৈতে বড়।"

প্রাক্ত সাহিত্যিকগণও তাঁ'দের তাংশিক-দর্শনে স্বীকার করতে বাধা হ'য়েছন—"হৈত্যভাগবতকে বঙ্গভাষার একথানা শ্রেষ্ঠ ঐতিহাসিকগ্রন্থ বলিয়া মনে করি। বঙ্গদেশে যে কোন বিষয় লইয়া প্রাচীন ইতিহাস রচনার প্রফোজন হইবে, হৈত্যভাগবত হইতে ন্।নাধিক পরিমাণে তজ্জ্য উপকরণ সংগ্রহ করা আবশ্যক হইবে। বৈষ্ণব-িদ্বেষী সমাজ-সম্বন্ধেও হৈত্যভাগবতে যে-সব কথা উল্লিখিত আছে, তাহা কুড়াইয়া লইলে বঙ্গদেশের সামাজিক, রাজ্বনিতিক ও লৌকিক ইতিহাসের এক একথানা মূল্যবান্ পৃষ্ঠা সংগৃহীত হইবে।"

ত্রীচৈতগুমঙ্গল

গৌড়ীয়-চরিত-সাহিত্যে শ্রীলোচন দাদের 'প্রীচৈতত্ত্য-মঙ্গল' নামক পাঁচালি গ্রন্থটীও বিশেষ উল্লেখযোগ্য। শ্রীলোচন দাদ তাঁর 'শ্রীচৈতত্ত্যমঙ্গল' মুরারি গুপ্তের কড়চার আনর্শে রচিত হ'য়েছে ব'লে গ্রন্থের প্রারম্ভে স্বীকার ক'রেছেন। শ্রীথগুনিবাসী শ্রীগোর-পার্যদ শ্রীনরহরি সরকার ঠাকুরের শিস্তা শ্রীল লোচন দাদের চৈতত্ত্যমঙ্গল পঞ্চদশ শক-শতান্দীর শেষভাগে বর্দ্ধমান-জ্বেলার অন্তর্গত কোগ্রামে গৌরগুণ ও গৌরচরিত বর্ণনমুখে গানোপোযোগী পাঁচালি গ্রন্থরেপে রচিত হ'মেছিল। শ্রীল লোচন দাদের শ্রীচৈতত্ত্যমঙ্গল নামক পাঁচালি গ্রন্থের জুকুকরণ ক'রেই মনে হয় এককালে বঙ্গীয় সমাজে যাত্রার দল প্রভৃতির বিশেষ প্রচার হ য়েছিল।

বর্ত্তমানে কোন কোন প্রাক্ত-সাহিত্যিক সম্প্রদায়
গৌড়ীর সাহিত্যিক সমাজে সম্পূর্ণ অজ্ঞাত-কৃলশীল একজন
কল্লিত জয়ানন্দের নামে 'চৈত্ত্যমঙ্গল'শীর্ষক একটী ক্রত্রিম
প্রাচীনকল্প প্রারী ভাষায় লিখিত পু[†]থি প্রচার কর্তে
বিশেষ ব্যস্ত আছেন এবং সেই কল্লিত জ্য়ানন্দের হস্তাক্ষর
প্রভৃতিও অবৈধভাবে প্রদর্শন ক'রে উক্ত কল্লিত চৈত্ত্যমঙ্গলের প্রামাণিকতা স্থাপন কর্তে প্রয়াস কর্ত্তন।
শুধু ভাই নয়, কোন কোন সাহিত্যিক আবার দেই কল্লিত

জয়ানন্দের চৈতভামক্ষলকে প্রীচৈতভাচরিতামুতের পূর্বের পূর্বির পূর্বি ব'লে স্থাপন কর্বার চেষ্টা ক'রেছেন। যদি কল্পিত জয়ানন্দের অন্তিম্ব প্রীচৈতভাচরিতামূত-রচনার পূর্বেই থাক্ত বা দেই কল্পিত বাক্তি মহাপ্রভুর পার্যদগণের মধ্যে কেউ হ'তেন, তা' হ'লে তাঁর নাম নিশ্চয়ই চৈতভাচরিতামূতে ও চৈতভাভাগবতে থাক্ত, কিয়া যেমন দাক্ষিণাত্যের কাম্যবন-নিবাদী শ্রীল প্রবোধানন্দ সরস্বতীপার্দের কথা চরিতামূতে স্পষ্ট না থাক্লেও ভক্তিরত্মাকরাদি পরবর্তিকালের চরিতগ্রন্থে স্কুস্পষ্টভাবে র'য়েছে। তেমনি ঐ সকল গ্রন্থেও জয়ানন্দের কথা থাক্তে পার্তো।

প্রীচৈতগুভাগবতের নাম 'চৈতগুমঙ্গল' ছিল। প্রীল্
কবিরাজ গোস্বামা প্রভু প্রীচরিতামৃতে ঠাকুর-রুলাবনের
প্রীচৈতগুভাগবতকে 'চৈতগুমঙ্গল' নামেই উল্লেখ ক'রেছেন।
কিংবদন্তী এই যে, লোচনদাদ 'চৈতগুমঙ্গল' নামে মহাপ্রভুর চরিত্রসম্বন্ধী অপর একটা গ্রন্থ রচনা কর্বার পর
প্রীনারায়ণীদেবীর ইচ্ছায় ঠাকুর বুল্দাবন তাঁ'র গ্রন্থের নাম
'তৈতগুভাগবত' প্রদান করেন। প্রীল ঠাকুর বুল্দাবনের
চৈতগুভাগবতের নাম প্রীল লোচনদাদের চৈতগুমঙ্গলে
উল্লিখিত আছে, আবার ঠাকুর বুল্দাবনের চৈতগুমঙ্গলের কথা
কবিরাজ গোস্বামী প্রভুর গ্রন্থে উল্লিখিত আছে। কিন্তু
কল্লিড জ্বানন্দের প্র্লির কথা কোন প্রামাণিক গৌড়ীরবৈঞ্ব-দাহিত্যিকের গ্রন্থে নেই।

অপ্রামাণিক সাহিত্য

গৌড়ীয় চরিত-সাহিত্যের নাম ক'রে এরপ অনেক-শুলি সিদ্ধান্তবিরোধপূর্ণ এবং ঐতিহাসিক ও ভৌগোলিক সংস্থান-বিপর্যায়কারী কল্পিত পুঁথি অভিদক্ষিযুক্ত মতবাদি-গণের দারা কিছুদিন পূর্বের রচিত হ'রেছে। দে দকল সাহিত্যের প্রামাণিকতা প্রামাণিক গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্যিকগণ আদৌ স্বীকাব করেন নি। সংস্কৃত অদৈত-চরিতাদি গ্রন্থ-প্রীমধৈতাচাণ্য প্রভুর চরিত্র-বর্ণনার নাম ক'রে ঈশান নাগরের অবৈতপ্রকাশ, হারচরণ দাদের অবৈতমঙ্গল, নরহরিদাদের অবৈতবিলাস প্রভৃতি যে-সকল পুঁথি দেখুতে পা ওয়া যায়, তাদের প্রামাণিকতা কত দূর, দে-বিষয় স্থণী-সাহিত্যিক-সমাজের বিবৈচ্য। তারণর নিত্যানন্দবংশমাল। প্রভৃতি আধুনিক পুঁথিও ঠাকুর বৃন্দা-বনের নামে প্রচলিত কর্বার অবৈধ চেষ্টা হ'য়েছে, ভা'তে যে কোন নিরপেক সাহিত্যিক ঐরূপ চেষ্টাকে কোন মতেই সমর্থন করতে পারেন ন।।

ন্ত্রিরসিকমঙ্গল

শ্রীল জীব গোস্থামী প্রভুপাদের শিষ্যবর শ্রামানন্দ প্রভুর শিষ্য শ্রীরসিকানন্দ মুরারি প্রভুর অন্তুগ গোণীজন-বল্লভদাস রসিক্মঙ্গল-নামে একটা চরিত-গ্রন্থ প্রণায়ন ক'রেছেন। শ্রামানন্দপ্রভুর সংক্ষেপ চরিত, রসিক মুরারির বিস্তৃত চরিত্র এবং তৎপ্রদঙ্গে শ্রীরসিকানন্দ প্রভূর শিয়গণের পরিচয় এই গ্রন্থে প্রদত্ত হ'রেছে। এই গ্রন্থ পাঠে শ্রীরসিকানন্দ প্রভূর আচার-প্রচার প্রগালীর বিষয় অনেকটা জ্বানা যায়। এই গ্রন্থের পূর্বর, দক্ষিণ, পশ্চিম ও উত্তর—এই চারিটী বিভাগ। প্রত্যেক বিভাগ যোগটী লহবীতে বিভক্ত।

শ্রীভক্তি-রত্নাকর

পরবন্তী গৌডীয়-চরিত-সাহিত্যের মধ্যে শ্রীণ বিশ্বনাথ চক্রবন্তী ঠাকুরের শিষ্য শ্রীজগনাথের পুত্র শ্রীল নরহরিদাস চক্রবর্তীর (নামান্তর 'রস্কয়া নরহরি' বা ঘনশ্রামদাদের) 'ভব্জি-রত্নাকর' ও 'নরোত্তম বিলাদ', যতুনন্দনদাদের 'কর্ণানন্দ', নিত্যানন্দাসের 'প্রেমবিলাস' প্রভৃতি দেখ্তে পাওয়া যায়। শ্রীমনাগাপ্রভুর প্রাকটকালে যে সমস্ত ভক্ত আবিভূতি হ'য়েছিলেন, তাঁদের বিবরণ ঐচৈতগ্রভাগবতে, ঐচৈতগ্র-চরিতামতে ও প্রীচৈত্তামঙ্গলে অনেকটা পাওয়া যায়: কিন্তু সকল ভক্তের বিস্তৃত বিবরণ উক্ত তিন গ্রন্থে নেই। শ্রীচৈতক্সদেনের অপ্রকটের পর শ্রীনিবাদ আচার্যা, শ্রীন নরোত্তম ঠাকুর ও শ্রীশ্রামানন্দ প্রভু প্রভৃতি যে সকল বৈষ্ণবাচার্য্য আবিভূতি হ'য়েছেন, তাঁ'দের বিস্তৃত বিবরণ এবং শ্রীমন্মহাপ্রভুর প্রকটকালীয় বে সমস্ত ভক্তের বিবরণ অবশিষ্ট ছিল, তা' ভক্তিরত্বাকরে বর্ণিত হ'য়েছে। এই গ্রন্থানা ১৫শ তরক্ষে বিভক্ত এবং গ্রন্থারুবাদ-নামক একটা

পরিশিষ্ট-সংযুক্ত। গ্রন্থকার--- শ্রীনিবাসপ্রভুর শাখার শিষ্য। এই রত্নাকরে অনেক নৃতন রত্ন পাওয়া যায়। শ্রীনবদ্বীপের ভৌগোলিক সংস্থান, বিশেষতঃ গৌরজনাত্বলী প্রীধাম-মায়া-পুরের কথা এবং জ্রীনবদ্বীপধাম-পরিক্রমার কথা এই গ্রন্থে বিশেষভাবে র'থেছে। শ্রীগৌর-নিত্যানন্দ-অদ্বৈতাচার্যা, শ্রীরূপ-শ্রীদনাতন ও শ্রীদ্ধীব প্রাভৃতির চরিত্র এবং গোস্বামিগণের গ্রন্থাদির নাম, প্রীল গোপাল ভট্ট গোস্বামী প্রভূর পিতৃব্য শ্রীল প্রবোধানন সরস্বতীপাদের কথা, বুন্দাবনের দ্বাদশ বনের বর্ণনা, বনবিষ্ণুপুরে বীরছাম্বির রাজার গ্রন্থাপহরণ বুত্তান্ত, খেতুরীর স্বপ্রসিদ্ধ মহোৎসব ও বিগ্রহ-স্থাপন প্রভৃতির বর্ণনা, শ্রীল নরোত্তম ঠাকুরের পাদপদ্মাশ্রিত প্রীগঙ্গানারায়ণ চক্রবর্ত্তী, রামকৃষ্ণ ভট্টাচার্য্য প্রভৃতির আচার-প্রচার-প্রণালী প্রভৃতি বহু বিষয় এ রত্নাকর হ'তে আহরণ করা যায়। শ্রীনরহার চক্রবর্তী ঠাকুরের 'নরোত্তমবিলাদ' नामक शुरुरक >२ विलाम खील नरता उपठाकूरतत हतिक বর্ণিত হ'য়েছে। তবে পরবর্ত্তিকালে যে প্রকার হ'য়ে থাকে, এ সকল গ্রন্থের মধ্যে নানা মতবাদিগণ তাঁ'দের মতবাদ কিছু किছু প্রবেশ করাবার চেষ্টা যে না ক'রেছেন, তা' নয়।

অপরাপর গ্রন্থ

ষত্নন্দনদাসের 'কর্ণানন্দে' শ্রীনিবাস আচার্য্য ও তাঁর আত্মজ্ঞা শ্রীহেমলতা ঠাকুরাণী এবং আচার্য্য প্রভূর শিষ্মবর্ণের কথা বর্ণিত হ'য়েছে। নিত্যানন্দাসের যে 'প্রেমবিলাস' ২০ অধ্যারে সমাপ্ত দেথ তে পাওয়া যায়, তা'তেও অনেক মতবাদ ও কল্পনা প্রবিষ্ট হ'য়েছে। প্রেমবিলাসে শ্রীনিবাস আচার্য্য ও শ্রীল শ্রামানন্দ প্রভুর কথাই প্রধানরূপে বর্ণিত আছে। শ্রীল শোচন দাসের চৈত্রসফলেও যে অভিসন্ধিষ্ক্ত বহু মতবাদ পবনর্ত্তিকালে প্রবিষ্ট হ'য়েছে, তা'ও বেশ ব্রুডে পারা যায়। কেবল বাংলা চরিত-সংহিত্যের মধ্যে শ্রীচৈত্রত্ত-ভাগবত ও শ্রীচৈত্রচিদ্ধিতামৃতকে এবং ক্রিকর্ণপ্রের সংস্কৃত শ্রীচৈত্রচন্দোদয় ও শ্রীচৈত্রচরিত মহা-কাব্যকে এখন পর্যান্ত মতবাদিগণ দ্বিত কর্বার চেষ্টা ক'রেও বিশেষ কিছু ক'রে উঠ্তে পারেন নি।

ভক্তমাল

আর একথানা চরিতগ্রন্থ সাধারণ বৈষ্ণব-সমাজে —
বৈঞ্ব-সমাজেই বা বলি কেন, সাধারণ সাহিত্যক-সমাজেও
আদরের সহিত গৃহীত হচ্চে। কেননা, তা'তে সাধারণের
মতের অমুকৃল সিদ্ধান্ত ও ভাব দেখ্তে পাওয়া যায়। সেই
গ্রন্থানার নাম হচ্ছে—ভক্তমাল। যদিও এই গ্রন্থানা
অমুবাদ-সাহিত্যেরই প্রকারবিশেষ, তথাপি এ'কে ঠিক
অমুবাদ-সাহিত্যও বলা যায় না; কেননা, এই গ্রন্থানা
রামানন্দিসপ্রাদায়ের হিন্দুখানী কবি নাভাদাদেব হিন্দিভক্তমালের অমুকরণে লেখা হ'লেও গ্রন্থ-রচয়িতার বাকাামুগারেই

— "গ্ৰন্থ হয় বজভাষা, সব বুঝি নাহি।" গ্ৰন্থকৰ্ত্তা ব্রঙ্গভাষায় অভিজ্ঞ না থাকায় হিন্দি ভক্তমানেরও যথাযথ অমুবাদ হয় নাই, তবে অমুকরণ-মাত্র হ'য়েছে। কোন কোন সাহিত্যিক এই পুস্তকখানাকে বহু পূর্বের রচিত ব'লে স্থাপন করতে গিয়ে শ্রীনিবাদ-আচার্য্য প্রভুর শিষ্য ক্লফলাদ নামক কোন ব্যক্তির সময় পর্যান্ত টেনে এনে ফেলেছেন। আবার আর এক সম্প্রদায় ঐ গ্রন্থের ভাষার আধুনিকত্ব সম্পূর্ণভাবে আচ্ছাদন কর্তে না পে'বে বিশ্বনাথ চক্রবর্ত্তি-ঠাকুরের শিয়্যধারায় ইমিতলার প্রাকৃতদাহজিক লালদাদ নামক কোন কবির নামে এই গ্রন্থানা আরোপ কর্বার চেষ্টা ক'রেছেন। এই গ্রন্থের রচয়িতা রুঞ্চনাদই হউন, আর লালদাগই হউন, কিম্বা আধুনিক কোন কবিট হউন, আর এই গ্রন্থ সাধারণ বিদ্ধসম্প্রদায় তাঁদের বিদ্ধমতের অনুকৃষ জেনে আদরের সহিত গ্রহণট করুন, যদি এহ গ্রন্থ সকুত্রিম ব্যোড়ীয়-সাহিত্যকগণের—রূপারুগ সাহিত্যিক গুরুগণের সিদ্ধান্তের বিশ্বদাচরণ না কর্ত, তা' হলেই এই গ্রন্থ ্গোড়ীয় সাহিত্য-ভাগুরে স্থান লাভ কর্ত। বছলোকের আদর বা অনাদর দেখে সিদ্ধান্তবিৎ গৌড়ীয়-সাহিত্যিকগণ কোন সাহিত্যগ্রন্থের বহুমানন বা অবমানন করেন না।

সাহিত্য ও সিদ্ধান্ত

গৌড়ীয়-দাহিত্য ও দিদ্ধান্ত—এ হটো জিনিষ এক দঙ্গে বাঁধা। দিদ্ধান্তকে ছেড়ে দাহিত্য নেই, বা **দাহিত্যকে ছে**ড়ে দিদ্ধান্ত নেই। রসই সাহিত্যের প্রাণ; বেখানে রসাভাস, সেখানে সাহিত্য নেই। রস আবার দিদ্ধান্তেরই প্রবাহ। দিদ্ধান্ত ও রস একটাই জিনিষ। গৌড়ীয়-সাহিত্যিক্সণ দিদ্ধান্ত ও রসকলাবিৎ। গৌড়ীয়-সাহিত্যিক বলেন,—

> "সিদ্ধান্ত বলিয়া চিত্তে না কর অলস। ইহা হৈতে ক্লফে লাগে স্কৃদ্ মানস॥" "যদ্ধা-তদ্বা কবির বাকো হয় রসাভাস। সিদ্ধান্ত-বিরুদ্ধ শুনিতে না হয় উল্লাস॥"

সিদ্ধান্তপূর্ণ ও তন্ধ্বিরোধ-রহিত রচনায় যদি পদ-লালিত্য কমও থাকে, অথবা ভাষা-ব্যাকরণগত বৈগুণাও কিছু থাকে, তথাপি অক্কত্রিম গৌড়ীয়-দাহিত্যিকগণ তা'কেও সংদাহিত্য ব'লে বিচার করেন। মহাপ্রভুর চরিত্রে দেখ্তে পাওয়া যায়,—যথন ঈশ্বরপুরীপাদ তাঁর 'ক্ষণীলামৃত' নামক এক-খানা গ্রন্থ মহাপ্রভুকে সমালোচনার জন্ম দিয়েছিলেন, তথন মহাপ্রভু ব'লেছিলেন,—শ্রোত-প্রণালীতে রচিতগ্রন্থে— অক্কত্রিম ভগবন্ধকের সাহিত্যে ক্ষের পরিপূর্ণ ইন্দ্রিয়ভৃপ্তি হওয়ায় দে নাহিত্যই প্রকৃত সাহিত্য। গুদ্ধভক্তের সাহিত্যে কান প্রকার তত্ববিরোধ বা রসাভাসদোষ নেই। ব্যাকরণাদি ঘটিত দোষ বা ভাষাগত বৈগুণ্য সাহিত্যের প্রাণ নাশ করে না, কিন্তু সিদ্ধান্তবিরোধ হ'লেই সাহিত্যের সর্ম্বনাশ সাধিত হয়। মহাপ্রভু এই প্রসঙ্গে একটী শ্লোক ব'লেছিলেন,—

"মূর্যে। বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে। উভয়োস্ত সমং পুণ্যং ভাবগ্রাহী জনার্দ্ধনঃ॥"

অনেকে এই শ্লোকটীর অবৈধ স্থযোগ ও কদর্থ ক'রে ব'লে থাকেন,—ষিনি যা'ই লেখুন না কেন, সিদ্ধাস্তবিক্ষর ইউক, আর রসাভাসদোষ-গ্রুই ইউক, যদি কেবল তা'তে ভগবানের নাম (?) বা গুণলীলার (?)।উল্লেখ-ছলনা-মাত্র থাকে, তা' হলেই "ভাবগ্রাহী জনার্দ্দনের" সস্তোষ হয়। কিন্তু সিদ্ধান্ত-বিক্লদ্ধ বা রসাভাস্ত্রি যদাতদা-কবির বাক্যে ভগবানের নাম বা প্রশংসার অভিনয় থাক্লেও ভাবগ্রাহী জনার্দ্দনের তা'তে আলৌ সন্তোষ হয় না।

বঙ্গদেশীয় প্রাক্বত কবির উদাহরণ

এর প্রকৃষ্ট প্রমাণ একদিন নীলাচলে একটা গোড়ীয়সাহিত্য-সভায় বিশেষরূপে নির্ণীত হ'রে গিয়েছে।
পূর্ব্ববঙ্গীয় কোন ব্রাহ্মণ-কবি শ্রীক্ষেত্রে উপস্থিত
হ'য়ে মহাপ্রভুর ভক্ত শ্রীভগবান্ আচার্য্যের পৃহে
আশ্রয় নিয়েছিলেন। সেই কবি মহাপ্রভুর সম্বন্ধে
একখানি নাটক রচনা ক'রে ভগবান্ আচার্য্য ও অনেক
বৈষ্ণবকে দেখিয়েছিলেন। সকলেই একবাক্যে কবির
কাব্যের প্রশংসা ক'রেছিলেন। এমন কি, এই নাটকখানা
মহাপ্রভুকে শুনাবার জন্ম সকলেই বিশেষ উদ্গ্রীব হ'য়ে
প'ড়েছিলেন। কিন্তু মহাপ্রভুর অন্তরক রস-সিদ্ধান্ত-সম্রাট্

স্বরূপ-দামোদরের কাছে সাহিত্য-পরীক্ষায় উত্তীর্ণ না হ'রে কোন সাহিত্যিক বা কবিরই মহাপ্রভুর কাছে কোন প্রকার গীতি, পদ, নাটক বা কাব্য শুনাবার অধিকার ছিল না; কারণ, মহাপ্রভু কোনপ্রকার তত্ত্বিরোধ বা রুঘাভাদ সহ কর্তে পার্তেন না। বৈঞ্ব-সাহিত্যিকগণেরও দেই-প্রকার চিত্তরুত্তি। ভগবানআচার্য্য যথন বঙ্গদেশীয় কবির পক্ষ থেকে স্বরূপদামোদরের কাছে উক্ত नाउँकी खनावात श्रेष्ठांव निष्य श्रिलन. ज्यन श्रुत्रभ-দামোদর বল্লেন,—"তুমি উদার গোপ-প্রকৃতি; তোমার কাছে দ্বই ভাল ব'লে বোধ হয়; কিন্তু এদকল ষ্কা-ত্ৰা-কবির কাব্য শুনে' গৌডীয়গণের স্থথ হয় না; কেননা, ষ'ারা অক্তিম গৌরক্ষগত-প্রাণ নয়—্যা'দের জীবন ও সাহিত্য একস্থরে বাঁধা নয়—নাহিত্যটা কেবল যা'দের কোন না কোন অন্তাভিলাষ বা কনককামিনী-প্রতিষ্ঠা সঞ্চারের একটা যন্ত্রমাত্র, তা'দের কাব্যে সিদ্ধান্তবিরোধ ও রদাভাদ-দোৰ থাকবেই থাকবে। তা'রা পর্ণভাবে শ্রোত-পথ অবলম্বন না করায়, কখনও কখনও বা কোন প্রকৃত বৈষ্ণব-সাহিত্যিকের অমুকরণ ক'রে হ'-চারটা ভাল কথা ব'লে ফেলতে পারে; কিন্তু যেথানেই তা'রা তা'দের নিজ-मनःकल्लना ७ छेक्ट्रांग अदन रक्तन्त, द्रिशाति उपविद्यांध, না হয়, রসাভাদ-দোষ ক'রে বদ্বে। তাই এদের কাব্য-সাহিত্য শুন্তে শুদ্ধবৈঞ্বদের স্থুথ হয় না। আর দেখ,

শ্রীরূপ কিরূপ স্থনর ছইটা নাটক লিখেছেন—'ললিতমাধব' ও 'বিদগ্ধমাধব'। এই নাটক শুনে' মহাপ্রভু ও রামানন্দ কিরূপ আনন্দ ও পরিতৃপ্তি লাভ ক'রেছেন।" শ্রীল স্বরূপ-দামোদরের এত উপদেশ-সত্ত্বেও পূর্ব্ববঙ্গীয় কবির পুনঃ পুনঃ প্ররোচনায় ভগবানু আচার্য্য যথন স্বরূপদামোদরের নিকট আরও ছ' তিন দিন এদে' অনেক অনুরোধ জানা'তে লাগ লেন, তথনশ্রীস্বরূপদামোদর ভগবানআচার্য্যের অন্তরোধ রক্ষা কর্বার জত্তে বল্লেন,—"বেশ, তা'হলে একটা বৈঞ্ব-সাহিত্য-সভার অধিবেশন হউক, দেখানে পূর্ব্ববঙ্গীয় কবি তাঁ'র নাটক পাঠ ক'রে গুনাবেন।" নির্দিষ্ট দিনে বহু-বৈষ্ণব-মণ্ডিত একটী সভায় ঐ কবি সর্বাত্রে তাঁ'র নাটকের নান্দীশ্লোকটা পাঠ ক'রে গুনা'লেন। ঐ শ্লোকের কাব্য শু'নে প্রায় সকলেই কবির কাব্যের প্রশংসা কর্তে থাক্লেন, কবির কর্ণে করতালির মধুস্রাবী রব স্থা বর্ষণ কর্তে থাক্লো। নান্দীশ্লোকটীর তাৎপর্য্য এই ছিল— 'দারুমূর্ত্তি জগরাথ হচ্ছেন—শরীরম্বরূপ, আর চৈতগুদেব रुक्त-- (मरे भन्नीरनन भन्नीती। नीलांहरल **এ**ই (मरु ও দেহীর একত্র সম্মেলন হ'য়েছে, তা'তে ক'রে দারুমূর্ত্তি জগরাথও সজীব হ'মে উঠেছেন !'

স্বরূপদামোদর কিন্ত আগাগোড়া চুপ ক'রে সব শুন্ছিলেন। তিনি লোকের ভোট্নিয়ে কারো প্রশংসা বা নিদা কর্বার লোক ছিলেন না। তিনি নিরপেক বিচারক,—তিনি স্বরাট্-দাহিত্য-রথের দারথী—দিদ্ধান্তের দ্রাট্। তিনি কারো অভিমতের দিকে না তাকিয়ে নির-পেক্ষভাবে দেই দাহিত্য-দভায় বঙ্গীয় বিপ্রকবিকে আহ্বানক'রে বল্লেন,—"অহে ! তুমি কি করেছ ! তোমার দাহিত্য, তোমার উপমা, অলঙ্কার, দব যে রদাতলে গিয়েছে ! এত বড় দিদ্ধান্তবিরোধ—তত্ত্বিরোধ ক'রে ব'দেছ ! বিষ্ণুবস্তার দেহ-দেহীতে ভেদ ক'রেছ—অপ্রাক্ত শ্রীবিগ্রহে প্রাক্ত বিচার ক'রেছ ! আর বিভুটেত্ত্য শ্রীবৈত্ত্রদেবকে-ক্ষ্পিন্তব্রার ক'রেছ ! তোমার দাহিত্য বিষ্ঠাগর্ভপ্রায় হ'য়ে পড়েছে, তা'তে কাককুল রমণ কর্তে পারে, কিন্তু মানদ-দরোধরের মুনি পরমহংদকুল কথনই তোমার ঐ উচ্ছিইগর্জে পতিত হবেন না । যদি মঙ্গল চাঙ্গ, তবে—

"বাহ ভাগবত পড় বৈঞ্চবের স্থানে। একান্ত আশ্রম কর চৈতন্স-চরণে॥ চৈতন্সের ভক্তগণের নিত্য কর সঙ্গ। তবে ত' জানিবে সিদ্ধান্ত-সমুদ্র-তরঙ্গ॥''

স্থীমগুলি! এখন দেখুন, যেখানে দিদ্ধাস্ত-বিরোধ—তত্ত্ব-বিরোধ, দেখানে বছ লোকের বা বছ তথা-কথিত বৈঞ্চবের অহুমোদন বা আদরের দ্বারা দিদ্ধাস্তবিৎ সৎসাহিত্যিকগণ চালিত হন না। এপ্লকারেই গৌড়ীয়সাহিত্যের নামে অনেক দিদ্ধাস্তবিক্ষম ও রসাভাসহৃষ্ট অপসাহিত্য বাজারে অবাধে চ'লেছে। তথা-কথিত বৈষ্ণব-সমাজ ও সাহিত্যিকগণ—
য''দিগকে অলঙ্কারশান্তের পরিভাষার "সতৃণাভ্যবহারী"
বলা যায়, তাঁরা মল-মধুর একাকারবাদী হ'য়ে পরমাদরের
সঙ্গে ঐ সকল অপসাহিত্য গ্রহণ কর্ছেন। এর কারণ
আর কিছুই নয়,—দে সকল অপসাহিত্য আমাদের আপাত
ইাক্রয়ত্তিকর, আমাদের ভোগোলুখ-কর্ণ-রসায়ন।

'ভক্তমালে' ভত্ববিরোধের উদাহরণ

লালদাদের নামে প্রচলিত যে 'ভক্তমাল' দেখতে পাওয়া যায়, তা'তে স্থানে স্থানে । যে দকল তত্ত্ববিরোধপূর্ণ কথা র'রেছে, তা'কে গৌড়ীয়-দাহিত্যের অন্তর্গত বল্তে গেলে দাহিত্যিক-গুরুগণের অবমানদা এবং দাহিত্যে জঞ্জালময় উপকরণ প্রবেশ করাবার প্রশালতিত্ব নিতে হয়। আমরা বাহুলা-ভয়ে এখানে একটা মাঝ উদাহরণ উদ্ধার করছি। লালদাদের 'ভক্তমালে' শঙ্করাচার্য্যের যে চরিত্র বর্ণিত হ'য়েছে, তা'তে নেখা আছে,—"শক্ষরাচার্য্য অভ্রক্তবৈরাগী ছিলেন; কিন্তু তাঁর রাধার্কক্ষের লীলা আস্থানন কর্বার প্রবেশ ইচ্ছা হওয়ায় তিনি এক মৃত রাজার শরীরে প্রবেশ ক'রে দেই রাজার স্থলরী মহিষীগণের দঙ্গে বিহার কর্তে লাগ্লেন; কেননা, প্রাক্তর রদাস্থাদনের অভিজ্ঞতা না থাক্লে অপ্রাক্ত-রদাস্থাদনে প্রবেশ-লাভ হয় না ॥" 'ভক্তমালে'র বাক্য এইরূপ,—

"বিরক্ত হইয়া স্ত্রীসঙ্গ না ব্য়ায়। রস জানিবারে প্রবেশয় পরকায়॥ রাণীগণ-সঙ্গে রস-বিহার করিয়া। জানিব রসের রীত শত আস্থাদিয়া॥ রস জানিবার হেতু তাৎপর্য্য অন্তরে। রাধাকৃষ্ণ-রসতত্ত্ব জানিব অদূরে॥"

(—ভক্তমাল ১১শ মালা)

এরপ বিচার কোন গোডীয় সাহিত্যিকেরই হ'তে পারে না। ইহা সম্পূর্ণ তত্ত্ববিরুদ্ধ রসিকক্রবগণের প্রাক্তত-সাহজিক-বিচার। যদি ইহাই মহ প্রভুর সিদ্ধান্ত হ'ত যে, প্রাকৃতরদের অভিজ্ঞতা সঞ্চয় ক'রে অপ্রাকৃতরদে প্রবেশ-লাভ হয়,---পশুপক্ষীর প্রেম অনুধাবন কর্তে করতে ক্লফপ্রেমে অধিকার হয়,-রাধারুঞ্জের লীলা আস্বাদন করতে হ'লে অভুক্ত বৈরাগী থাক্লে চলে না, —নপুংসক রসিকব্রুবগণের (Bogus) মতে ভুক্ত-বৈরাগী হ'তে হয়—বাস্তাশী হ'তে হয়, তা'হলে মহা-প্রভুর প্রীরঘুনাথ ভট্টগোস্বামীর প্রতি "বিবাহ না করিছ বলি' নিষেধ করিল'' প্রভৃতি বাক্যের সার্থকতাই থাকে না। শ্রীরঘুনাথ ভট্ট গোস্বামিপ্রভূ কিরূপ অষ্টপ্রহর রাধাক্তফের সেবারসে নিমগ্ন থাক্তেন, তা' চরিতামুতের পাঠকমাত্রেই জানেন: অথচ মহাপ্রভু সেই রঘুনাথের সঙ্গে নীলাচলে আগত কাব্য-প্রকাশের অধ্যাপক রামানন্দী

রামদাসকে আদর করেন নাই। কেননা, তা'তে মুমুক্ষার পক ছিল। রসসাহিত্য-জগতে যে মহাপ্রভুর শ্রীম্বরূপ-দামোদর, শ্রীগদাধর পণ্ডিত গোস্বামী, শ্রীলোকনাথ গোস্বামী, শ্রীমাধবেক্রপুরী, শ্রীজগদানন্দ পণ্ডিত গোস্বামী, শ্রীরঘুনাথ দাস গোস্বামী প্রভৃতি শ্রীরাধাগোবিন্দের দীলারস-সামাজ্যের এক একজন দিক্পাল—যে মহাপ্রভু ছোট-হরিদাসের বর্জনকারী,—যে মহাপ্রভুর আচার ও প্রচার—

> "নিষ্কিকনন্ত ভগবন্তজনোনুখন্ত পারং পরং জিগমিষোর্ভবদাগরন্ত। সন্দর্শনং বিষয়িশামথ বোষিতাঞ্চ হা হন্ত হন্ত বিষভক্ষণতোহপ্যসাঁধু॥" "যদবধি মম চেতঃ ক্লঞ্চপদারবিন্দে নবনবরস্ধামন্ত্রাদ্যতং রন্তমাসীং। ভদবধি বত নারীসঙ্গমে শ্বর্থামাণে ভবতি মুথবিকারঃ স্কুষ্ঠুনিন্তীবনঞ্চ॥"

প্রভৃতি শ্লোকে পরিক্ষ্ট, সেই সাহিত্য-নায়ক উন্নতোজ্জ্ঞান রদের প্রচারকারী মহাপ্রভুর জন্মগত-সম্প্রদায়ের সাহিত্যের নাম ক'রে কথনই কোন প্রাকৃত রদ বা প্রাকৃত সহজিয়ার Bogus সাহিত্য গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে প্রবেশ লাভ করতে পারে না।

পদাবলী-সাহিত্যে আবর্জনা

পূর্বেই আমরা ব'লেছি, সাহিত্যের প্রাণ—অপ্রাকৃত রস্ বা সিদ্ধান্ত। গোডীয়-সাহিত্য-ভাগুারে আমরা তা'কেই গ্রহণ কর্ব, যেখানে দাহিত্যের প্রাণবধ হয় নাই। গৌড়ীয়-সাহিত্যের নাম ক'রে অনেক খ্রামাঘাস গৌডীয়-সাহিত্য-ধান্ত-ক্ষেত্রের পাশে পরিবৃদ্ধিত হ'য়েছে। যে পদাবলী-সাহিত্য গৌডীয়-সাহিত্য-ভাগুরের মহামণি মরকত -গোডীয়-সাহিত্য-কুঞ্জের অকুত্রিম কুঞ্ভোগ্য বনফুল্মালা, দেই পদাবলী-সাহিত্যে আজ কত ভয়াবহ বিষময় আবৰ্জনা প্রবেশ ক'রেছে! অপ্রাক্ত ক্লখ্যেবার্দ্মগ্প মহাক্বি চণ্ডীদাস, বিভাপতি, বাস্তু ঘোষ, নরহরি সরকার ঠাকুর, লোচনদাস, ঠাকুর নরোত্তম, গোবিনদাস প্রভৃতি অপ্রাক্তত পদকর্ত্তা মহাজনগণের নাম ক'রে, তাঁদের নামে ভণিতা রচনা ক'রে, কত তুরভিদন্ধিযুক্ত ব্যক্তি কত কু-মতবাদ গোডীয়-সাহিত্য-ভাণ্ডারে প্রবেশ করাবার চেষ্টা ক'রেছেন। কুরুচিপূর্ণ ব্যক্তিগণ তাঁ'দের নিজ নিজ নিজ নিসর্গগত কুরুচি এবং তাঁ'দের কুভাব সুমর্থন করবার জন্মে অপ্রাক্ষত সেবারসমগ্র পরম-নির্মাল গোডীয়-সাহিত্যকগণের উপর তাঁ'দের চরিত্র আরোপ করবার চেষ্টা ক'রেছেন। যে-

> ''বিস্থাপতি, চণ্ডীদাস, শ্রীগীতগোবিন্দ। এ তিনের গীতে করায় প্রভুর স্থানন্দ॥''

সেই শ্রীচণ্ডীদাস, শ্রীবিত্যাপতি ও শ্রীনীতগোবিন্দকার জায়দেবকৈ প্রাক্ত সাহজিক সাহিত্যিক-সম্প্রদায় তাঁ' দর চিত্তবৃত্তিতে সাজাবার চেষ্টা ক'রেছেন। তাঁ'রা ম্ব-ম্বভাব-বর্ণন-মুখে চণ্ডীদাদকে একজন মংস্থাশী সাজিয়ে কোন মংস্থ-বিক্রেতীর নিকট হ'তে চণ্ডীনাসের প্রথম রদের সন্ধান. রজকিনী রামীর নিকট হ'তে পদ-দাহিচ্যের দন্ধান প্রভৃতি অত্যন্ত নীচ-জনোচিত কত ইতর্কথা সৃষ্টি ক'রেছেন! তার পর বিভাগতিকে মিথিলাধিপতি শিবসিংহের সাধবী মহিষী লছমী দেবীর সঙ্গে সংযোগ করিয়ে 'গ্রাক্ষপথে শছমী-দেবীর দর্শন না হ'লে বিজ্ঞাপতির কবিতার উৎস প্রকাশিত হত না !' প্রভৃতি নানা প্রকার কুরুচিপূর্ণ কথা স্ষ্টি ক'রেছে। প্রীক্ষমদেবকে নীলাচলে পদ্মাবতীর জন্স বাস্তাশী করাবার গল্প রচনা ক'রেছে ৷ এমন কি, প্রভর সহিত দ্বকাঞ্চনলতার অথেধ সংযোগ এবং প্রীরূপ-সনাতন-প্রীকবিরাজ গোস্বামী প্রভৃতি পরমজিতেক্রিয়কুলশিরোমণি গোস্বামিবর্গকে মিরাবাই ও কল্লিত খাদাঙ্গিনী প্রভতির নামের সহিত সংযোগ করাবার চেষ্টা ক'রেছে। যা'দের অপ্রাক্ত-সাহিত্যিক-সাব্ধী খ্রীল জগদানন পণ্ডিত-গোসামী প্রভুর 'প্রেমবিবর্ত্ত' সাহিত্যের উক্তি—

''ছোট হরিদাসের কথা থাকে যেন মনে।''

—ভূল হ'য়ে গিয়েছে, সে সকল প্রাক্ত সর্গজিয়া-সাহিত্যিক-সম্প্রদায়ের এ সকল অবৈধ চেষ্টা স্থণী-সমাজ নিশ্চয়ই ধর্তে পার্বেন। যে মহাপ্রভু 'স্ত্রীগান' শব্দমাক্র শ্রুবন ক'রে ব'লেছিলেন.—

"—গোবিন্দ আজ রাথিলা জীবন। স্ত্রী-পরশ হইলে আমার হইত মরণ॥" সেই মহাপ্রভূ যথন—

''চণ্ডীদাস, বিচ্ঠাপতি, বায়ের নাটক-গীতি,

কর্ণামৃত, শ্রীগীতগোবিন্দ।

यक्त भ-कां भानन-नातन, * * कां वि-मितन,

পায় শুনে পর্ম-আনন ॥"

তথন সেই চণ্ডীদাস, বিচ্ছাপতি প্রভৃতি অপ্রাক্ত সাহিত্যকগণে কোনপ্রকার হেয়তার লেশমাত্রও যে থাক্তে পারে না, তদ্বিষ্য়ে আর অধিক প্রমাণের আবগুকতা নেই।

গোড়ীয় পুরাণ-সাহিত্য

গোড়ীন্ন-সাহিত্য নিত্য নবযৌবন আগু প্রাণ-প্রুষ গোবিন্দের দেবার কথাই কার্দ্তন ক'রে থাকেন। গোড়ীন্ন-সাহিত্য, গোড়ীন্ন-কাব্য সকলই বৈঞ্চবগণের প্রমপ্রিদ অমলপুরাণ শ্রীমন্তাগবতের বিবৃতি। গোস্বামিগণের গ্রন্থ সমস্তই পুরাণ-সাহিত্য।

গোড়ীয়-বিজ্ঞান-সাহিত্য

গৌড়ীয়-সাহিত্য বাস্তব-বিজ্ঞানের কথা কীর্স্তন করেছেন। নিখিল বিজ্ঞান একমাত্র যে মূল-বিজ্ঞানের অন্তগত হ'য়ে

কার্য্যকরী হ'লে বিজ্ঞান-বিশ্বে সাম্য, মৈত্রী ও স্বাধীনতা স্থাপিত হ'তে পারে, সেই বাস্তব-বিজ্ঞানই গৌড়ীয়-সাহিত্যের প্রতিপাত বিষয়। লোকপিতামহ ব্রহ্মাকে বিজ্ঞান-পুরুষ চতুঃশ্লোকীর মন্ত্রে এই বাস্তব-বিজ্ঞান-বীজই প্রদান ক'রেছিলেন। আবার দেই বিজ্ঞানপুরুষ শ্রীকৃষ্ণ-চৈতন্ত ত্রিবেণীর তটে খ্রীরূপ গোস্বামী প্রভৃতে এহ বিজ্ঞান-বিজ্ঞলী সঞ্চার কর্বার লীলা প্রদর্শন ক'রেছিলেন। তারই ফলম্বরূপ গোড়ীয়-বিজ্ঞান-মহাগ্রন্থ শ্রীভক্তির্দামত-দিক্স প্রকাশিত হ'য়েছে। অনিত্য জগদ্ধণ অবাস্তবে বাস্তব-বৃদ্ধিযুক্ত বর্ত্তমান বিশ্ব, এসকল কথাকে যেন 'রূপক' মনে না করেন। গৌড়ীয়-বাস্তব-বিজ্ঞান-সাহিত্য ভক্তি-রুগামুতসিন্ধুর আলোচনা করুন, দেখিবেন,—বিশ্ব-বিজ্ঞানকে কিরূপ বাস্তব স্থবৈজ্ঞানিক ধারায় নিয়ফিত করা হয়েছে। বাস্তব-বিশ্ববিজ্ঞান-মন্দিরের দ্বারোদ্ঘাটনের কুঞ্চিকাম্বরূপ গোড়ীয়-বিজ্ঞান-দাহিত্যের এই মূলমন্ত্রটী অমুধাবন কর্মন,---

> "অনাসক্তস্ত বিষয়ান্ যথার্হমূপযুঞ্জতঃ। নির্বেদ্ধঃ কৃষ্ণস্বদ্ধে যুক্তং বৈরাগ্যমূচ্যতে ॥"

বিশ্ববিজ্ঞান যদি গৌড়ায়-বিজ্ঞান-শাস্ত্রের এই মূল-মন্ত্রটীর অবজ্ঞা করে, তা'হলে বিশ্ববিজ্ঞান অজ্ঞানে পরিণত হবে—বিশ্ব চিরকালই ভবমহাদাবাগ্নিতে দগ্ধ হ'তে থাক্বে! আর যে দিন ঐ বাস্তব-বিজ্ঞানের উক্ত বীজ-মন্ত্র কর্ণে

পদাবলী-সাহিত্যে আবর্জনা

পূর্ব্বেই আমরা ব'লেছি, সাহিত্যের প্রাণ-অপ্রাকৃত রস বা সিদ্ধান্ত। গৌডীয়-সাহিত্য-ভাণ্ডারে আমরা তা'কেই গ্রহণ কর্ব, যেখানে দাহিত্যের প্রাণবধ হয় নাই ৷ গৌড়ীয়-সাহিত্যের নাম ক'রে অনেক খ্রামাঘাস গৌড়ীয়-সাহিত্য-ধান্ত-ক্ষেত্রের পাশে পরিবৃদ্ধিত হ'য়েছে। যে পদাবলী-সাহিত্য গৌডীয়-সাহিত্য-ভাগুরের মহামণি মরকত – গোড়ীয়-সাহিত্য-কুঞ্জের অক্ততিম কুঞ্ভোগ্য বনফুলমালা, নেই পদাবলী-সাহিত্যে আজ কত ভয়াবহ বিষময় আবৰ্জনা প্রবেশ ক'রেছে ৷ অপ্রাক্ত কুঞ্চদেবার্দমগ্ন মহাক্বি চণ্ডীদাস, বিভাগৈতি, বাস্থ ঘোষ, নরহরি সরকার ঠাকুর, লোচনদাস, ঠাকুর নরোত্তম, গোবিন্দদাস প্রভৃতি অপ্রাক্তত পদকর্ত্তা মহাজনগণের নাম ক'রে, তাঁদের নামে ভণিতা রচনা ক'রে, কত তুরভিদন্ধিযুক্ত ব্যক্তি কত কু-মতবাদ গোডীয়-সাহিত্য-ভাগুরে প্রবেশ করাবার চেষ্টা ক'রেছেন। ক্রুচিপূর্ণ ব্যক্তিগণ তাঁ'দের নিজ নিজ নিসর্গগত কুরুচি এবং তা'দের কুভাব স্মর্থন কর্বার জন্মে অপ্রাকৃত দেবারসমগ্ন পরম-নির্ম্মল গোডীয়-সাহিত্যকগণের উপর তাঁ'দের চরিত্র আরোপ করবার চেষ্টা ক'রেছেন। যে-

> ''বিষ্যাপতি, চণ্ডীদাস, শ্রীগীতগোবিন্দ। এ তিনের গীতে করায় প্রভুর স্থানন্দ॥''

সেই প্রীচণ্ডীদাদ, প্রীবিভাগতি ও প্রীগীতগোবিন্দকার জয়দেবকৈ প্রাকৃত সাহজিক সাহিত্যিক-দম্প্রনায় তাঁ' দর চিত্তবৃত্তিতে সাজাবার চেষ্টা ক'রেছেন। তাঁ'রা ম্ব-ম্বভাব-বর্ণন-মুখে চণ্ডীদাদকে একজন মংস্থাশী দাজিয়ে কোন মংস্থ-বিক্রেত্রীর নিকট হ'তে চণ্ডীলাসের প্রথম রদের সন্ধান, রজ্ঞকিনী রামীর নিক্ট হ'তে পদ-দাহিত্যের সন্ধান প্রভৃতি অতাম্ভ নীচ-জনোচিত কত ইতরকথা স্পৃষ্টি ক'রেছেন। তার পর বিখ্যাপতিকে মিথিলাধিপতি শিবসিংহের সাধ্বী মহিষী লছমী দেবীর সঙ্গে সংযোগ করিয়ে 'গবাক্ষপথে শছমী-দেবীর দর্শন না হ'লে বিভাপতির কবিতার উৎস প্রকাশিত হত না !' প্রভৃতি নানা প্রকার কুরুচিপূর্ণ কথা স্ষ্টি ক'রেছে ৷ প্রীজয়দেবকে নীলাচলে প্রাবতীর জন্ম বাস্তাশী করাবার গল্প রচনা ক'বেছে! এমন কি, প্রভুর সহিত 🛚 কাঞ্চনলতার অবৈধ সংযোগ এবং শ্রীরূপ-সনাতন-শ্রীকবিরাজ গোস্বামী প্রভৃতি পরমজিতে ক্রিয়কুল শিরোমণি গোশামিবর্গকে মিরাবাই ও কল্পিত খ্যামাঙ্গিনী প্রভৃতির নামের সৃহিত সংযোগ করাবার চেষ্টা ক'রেছে। যা'দের অপ্রাক্ত-সাহিত্যিক-সার্থী শ্রীল জগদানন পণ্ডিত-গোস্বামী প্রভর 'প্রেমবিবর্ত্ত' দাহিত্যের উক্তি—

''ছোট হরিদাসের কথা থাকে যেন মনে।''

—ভুল হ'য়ে গিয়েছে, দে দকল প্রাক্কত স্থজিয়া-সাহিত্যিক-সম্প্রদায়ের এ দকল অবৈধ চেষ্টা স্বধী-সমাজ নিশ্চয়ই ধর্তে পার্বেন। যে মহাপ্রভু 'স্ত্রীগান' শব্দমাক্র শুবণ ক'রে ব'লেছিলেন,—

"—গোবিন্দ আজ রাথিলা জীবন। স্ত্রী-পরশ হইলে আমার হইত মরণ॥" সেই মহাপ্রভূ যথন—

''চণ্ডীদাস, বিষ্ঠাপতি, বায়ের নাটক-গীতি,

কর্ণামৃত, শ্রীগীতগোবিনা।

श्रक्त १ - त्रांभानन्त- नतन, * * त्रां वि- नितन,

গায় শুনে পর্ম-আনন ।"

তথন সেই চণ্ডীদাস, বিম্বাপতি প্রভৃতি অপ্রাক্ত সাহিত্যকগণে কোনপ্রকার হেয়তার লেশমাত্রও যে থাক্তে পারে না, তদ্বিষ্ট্রে আর অধিক প্রমাণের আবগুকতা নেই।

গোড়ীয় পুরাণ-সাহিত্য

গোড়ীয়-সাহিত্য নিত্য নবযৌবন আছ পুরাণ-পুরুষ গোবিন্দের সেবার কথাই কার্ত্তন ক'রে থাকেন। গোড়ীয়-সাহিত্য, গোড়ীয়-কাব্য সকলই বৈষ্ণবগণের পরমপ্রিয় অমলপুরাণ শ্রীমন্তাগবতের বিবৃতি। গোস্বামিগণের গ্রন্থ সমস্তই পুরাণ-সাহিত্য।

গোড়ীয়-বিজ্ঞান-সাহিত্য

গৌড়ীয়-সাহিত্য বাস্তব-বিজ্ঞানের কথা কীর্ত্তন করেছেন। নিথিল বিজ্ঞান একমাত্র যে মূল-বিজ্ঞানের অন্থগত হ'য়ে

কার্য্যকরী হ'লে বিজ্ঞান-বিশ্বে সাম্য, মৈত্রী ও স্বাধীনতা স্থাপিত হ'তে পারে, সেই বাস্তব-বিজ্ঞানই গোড়ীয়-সাহিত্যের প্রতিপাত বিষয়। লোকপিতামহ ব্রহ্মাকে विकान-शूक्य हजुः द्वां कीत गरह वह वा खन-विकान-वी करे প্রদান ক'রেছিলেন। আবার দেই বিজ্ঞানপুরুষ শ্রীকৃষ্ণ-চৈতন্ত ত্রিবেণীর তটে শ্রীরূপ গোস্বামী প্রভূতে এই বিজ্ঞান-বিজলী সঞ্চার কর্বার লীলা প্রদর্শন ক'রেছিলেন। তারই ফলস্বরূপ গোড়ীয়-বিজ্ঞান-মহাগ্রন্থ শ্রীভক্তির্দামত-সিন্ধ প্রকাশিত হ'য়েছে। অনিত্য জগজ্ঞপ অবাস্তবে বাস্তব-বৃদ্ধিযুক্ত বর্ত্তমান বিশ্ব, এসকল কথাকে যেন 'রূপক' মনে না করেন। গৌড়ীয়-বাস্তব-বিজ্ঞান-সাহিত্য ভক্তি-রদাযুতসিন্ধুর আলোচনা করুন, দেখিবেন,—বিশ্ব-বিজ্ঞানকে কিরূপ বাস্তব স্থবৈজ্ঞানিক ধারায় নিয়ফিত করা হয়েছে। वाळव-विश्वविक्कान-मन्नित्तत बात्तान्यावेतनत कुक्षिकाश्वतल গোড়ীয়-বিজ্ঞান-সাহিত্যের এই মূলমন্ত্রটী অন্তথাবন কর্মন,—

> "অনাসক্তস্ত বিষয়ান্ যথার্হমূপযুঞ্জতঃ। নির্বেদ্ধঃ কৃষ্ণস্বদ্ধে যুক্তং বৈরাগ্যমূচ্যতে ॥"

বিশ্ববিজ্ঞান যদি গৌড়ায়-বিজ্ঞান-শান্ত্রের এই মূল-মন্ত্রটীর অবজ্ঞা করে, তা'হলে বিশ্ববিজ্ঞান অজ্ঞানে পরিণত হবে—বিশ্ব চিরকালই ভবমহাদাবাগ্নিতে দগ্ধ হ'তে থাক্বে! আর যে দিন ঐ বাস্তব-বিজ্ঞানের উক্ত বীজ-মন্ত্র কর্ণে ধারণ কর্তে শিথ্বে, সেদিন বিশ্বে সত্য-সত্যই সাম্য, মৈত্রী ও স্বাধীনতার বাস্তব রাজ্য স্থাপিত হ'বে।

গোড়ীয় শিল্প-সাহিত্য

গোড়ীয়-শিল্প-সাহিত্য শিল্প-বিশ্বের শীর্ষোপরি নৃত্য করেছ। কথা-শিল্পে, গ্রন্থ-শিল্পে, সন্দর্ভ-শিল্পে, সঞ্গতি-শিল্পে অথবা বাৎসায়নোক্ত নৃত্য-গীত-বাতাদি চতুঃষষ্টি বাহুক্রিয়া, আলিম্পনাদি চতুঃষষ্টি আভ্যস্তরক্রিয়া, কারুকশ্মগ্রহ প্রভৃতি কলা-কলাপে গৌড়ায়-শিল্প অদিতীয়। প্রতিমা-প্রকাশ, জীমন্দির-নির্মাণ, শিলাপীঠ, লিঙ্গপীঠ, রথনির্মাণ, অল্ক্ষার-নির্মাণ প্রভৃতি যে-কোন বিষয়ে গৌড়ীয়-শিল্প বিশ্ব-সাহিত্যের অবিকৃত ভাগি কারণরূপে বিরাজ-মান: কারণ, স্বয়ং শিল্প-নায়কই গৌড়ীয়-সাহিত্যের প্রতিপান্ত বিষয়। ললিতাকেপ, মহারাজলীলা প্রভৃতি ভঙ্গ, দ্বিভঙ্গ, ব্রিভঙ্গ, অমুভঙ্গ ও অতিভঙ্গ প্রভৃতি চারু ললিত দেহ-সংস্থান একমাত্র শিল্প-নায়ক ললিতাত্রভঙ্গ ভামস্থলারেই পূর্ণমাত্রায় বিরাজমান। বিশ্বকর্মাদি দেব-শিল্পী বৈকুণ্ঠ-শিল্পিগণেরই আংশিক ও অপূর্ণ শিল্পকলা বিস্তার ক'রেছেন। বৈকুণ্ঠ-শিল্প হ'তে দারকার ও তদপেক্ষা মথুরার শিল্প আরও শ্রেষ্ঠ। আর বৃন্দাবনীয় শিল্পের—যা'র প্রচার নৃলোকে অসম্ভব ছিল, সেই শিল্পই গৌড়ীয়-সাহিত্য অন্ধন क'रत्राह्म । या'ता औड ब्ल्बमनीमम्ब, औरमाविन्समीनाम् छ,

শ্রীকৃষ্ণভাবনামৃত প্রভৃতি গৌড়ীয়-শিল্প-দাহিত্য-পাঠের অধিকারী, তাঁরাই একথা প্রাণে-প্রাণে অমুভব কর্তে পারেন। ভারত ও ভাগবতই নিথিল-কথা-শিল্পের মূল মহা-মন্দির। শ্রীল সনাতন গোস্বামী প্রভ্র বহন্তাগবতামৃত কথা-শিল্পের মন্দির-মৃকুট। শ্রীল গোপাল ভট্ট গোস্বামিপাদের হরিভক্তিবিলাস গৌড়ীয়-বিশ্ব-শিল্পাহিত্যের বাস্তব-বিজ্ঞান। 'বিশ্বকর্ম্ম-শিল্পা, 'বিশ্বকর্ম-প্রকাশ', 'শিল্পার্কার', 'শিল্প-কলাদীপিকা', 'রাজবল্লভমগুল' বা 'অপরাজিতাপূচ্ছা' প্রভৃতি বিশ্ব-শিল্পাহিত্য গৌড়ীয়-শিল্প-দাহিত্যের নিকট তিরস্কৃত হ'য়েছে,—একথা গৌড়ীয়-সাহিত্য-শিল্পিগনের অমুগত হ'য়ে যে কেহ নিরপেক্ষভাবে বিচার ক'রে নিতে পারেন।

গোড়ীয়-পত্ৰ-সাহিত্য

পত্র বা পত্রিকা-সাহিত্যে বাস্তব-জীবনের অনেক বিষয়
অতি সহজ সরল ও অক্তত্রিমভাবে প্রকাশিত হয় এবং
সাময়িক-পত্রিকা-সাহিত্যে বিবিধ সাময়িক-প্রসঙ্গের অবতারণা, মতবাদের সমালোচনা, অহয় ও ব্যতিরেকভাবে
পূর্ব্বপক্ষ-নিরাস ও স্বপক্ষ-স্থাপনাদিকার্য্যে সাহিত্য-সম্পদ্
যথেষ্ট বৃদ্ধি প্রাপ্ত হয়। এই পত্র-সাহিত্য গৌড়ীয়-সাহিত্যে
প্রচুরভাবে বর্ত্তমান আছে। কেবল যে ভাগবতে ১০য়
য়য়ের ক্রঞের নিকট ক্রিলীদেবীর পত্রিকা-প্রেরণের কথা

গৌড়ীয়-সাহিত্যে প্রসিদ্ধ আছে, তা' নয়; গৌড়ীয়
কাব্যাদিতেও এই পত্র-সাহিত্যের যথেষ্ট নিদর্শন আছে।
তারপর ভক্তিরত্বাকর-গ্রন্থ- শ্বত শ্রীনিবাস আচার্য্য, শ্রীরামচন্দ্র
কবিরাক্ত, শ্রীনরোত্তম ঠাকুর, শ্রীগোবিন্দ কবিরাক্ত প্রভৃতি
আচার্য্যগণের প্রতি বৃন্দাবনীয়-বার্ত্তাজ্ঞাপক শ্রীল জীব
গোস্বামী প্রভুর পত্রিকা-চতুইয় প্রভৃতি বহুপত্র এবং বর্ত্তমানযুগে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামিপাদের পত্রাবলী গৌড়ীয়-পত্র-সাহিত্যের অমৃল্য সম্পত্তি।

সাময়িক-পত্ৰ-সাহিত্য

মুদ্রাযন্তের প্রচলনের সঙ্গে সঙ্গে সাময়িক-পত্রিকার প্রকাশ বিস্তৃত হ'রেছে। বাংলা-দেশের পরমার্থপ্রচারিণী সাময়িক পত্রিকার ইতিহাস-আলোচনায় জানা যায় যে, সর্ব্বাপেক্ষা প্রাচীন-পত্রিকা—শ্রীসজ্জনতোষণী। এখন হইতে অর্দ্ধশতাকা পূর্ব্বে ইহার প্রথম প্রকাশ। যদিও শিনতানন্দদায়িনী' নামী একখানা মাসিক পত্রিকা তিনমাস অন্তর বৈমাসিক আকারে সজ্জনতোষণীর দশ বর্ব পূর্বেব কতিপয় গ্রন্থপ্রকাশমুথে প্রচারিত হ'য়েছিল, তথাপি তা'তে সাময়িক-প্রকাশ বলা যায়। শ্রীসজ্জনতোষণী পত্রিকার সম্পাদক ছিলেন—ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিবিনাদ ঠাকুর। তিনিই সাময়িক-পত্রিকা-সাহিত্যে গুদ্ধভাবন্তক্তির

কথা প্রবর্ত্তন করেন। 'নিত্যানন্দদায়িনী' পত্রিকায় মিশ্রভক্তি ও নানাপ্রকার উপধর্মের কথাও স্থান পেয়েছিল। **'শ্রীদজ্জনতোষণী' পত্রিকার পরেই 'প্রেম প্রচারিণী' নামী আর** একখানি পত্তিকা প্রচারিত হয়। তার সম্পাদনকার্য্য করতেন—নবাবগঞ্জের পরলোকগত দীনবন্ধু দেন। পরে এই পত্রিকা শ্রীসজ্জনতোষণীর সহিত সম্মিলিতা হন। অমৃতবাজারের শিশিরবাবুর যোগে 'বিষ্ণুপ্রিয়া' নামী এক-খালি পাক্ষিক-বৈষ্ণব-পত্তিকা প্রচারিত হয়। ওঁ বিষ্ণুপাদ প্রীল ভক্তিবিনোদ ঠাকুর ও প্রীল খামলাল গোস্বামী মহাশয়দ্বয় ঐ পত্রিকার সম্পাদক ছিলেন। পত্রিকাটী ত্র'তিন বংদর প্রচারিত হ'য়েছিল। 'নিবেদন' নামে আর একটী সাপ্তাহিক সাময়িকগত্র তিনবৎসর কাল শুদ্ধ-গোড়ীয়-বৈষ্ণব-সাহিত্য প্রচার ক'রেছিলেন। "গ্গোডুভূমি' নামে একখানি মাসিক পত্রিকা গোকর্ণ হ'তে প্রচারিত হয়, তা'র সম্পাদক ছিলেন-পর্লোকগত রামপ্রদর ঘোষ। তিনি প্রীধামাপরাধী ছিলেন না। তু'তিন বৎসরমাত্র উহার প্রচার ছিল। 'বৈষ্ণবদৃদ্দিনী' নামী একথানি মাসিক পত্রিকা छानौ बानां है दें बीयूक मधुरुषन पान विधिकाती মহাশ্রের শ্বারা আজও প্রকাশিত হচ্ছে। এ ছাড়া গোড়ীয়--বৈষ্ণব-ধর্মের মুখপত্র ব'লে কতকগুলি পত্রিকা বেঙের ছাতার (mush-room) মত মনোধর্মময় ভাবপ্রাবার -বৃষ্টিসম্পাতে স্কলা-স্ফলা-শস্তগ্রামলা বাংলার

জন্ম গ্রহণ ক'রেছিল। দেগুলিতে সিদ্ধান্তবিরোধ, রস-বিরোধ: স্ব-স্ব-মতবাদ-পোষক সঙ্কীৰ্ণতা আচাৰ্য্য-বিছেষ ও অদৎ-শাম্প্রদায়িকতা থাকায় দেগুলি সমাজের আদৌ কোন হিত সাধন করতে পারে নি। কাজেই ওগুলোকে গৌড়ীয়-পত্রিকা-সাহিত্য ব'লে উল্লেখ কর্লে প্রকৃত স্থী নং-সাহিত্যিকগণ তা' কতদুর অনুমোদন কর্বেন, সেবিষয়ে সন্দেহ। এরপ পত্রিকা-সাহিত্যের অন্তিত্ব-সম্বন্ধে এই টুকু বলা যায় যে, উহাদের কোন-কোনটা স্বাষ্ট্র সঙ্গে-সঙ্গেট বিলুপ্ত হ'য়েছে, কতকগুলি কিছুকাল সমাজের অভিত ক'রে আত্মগোপন ক'রেছে, কতকগুলি বা এখনও সমাজে দুষিত সংক্রামক-ব্যাধির বীদ্ধ ও বিদ্ধমতবাদ-সমূচ অসতর্ক সামাজিক-গণের মধ্যে বিস্তার ক'রে ব্যাতরেকভাবে গুদ্ধ-গোডীয়-বৈষ্ণৰ-সাহিত্যের প্রচার ১ও প্রসার-বিষয়ে ঔজ্জন্য ও পুষ্টি বিধান করছে। অল্পকথায় আমরা এইমাত বলতে পারি যে, শ্রোতপথে পরিপূর্ণভাবে আচার-প্রচার-মুথে পরিনিষ্ঠিত না থাকায়, একমাত্র শ্রীসজ্জনতোষণী, নিবেদন প্রভৃতি কয়েকটা সাম্যিক পত্ৰ বাতীত অস্থান্ত দকল পত্ৰগুলিই ন্যুনাধিক বিদ্ধ-বৈঞ্চব-সাহিত্য বা দামান্ত বৈঞ্চব-দাহিত্য প্রচার ক'রেছে। ওঁ বিষ্ণুপাদ প্রীশীমন্তক্তিদিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভূপাদের দ্বারা প্রতিষ্ঠিত গোডীয়দাহিতা-সম্বন্ধী একমাত্র সাপ্তাহিক সাময়িকপত্ত "**রোড়ীয়"** পারমার্থিক পত্রিকা-সাহিত্যে যুগান্তর আনয়ন ক'রেছে। বৃহত্তর বঙ্গে, ভালমুড হিমাচলে,

এমন কি, পাশ্চাত্যদেশে পর্যাস্ত এই পত্রিকার গ্রাহক ও পাঠক র'য়েছেন। পারমার্থিক সামন্বিক,পত্রিকার মধ্যে ই হার প্রচার সর্বোপরি। কুমতবাদ-খণ্ডনে সম্প্রদায়-বৈভব-সাহিত্য এবং সম্বন্ধাভিধেয়-প্রয়োজন-সাহিত্য-প্রচারে এই পত্রিকা-সাহিত্য অদ্বিতীয়। শুদ্ধ-দেবা-সাহিত্য-প্রচারে "গৌড়ীয়" গত সাত বৎসরকাল যে কি কার্য্য ক'রেছেন, তা' ব গোড়ীয়ের সাত বছরের স্থচীশত্র হ'তেই একটা দিগদর্শন হ'তে পারে। তারপর শ্রীল ভক্তিবিনোদ ঠাকুরের গৌড়ীয়-সাহিত্য-প্রচারকারী 'শ্রীসজ্জনতোষণী' পত্রিকা ওঁ বিষ্ণুণাদ প্রীপ্রীল ভক্তিসিদ্ধান্ত সরম্বতী গোম্বামী প্রভুণাদের সম্পা-দকত্বে, প্রথমে বাংশা ভাষায়, তৎপরে অধুনা ইংরেজী, সংস্কৃত ও হিন্দি—এই চতুর্ম্ব্রে প্রকাশিত হ'য়ে বিশ্বপত্রিকা-সাহিত্যের চিস্তা-ভাব-ভাষা-পরিভাষা-জগতে এক মহা-যুগান্তরের স্টুচনা ক'রেছে। বর্ষত্রয় যাবৎ বিশ্বপত্রিকা-নাহিত্য-সাম্রাজ্যে মহা-অভাবনীয় অভিনবতার সাহিত্য-দিংহাদন আবিদ্ধত হ'য়েছে। মহাপ্রভুর আবির্ভাবভূমি গোড়পুরের সারস্বত-তীর্থ হ'তে ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত-সরবতী গোস্বামী প্রভূপাদের অভীষ্টান্স্সারে 'দৈনিক-নদীয়া-প্রকাশ' নামক একমাত্র শুদ্ধ পারমার্থিক সাময়িক পত্র সম**গ্র ভারতে প্রকাশিত হচ্ছে। "দৈনিক নদীয়াপ্রকাশ** পত্র— গোড়ীয়-সাহিত্য-গোরব, গোড়ীয়-(शीवर, विश्व-देवक्षव-शीवव।

গোড়ীয়-রস-সাহিত্য

যদি চিনায় হরি-রস-সাহিত্যের পরিপূর্ণ-ভাগ্ডার কোথায়ও থাকে. তা' হ'লে একমাত্র গৌড়ীয়-দাহিত্যেই আছে। এ কথা আর অধিক ক'রে বল্তে হ'বে না। গৌডীয়-রদ-দাহিত্যের মধ্যে গোপীগীতা. ভ্রমরগীতা. জয়দেবের গীতগোবিন্দ, বিশ্বমঙ্গলের ক্রফকর্ণামৃত,রামানন্দ-রায়ের জগরাথবল্পভ-নাটক, চণ্ডীনাস, বিভাপতি এবং অক্তান্ত শুদ্ধমহাজন-পদাবলী, শ্রীন রূপপাদের ললিতমাধব, বিদ্রমাধ্ব, হংসদূত, প্রাবলী, ভক্তিরসামুত্সিরু, উজ্জ্ব-नीलम्बि, खबमाला, खील त्रवृतांश लाखांमळा बृत खबावली, শ্রীল জীবগোস্বামী প্রভুর গোপালচম্পু, প্রীতিদলর্ভ, শ্রীল ক্বিরাজ গোস্বামিপ্রভুর গোবিন্দলীলামৃত ও এীচৈত্ত-চরিতামৃত, কবিকর্ণপূরের আনন্দবুন্দাবনচম্পূ, প্রীল বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুরের ক্রফভাবনামুত, সঙ্গলকল্পভ্রম, রাগবর্ত্ম-চল্লিকা এবং বর্ত্তমানযুগে ভক্তিবিনোদ ঠাকুরের 'রূপানুগ-ভদ্ধনদৰ্পণ' 'গীতমালা' প্ৰভৃতি এবং শ্ৰীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের ভ্রমরগীত ও মহিধীগীতের পতামুবাদ প্রভৃতি বিশেষ উল্লেথযোগ্য।

গোড়ীয়-সঙ্গীত-সাহিত্য

গৌড়ীয়-দঙ্গীত-দাহিত্য একটী মহাশ্চর্য্য ও বিপুল ব্যাপার। পৃথিবীতে যত দঙ্গীত-দাহিত্য প্রচারিত হয়েছে,

সকলই এই গোড়ীয়-সঙ্গীত-সাহিত্যের একটী বিষ্ণুত আভাস মাত্র; এমন কি, বৈকুণ্ঠের সঙ্গীত-সাহিত্যও এই গৌড়ীয়-দঙ্গীত- সাহিত্যের অসম্পূর্ণ প্রকাশমাত্র। কারণ, সঙ্গীত-সাহিত্যের যেখানে চরমণীমা, সেই রাদক্রীভার নায়ক গোডীয়-সঙ্গীত-সাহিত্যের দেবতা। এক মাত্র সর্বানর্থ-নির্ম্মুক্ত অ-প্রাক্বত ক্বফ-রদ-রদিকগণই এ কথা উপলব্ধি কর্তে পার্বেন। রাসতাগুবী ক্লফের গৌরাবতারে যে সঙ্কীর্ত্তন-রস প্রচারিত হ'য়েছিল, ত'াতে সঙ্গীত-দাহিত্য-বিশ্বে যুগাস্তর উপস্থিত হ'য়েছে। এমন নৃত্য-কলা, এমন বাদিত-কলা, এমন গীত-কলা আর কোথায় আছে—যেমনটা নুত্য-নায়ক গৌরস্থন্দর নিজ-গণ-সঙ্গে জগতে প্রকাশ ক'রেছেন ? সঙ্কার্তন-রাসস্থলী প্রীবাদলঙ্গনে, নগরদন্ধীর্ত্তনে এবং নীলাচলে রথাতো নৃত্য-কালে যে সঙ্গীত-সাহিত্য প্রকাশিত হ'য়েছিল, তার দিতীয় উদাহরণ আর কোথায়ও নেই। 'সঙ্গীত-পারিজাত', 'সঙ্গীত-শিরোমণি' প্রভৃতি শাস্ত্র সঙ্গীত-লক্ষণ-বর্ণনে গীত, বাছ ও নুত্য-এই ত্রিবিধ প্রকার নির্দেশ ক'রেছে। এই তৌধ্যত্রিক নীতি শান্তে ব্যসনরূপে পরিগণিত। নৃত্য-নায়ক সেই তৌর্য্য-ত্রিককেই ভগবৎদেবার পরম অনুকূল ক'রে জগতে প্রদর্শন ক'রেছেন। দঙ্গীত-দাহিত্য পরিপূর্ণরূপে ক্লেন্সিতর্পনে নিযুক্ত হ'য়েছে—একমাত্র গৌড়ীয়গণের সেবা-নৈপুণ্য। মহাপ্রভুর দ্বিতীয়ম্বরূপ গন্ধবকণ্ঠধিকারকারী শ্রীল স্বরূপ-গোস্বামী প্রভু ও শ্রীরামানন রায় গৌড়ীয়-সঙ্গীত-সাহিত্যের

শুরু । শ্রীমন্মহাপ্রভু শ্রীম্বরূপ গোস্বামী প্রভুকে সঙ্গীত-সাহিত্যে পরম নিপুণ দর্শন ক'রে 'দামোদর' নাম প্রদান ক'রেছিলেন। শ্রীল স্বরূপ দামোদর 'সঙ্গীত-দামোদর' নামে একথানা সঙ্গীত-সাহিত্য শাস্ত্র রচনা করেন,—একথা গৌড়ীয় সাহিত্যকর্গণ জানেন।

কেবল গোড়ীয় সঙ্গীত-সাহিত্যের কথা বলতে গেলেই একখানা বুহৎ গ্রন্থ রচিত হ'তে পারে। ভক্তিরত্নাকরের পঞ্চম তরত্বে সঙ্গীত-দাহিত্যের আলোচনা পাঠ কর্লেই অনেকে গৌড়ীয়-সঙ্গীত-দাহিত্যের একটুকু আভাদ পেতে পারবেন। তারপর শ্রীনিবাস আচার্য্য প্রভু, নরোত্তম ঠাকুর ও খ্রামানন্দ প্রভূগণের অভ্যুদয়কালে শ্রীনিবাস আচার্য্য প্রভূর প্রপৌত্র 'পদামৃতসমুদ্র'কার শ্রীন রাধামোহন ঠাকুরের সময় গৌড়ীয়-দঙ্গীত-দাতিতোর বিশেষ বিস্তার হ'য়েছিল। রাণীহাটা, মনোহরসাহী ও গড়েরহাটা (নামান্তর গরাণহাটী) প্রভৃতি রাগিণী একমাত্র গৌড়ীয়-সাহিত্যেরই নিজ-সম্পৎ। মধুর মুদন্ধ-বাছাও গৌড়ীয়-দঙ্গীত-দাহিত্যেরই আর একটী নিজ-সম্পত্তি। শ্রীনিবাস আচার্যাপ্রভু ও ঠাকুর মহা শয় সঙ্গীত-দাহিত্যের মধ্য দিয়া 'প্রার্থনা' ও 'প্রমভক্তিচক্রিকা'র শিক্ষাগুলি সর্বসাধারণে প্রচার ক'রেছিলেন। কিন্তু পর-বর্ত্তিকালে গুরুপাদপদ্মানুগভ্যের অভাবে সন্ধীত-সাহিত্য-নায়কের ইক্রিয়তর্পণের পরিবর্তে যথন আত্মেক্রিয়-তর্পণ-বৃত্তি জেগে উঠ লো-ভাল-লয়-মান-মুরের বাহ্য মোহ যথন সেবা-

কৈত ভাকে আর্ত করে দিল, তথন সঙ্গীত সাহিত্য পণ্য-ক্রথা বা বিলাদীর ভোগোপকরণে পর্য্যবিদিত হ'লো। পরবর্ত্তিকালে 'ক্ষণদা-গীতচিস্তামণি' নামক একথানি গ্রন্থ চক্রবর্ত্তী ঠাকুরের নামে আরোপিত হ'য়েছে; অনেকে ঐ সঙ্গীত-সংগ্রহ-সাহিত্যে নানাপ্রকার দিদ্ধান্ত-বিরোধ, রদা-ভাস-দোষাদি লক্ষ্য করেন, শোনা যায়। ময়নাভালের মঙ্গল-বৈক্ষবঠাকুরের শিশ্ব নৃসিংহঠাকুরের অধস্তন মিত্রঠাকুরগণের বংশীয়গণ মৃদঙ্গবাত্ত নিপুণ্তায় বিশেষ প্রসিদ্ধি লাভ ক'রেছিলেন।

গোড়ীয়-জ্যোতিঃ-সাহিত্য

গৌড়ীয়-জ্যোতিঃ-সাহিত্যও জ্যোতিষ-জগতে যুগাস্তর আনমন ক'রেছে। "ন যত্ত সুর্থ্যো ভাতি ন চক্রতারকম্"এর রাজ্য—"নিমেষাদ্ধাথ্যো বা ব্রঞ্জতি ন চি যত্তাপি সময়ঃ" বা "রাত্রীঃ শারদোৎফুল্লমল্লিকাঃ" প্রভৃতি বাক্য-বর্ণি চ্ যুগপৎ অচিস্ত্য-ব্যাপারের সমাবেশ ও সমন্বর একমাত্র গৌড়ীয় জ্যোতিষ-সাহিত্যই প্রদর্শন ক'রেছেন। কারণ, একমাত্র গৌড়ীয়-জ্যোতির্ব্বিদ্গণই গান ক'রে থাকেন,—

শ্বচ্চকুরেষ দবিতা দকলগ্রহাণাং রাজা দমস্তত্মর্ত্তিরশেষতেজাঃ। যস্তাজ্ঞয়া ভ্রমতি দস্ত_ুত কালচক্রে। গোবিন্দমাদিপুরুষং তমহং ভঙ্গামি॥ "

একদিকে যেমন---

''অথ সর্ব্বগুণোপেতঃ কা**লঃ** পরমশোভনঃ। যর্হেগোজনজন্মক্ষ**ং শান্তক্ষ** গ্রহতারকম্॥'' আর একদিকে তেমনি—

''চৌদশত সাতশকে মাস যে ফাস্কন।
পৌর্ণমাসীর সন্ধান্যকালে হৈল শুভক্ষণ॥
সিংহরাশি, সিংহ-লগ্ধ, উচ্চগ্রহণণ।
যড়্বর্গ, অষ্টবর্গ, সর্ব্ব স্থলক্ষণ॥
অকলঙ্ক গৌরচক্র দিলা দরশন।
স-কলঙ্ক চক্রে আর কোন প্রয়োজন ?"

—যে-সাহিত্যের প্রতিপান্থ বিষয়, সেন্থলে জ্যোতিষসাহিত্য যে সর্কোচ্চ স্থান অধিকার ক'রেছে, এতে আর
আশ্চর্য্য কি ? শ্রীহরিভক্তিবিলাদ একাদশী-নির্ণয়ে,
অরুণোদয়-লক্ষণ বর্ণনে, অষ্টমহাদাদশী-বিচারে, পারণকালনির্ণয়ে, ভগবদর্চনকারীর বিভিন্ন সেবাকাল-অবধারণে,
মার্গনীর্ষক্রত্য, পৌষকৃত্য, মাঘকৃত্য, বসস্তুপঞ্চমী, ভীম্মাষ্টমী,
ভৈমীএকাদশী, কাল্কনকৃত্য, গোবিন্দদাদশী, বসস্তোৎসব,
হৈত্রকৃত্য, রামনবমী, দোলমহোৎসব, দমনকারোপণোৎসব,
বৈশাথকৃত্য, অক্ষয়তৃতীয়া, নৃদিংহচতুর্দশী, চাতুর্মান্ত, শ্রাবণকৃত্য, পবিত্রার্পন, ভাত্তকৃত্য, শ্রীজন্মাষ্টমীরত, আশ্বিনকৃত্য,
বিজয়োৎসব, উর্জ্জা বা কার্ন্তিককৃত্য, দীপমালিকা-মহোৎসব,
গোবর্দ্ধনপূলা, রণ্যাত্রা, ভীম্বাঞ্চক প্রভৃতি অসংখ্য ভগবৎ-

দেবাতুকুল-কুত্য-নির্ণয়ে যে জ্যোতিষ-সাহিত্য বিস্তার[্] ক'রেছে, সেরূপ দাহিত্য আর অগ্রত নেই। জ্যোজি:-শাস্ত্র-ষড়্বিধ বেদাঙ্গের অন্যতম এবং 'সকল শাস্ত্রের চক্ষুঃ' বলিয়া উক্ত। কর্ম্মকাণ্ডীয় যজ্ঞবিধিতে কাল-জ্ঞানের আবশাকতা আছে এবং তজ্জ্যই জ্যোতিষ-শাস্ত্রের প্রয়োজন অনুভূত হয়; কিন্তু কর্মকাণ্ডীয়-বিধিতে বৃদ্ধি জড়ীভূত হ'য়ে গেলে আমাদের দিব্যচক্ষু অন্ধ হ'য়ে যায়। গৌডীয়-জ্যোতিষ-দাহিত্য আমাদিগকে দেরপ অন্ধ ক'রে দেয় না। গৌডীয়গণের জ্যোতিষ-শান্ত আদিপুরুষ গোবিন্দের সেবায় স্বষ্ঠভাবে নিযুক্ত। বর্ত্তমানযুগে সর্বশ্রেষ্ঠ কালজ (গোড়ীয়-জ্যোতিগুরি ওঁ বিষ্ণুপাদ শ্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদ গৌড়ীয় জ্যোতিষ-সাহিত্যের এক নবযুগ রচনা ক'রেছেন। প্রভূপাদ 'শ্রীসজ্জনতোষণী' ও নবদ্বীপ-পঞ্জিকা-সমূহে এই জ্যোতিষ-সাহিত্য-সম্পূৎ কিরূপ সমুদ্ধ ক'রেছেন, তা' বিশ্ব-জ্যোতি-ৰ্জ্জগৎ একদিন উপলব্ধি কর্তে পার্বেন। প্রত্যেক বার, তিথি, নক্ষত্র, মাদ, ঋতু, বর্ষ, অন্ধ্র, একাদশী, গৌডীয়গণের আবিভাব ও তিরোভাব-তিথি-সমূহ, সাত্বত-मच्छानास्त्रत चाहार्यागरणत अवः श्वकारणत अकरो अकरे-তিথি প্রভূপাদ কিরূপ গৌড়ীয়-জ্যোতিঃ-পরিভাষায় প্রকাশিত এবং দেগুলি বাস্তব প্রয়োগবিধিতে পরিণত ক'রেছেন, তা' প্রভূপাদের গৌডীয়-ছ্যোতিষ-সাহিত্য-সমূহ

আলোচনা কর্লেই স্থা-সমাজ উপলব্ধি কর্তে পার্বেন।
রূপাস্থা-গোড়ীয়গণই একমাত্র জ্যোতিঃ-সাহিত্য-সম্পদের
পূর্ণ-মালিক; কেননা, তাঁরাই শ্রীরাধাগোনিন্দের অষ্টকালীয়
সেবায় অভিজ্ঞ। প্রায়রবৃগীয় "ত্রেধা নিদধে পদম্" প্রভৃতি
বেদোক্তি রুষ্ণ-লীলার দৈবরাশি এবং গৌর-কুঞানি ভগবংপ্রাকট্যবিচারে জ্যোতিঃসিদ্ধাস্তোপপত্তি-সাহিত্যে আলগু
অপসারিভ হ'লে রুষ্ণভদ্ধনে চিত্ত দৃঢ়তা লাভ করে।

গৌড়ায়-সাহিত্য-নায়কের লীলা

গোড়ীয়-সাহিত্য যে সার্বভেম-সাহিত্য, এ বিষয়ে বোধ হয়, আমরা একটু দিলদনি কর্তে পেরেছি। এই সার্বভেম-সাফিত্যের পূর্বদম্পুট যথন বৃন্দাবন হ'তে শ্রীনিবাস আচার্য্য, ঠাকুর নরোত্তম ও শ্রামানন্দ—এই গোড়ীয়-প্রভ্রুমের অধ্যক্ষতায় গোড়দেশে অবতরণ কর্ছিল, তথন বনবিষ্ণুপুর-পথে সেই গোড়ীয়-সাহিত্য-মঞ্জ্যা অপহৃত হ'লো। এটাও একটা গোড়ীয়-সাহিত্য-মাহত্যে এর পভাবে যুগে-যুগে আক্রান্ত হ'বে। কিন্তু আক্রান্ত এর পভাবে যুগে-যুগে আক্রান্ত হ'বে। কিন্তু আক্রান্ত হ'লেও এ অপ্রাকৃত বস্তুর চিরবিলোপ হ'বে না।' কিছুদিন পর গোড়ীয়-সাহিত্য-মঞ্জু যার প্রক্ষদ্ধার হ'লো। আবার গোড়-দেশে, গোড়দেশে কেন, সমগ্র বিশ্বে সেই স্বরাট্-সাহিত্যের বিস্তার হ'তে থাক্লো।

গোড়ীয়-দাহিত্যিক-বিভাগ

গোড়ীয়-দাহিত্যিকগণকে আমরা হু'টা প্রধান শ্রেণীতে বিভক্ত কর্তে পারি। যাঁরা মধ্ব-সাহিত্যের থবর রাথেন. তাঁ'রা জানেন, মধ্ব-সাহিত্যিকগণের ভিতরে ছ'টো বিশিষ্ট সম্প্রদায় আছে। এক সম্প্রদায়ের নাম-ব্যাদকট, আর এক সম্প্রদায়ের নাম-নাসকৃট। এই তুই সম্প্রদারই শ্রীসন্মধ্বাচার্য্যের পরে দাক্ষিণাতো বিশেষ ব্যাপ্ত হ'য়েছিলেন। ব্যাসকট সম্প্রবায়ের সাহিত্য সমস্তই সংস্কৃত ভাষায়, আর দাসকৃট-সম্প্রনার তাঁ'দের কর্ড-মাতৃভাষার-তাঁ'দের কথোপকথনের ভাষায় বিরাট সাহিত্য-সম্পদ্রচনা ক'রেছেন। 'ক্সায়ামত'কার ব্যাসতীর্থকে'অনেকে ব্যাসকৃট-শাহিত্য-সম্প্রদায়ের প্রধান স্তম্ভ বলেন, আর কেহ কেহ নরহরিতীর্থকে দাসকটের প্রতিষ্ঠাতা বলেন। দাসকটের মধ্যে পুরন্দর দাস, কনক দাস, জগরাথ দাস প্রভৃতি বহু ত্যাগী এবং ভজনানন্দী পুরুষ করড়-ভাষায় স্থললিত-পত্তে ভগবল্লীলার বহু পদ গ্রথিত ক'বে গিয়েছেন। দাসকৃট-সম্প্রদায় কেবল লীলাকথা তাঁ'দের সাহিত্যে প্রকাশ ক'রে ক্ষান্ত হন নাই, পরন্ত সুললিত পত্তের মধ্যে বছ বৈদান্তিক-বিচার লিপিবদ্ধ ক'রেছেন। দাসকৃট-সম্প্রদায়ের সাহিত্যে কৃষ্ণ এবং ব্রম্পবধূগণের বিক্রীড়ার কথাও পাওয়া যায়। আর ব্যাসকৃট-সম্প্রদায় সংস্কৃত-ভাষায় বেলাস্ত-

বিষয়ক বিচার, পর-মতবাদ-খণ্ডন এবং ভগবল্লীলা-কথা বর্ণন ক'রে গিয়েছেন। বাদিরাজ স্বামী বাাসক্ট-সম্প্রদায়ে প্রায় কুড়িটী সংস্কৃত বিস্তৃত গ্রন্থ লিখেও আবার কর্নড় ভাষায় বহু পদ রচনা ক'রে গিয়েছেন। এই বাদিরাজই অপ্যয়দীক্ষিতকে পরাজিত করেন। ইঁহার 'যুক্তিমল্লিকা'র সৌরভগুলিতে অতিস্কুলর সাহিত্য পরিক্ষুট হ'য়েছে।

গোড়ায়-বৈষ্ণব-সাহিত্যকগণের ভিতরেও এইরূপ হ'টা শ্রেণী দেখতে পাওয়। যায়। প্রীরূপ, প্রীসনাতন, প্রীজীব, প্রীবলদেব, প্রীভক্তিবিনোদ, প্রীল প্রভুপাদপ্রভৃতি যেন সেই ব্যাসক্টের সমাট্; ছার চণ্ডীদাস, বিছাপতি, প্রীরূপ, রঘুনাথ, বাস্থঘোষ, ভজনানন্দী ঠাকুর নরোভ্রম, গোবিন্দ-দাস, ভক্তিবিনোদ প্রভৃতি যেন দাসকুটের মুকুট্মণি।

গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্যের যুগবিভাগ

গৌড়ীয়-বৈঞ্চব-সাহিত্যকে আমানা মোটাম্টি পাঁচটী
ব্রে স্থাপন করতে পারি। প্রথম— এইচভন্ত-পূর্বেমুগ
অর্থাৎ প্রীমন্মহাপ্রভুর প্রকট-দীলার পূর্বের যুগ—যে যুগে
আমরা ভারত-ভাগবত সাহিত্য হ'তে আরম্ভ ক'রে গৌড়পূরের প্রীজয়দেব, দান্দিণাত্যের ক্রঞ্চবেরার তীরের প্রীবিল্বমঙ্গল এবং পয়স্বিনী-তীরের সংহিতা-সাহিত্য, মহারাষ্ট্রের
নামদেব তুকারাম, বীরভূম জিলার নালুর-গ্রামের চণ্ডীদাস,
মিথিলার বিদ্যাপতি, কুলীনগ্রামের গুণরাজ খাঁ প্রভৃতি

মহাজনগণের সাহিত্য লক্ষ্য করি। দ্বিতীরবুগ — এ চৈত্ত গ্র-সমসাময়িক ও এীচৈতল্য-পর্যুগ অর্থাৎ মহাপ্রভুর প্রকট-লীলার পরে যে-সকল নাহিত্য প্রকাশিত হয়েছিল. সেই-সকল সাহিত্যের যুগ। তার মধ্যে শ্রীপাদ ঈশ্বরপুরীর 'রুঞ্চলীলামৃত', শ্রীপাদ বিষ্ণুপুরীর 'ভক্তিরত্নাবলী',শ্রীভাগবত-আচার্য্যের 'ক্লফপ্রেমতরঙ্গিণী,' মৈথিল-কবি রবুপতি উপাধাায়ের বিভিন্ন শ্লোকাবদী, প্রীমন্মদাপ্রভুর শিক্ষাষ্টক এবং গোস্বামিগণের ও বৈষ্ণব-মহাজনগণের বিভিন্ন সাহিত্য-গ্রন্থ ও প্রাবলী। তলব্যে এমুবারি গুপ্তের কড়চা, কবিকর্ণপূরের চৈ চল্লচন্দের নাটক প্রভৃতি, শ্রীল বুলাবন দাদ ঠাকুরের প্রীতৈতমভাগবত, প্রীল কবিরাজ গোসামী প্রভুর ঐচিরিতামৃত প্রভৃতিও স্থান পানে। তৃতীয়য়ুগ-(গাসামি-পরবর্তিমুগ অর্থাৎ নহাপ্রভুর অহুগত বুন্দাবনীয় গোস্বামিবর্গ এবং প্রীণ কবিরাজ -গোষামী প্রভৃতির অপ্রকট-শীলার পরবর্ত্তিযুগ –যা কে শ্রীনিবাদ আচার্য্য, ঠাকুর নরোত্তম ও খ্যামানল-প্রভুর যুগ वा शोफीय-देवक्षव-माहिट्यात मधायून वला (य'र्व भारत । अहे যুগেও পদাবলী-দাহিত্য অনেক বিস্তার লাভ ক'রেছিল। চতুর্যযুগ- এবিশ্বনাথ চক্রবর্তী ঠাকুর ও গৌড়ায়-বেদাস্ভাচার্য্য শ্রীপাদ বলদেব বিদ্যাভূষণ-প্রভুর যুগ। এর সঙ্গে চক্রবর্ত্তি-ঠাকুরের শিষ্যান্থশিষ্য শ্রীনরহরি চক্রবর্ত্তীর **'ভক্তিরত্নাকর', 'নরোত্ত**মবিলাস' প্রভৃতি গৌড়ীয়দাহিত্যের যুগ সংশ্লিষ্ট হ'তে পারে। এব পরই গৌড়ীয়ের একটী অন্ধকার-যুগের স্চনা হয়—গোড়ীয়-দাহিত্য-জগতে আচার-প্রচার প্রণালীর ব্যভিচার ও উদাসীনতার সঙ্গে-সঙ্গে নানাপ্রকার অপমল প্রবেশ করতে থাকে। যদিও চক্রবর্ত্তি-ঠাকুরের সাহিত্যে অতিবাড়ী, চুড়াধারী প্রভৃতি অপ-সম্প্রদায়ের নিন্দা গুন্তে পাওয়া যায়, তথাপি আউল, বাউল, কর্ত্তাভ গা, নেডা, দরবেশ, সাঁচ, সহজিয়া, সথিভেকী প্রভূত অপসম্প্রদায়িগণ গৌড়ীয়ের একটা দীর্ঘকালব্যাপী অনকারের সময় তা'দেব স্ব-স্ব-স্পার্থ পূরণ করবার এবং পরবর্ত্তিকালে তা'দের কুমতগুলির বীজ বিস্তারিত কর্বার জন্ম স্ব-স্থ-মতবাদ-পোষক সাহিত্য সৃষ্টি কর্ছিল। গোড়ীয়ের এই অন্ধকার-যুগেই অশ্বঘোষীয় মহাযান-সম্প্র-দায়ের আমুগত্যে অনেক প্রাকৃত-সহজিয়া-সাহিত্য, আউল-বাউলের সাহিত্য, গৌরনাগরী-সাহিত্য প্রভৃতি স্বষ্ট হ'তে থাকে। রুঞ্চন্দ্রীয় যুগে ভজনানন্দী মহাত্মা তোতারাম তাঁ'র স্থপ্রচারিত সরল ছন্দে ঐসকল মতবাদ ও সাহিতাকে নিরাস কর্বার চেষ্টা কর্লেও ভারতচক্রের সাহিত্য এবং তাহার জীবনের উদাহরণ ঐসকল সহজিয়া সাহিত্যিক-গণের মত-পোষণে সাহায্য ক'রেছিল। অক্তদিকে মহারাজ क्रक्षात्रस्त देवकाव-विषय ७ जानावनिष्ठ एकदेवकावधर्मा-প্রচারকের অভাব ও প্রাক্তত-দহজিয়া-দাহিত্য-দম্বর্জনে যথেষ্ঠ স্থযোগ প্রদান ক'রেছিল। গৌডদেশের গ্রামে-গ্রামে

অশিক্ষিত নিম্নসম্প্রদায়ের মধ্যে আউল-বাউল-সহজিয়া-সঙ্গীতের গ্রাম্য স্থর-তান-মান-লয়-সমূহ হরিণের কর্ণে ব্যাধের বংশী-ধ্বনির মধুর্ষ্টির ধারার ভাায় প্রবিষ্ট হ'য়ে যথন বাংলার অ-শিক্ষিত অতত্ত্ত দাধারণ সমাজের নৈতিক ও পারমার্থিক সর্কনাশ সাধন কর্ল, তথন সহজিয়া-সাহিত্য আরো সম্বদ্ধিত হ'রে পছ লো। অন্তদিকে আবার মনদার গান, যাত্রা-গান প্রভৃতির অনুকরণে যথন অপ্রাক্বত-সাহিত্য-মঞ্জ্যার গুহাতম সম্পুটে দংরক্ষিত রাইকাত্বর গান হাটে, মাঠে, ঘাটে, বাটে বাজারে দক্ষোদর-পূরণের পিপাদায়, ইন্দ্রিতর্পণেচ্ছার উত্তেজনার পণ্যদ্রব্যের মত বিষয়ী ভোগীর নিকট বিকি-কিনি হ'তে আরম্ভ কর্লো, যথন গৌড়ীয়-সাহিত্যিক-গুরু 'ঠাকুর-মহাশয়ের 'প্রার্থনা'ও 'প্রেমভক্তিচক্রিকা'-সাহিত্যের উপদেশ "আপনভদ্ধন-কথা না কহিবে যথা তথা" লঙ্ঘন ক'রে অপ্রাক্ত-গোড়ীয়-সাহিত্য (?) সৌখিন-জড়বিলাসি-গণের একটা সথের জিনিষ বা বিছাস্থন্দর ও লয়লা-মজ্মুরই মত আর একটা সাহিত্যবিশেষ হ'য়ে দাঁড়া'ল-শিক্ষিত, সভ্য, সাধারণ নৈতিক-সমাজ যথন গোড়ীয় সাহিত্যকে অশ্লীলতার অমেধ্যগর্ভ ব'লে তা'র প্রতি নাদিকা কুঞ্চন

গোড়ীয় সাহিত্যে নবযুগ

কর্তে থাক্ণেন, তখন গৌড়ীয় গোস্বামিগণের গৌরবের ধন সাহিত্য-স্বরধনীকে যুগোচিত অমৃত-প্রবাহে প্রবাহিত কর্বার জভে—গোড়ীয়-সাহিত্যের এক **নব্যুগ** রচনা কর্বার জন্যে, বিশেষ জঃ গৌড়ীয়-গত্ম-দাহিত্যের ভাণ্ডার -সম্বর্দ্ধিত কর্বার জন্যে গোড়দেশে অপ্রাকৃত রূপামুগ নিত্যদিদ্ধ সাহিত্যিক্বর ঠাকুর ভক্তিবিনোৰ আবিভূতি হ'লেন। ঠাকুর ভক্তিবিনোদ গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে শতাধিক গ্রন্থ প্রদান ক'রে গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারকে এক নবীন দোন্দর্যো মণ্ডিত কর্লেন। নিতাসিদ্ধ গৌড়ীয়-সাহিত্যিকবর ঠাকুর ভক্তিবিনোদের সাহিত্য-সম্পুট স্বতঃই সম্পূর্ণ। তা'র সাহিত্যে স্থত্ত-সাহিত্য, কারিকা-সাহিত্য, শ্লোক-সাহিত্য, গাতি-সাহিত্য ভোত্র সাহিত্য, কাব্য-সাহিত্য, উপস্থাস-সাহিত্য, দর্শন-সাহিত্য, বিজ্ঞান-সাহিত্য, অনুবাদ-সাহিত্য, ভাষা-সাহিত্য-সকলই আছে। তিনি কেবল যে গোড়ীয়-ভাষায় গোড়ীয়-দাহিত্য প্রকাশ क'रतिছिलान, छ।' नय, हेररतिषी, मरक्षठ, हिन्नि, छेर्फ প্রভৃতি ভাষায়ও দর্বপ্রথমে তিনি গৌড়ীয়ের ঠাকুরের প্রচারিত গুদ্ধভক্তির কথা জগতে প্রচারিত ক'রেছেন! বৌড়ীয় গোস্বামিগণের গ্রন্থাবলীর অক্কৃত্রিম নির্য্যাদ-পীযুষ-ধারা একমাত্র ভক্তিবিনোদ-সাহিত্যেই গদ্য ও পদ্যের মধ্য দিয়ে বর্ত্তমানযুগে প্রকাশিত হ'রেছে। গৌড়ীয় আচার্য্যগণ অনেকেই শ্রীবৃন্দাবনধাম সম্বন্ধে অনেক সাহিত্যগ্রন্থ লিখেছেন। প্রীনরহরি চক্রবতী, প্রীপরমানন্দ দাদ প্রভৃতি শ্রীনবদ্বীপধাম সম্বন্ধে অতি সংক্ষেপে কিছু কিছু কথা

বললেও নবদীপধাম-সম্বন্ধে বিপুল-সাহিত্য একমাত্র ঠাকুর ভক্তিবিনোদই প্রচার ক'রেছেন। তাঁ'র শ্রীনবদ্বীপধাম-মাহাত্ম্য, শ্রীনবদ্দী পশতক-পদ্য, প্রমাণ্থত, শ্রীনবদ্দীপভাব-তরঙ্গ, সিদ্ধিলালসা প্রভৃতি ধানসম্বন্ধী গ্রন্থ গৌডীয়-সাহিত্য-ভাগুারের অমূল্য সম্পদ্। স্ফোট-দাহিত্যের কথা ঠাকুর ভক্তিবিনোদ শ্রীহরিনাম-চিস্তামণি গ্রন্থে যেরূপ প্রকাশ ক'রেছেন, সেরূপ স্থন্দর বিশ্লেষণ গোডীয়-সাহিত্যে আমরা আর লক্ষ্য করতে পারি নাই। এতদ্বাতীত পদাবলী ও গীতি-সাহিত্যেও তিনি অনেক গ্রন্থ রচনা ক'রেছেন। তা'র কল্যাণকল্পতরু, গীতমালা, গীতাবলী, রূপামুগ-ভজনদর্পণ, মনঃশিক্ষা, শরণাগতি, শোকশাতন, চাঁদবাউলের मङ्गोछ, श्रीनामश्रदेव छाँढेका खर्ज्ञ भोष्म-शमावनी সাহিত্যের উজ্জ্বরত। অমুবাদ-সাহিত্যের মধ্যে সম্বন্ধতত্ত্ব-চক্রিকা, সারার্থবর্ষিণীর রসিক-রঞ্জন-ভাষাভাষ্য, গীতাভূষণ-ভাষ্যের বিশ্বনঞ্জন-ভাষাভাষ্য, তত্ত্বমুক্তাবলীর ভাষা-ভাষ্য, ব্রহ্মদংহিতার 'প্রকাশিনী', ক্লফকর্ণামূতের ভাষা-ভাষ্য, সিদ্ধান্তদর্পণের ভাষাভাষ্য, উপদেশামূতের পীযুষবর্ষিণী-বুত্তি ভ উপদেশামুত-ভাষা, ভাগবতামৃতের ভাষা-ভাষ্য, ঐচৈতন্ত-চরিতামৃতের অমৃতপ্রবাহ ভাষ্য, শ্রীভাগবতামৃত, ভজনামৃত, সঙ্গাক অক্রম, বিলাপকুসুমাঞ্চলি প্রভৃতির ভাষা-ভাষ্যগুলি প্রাদিদ্ধ। তাঁ'র ইংরেজী-দাহিতোর মধ্যে উড়িষাার মঠ, ভাগবত-স্পাচ, রিফ্লেক্সন্, ঠাকুর-হরিদাদের সমাধি-দম্বন্ধে

কবিতা, পুরীর জগলাথ-মন্দির ও পুরীর আথ ড়া প্রভৃতি এবং 'নিত্যরূপসংস্থাপনম্'-সম্বন্ধে রিভিউ, শ্রীমন্মহাপ্রভুর জীবনী ও শিক্ষা প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। তাঁ'র উর্দ্ভাষায় রচিত "বালিদে রেজেষ্ট্রী' এবং ্সংস্কৃত-ভাষায় শ্রীকৃষ্ণদংহিতা, শিক্ষাষ্টকের সন্মোদন-ভাষ্য, ভাবাবলীর সংস্কৃতটীকা, প্রীচৈতত্যোপনিষদের টীকা, স্টীক আমায়স্থতা, তত্ত্বতা, ঈশোপনিষদের বেদার্কদিধীতি, ্গৌরাজম্মরণমঙ্গল-স্তোত্র, স্থানিয়ম্বাদশক্ম প্রভৃতি গ্রন্থসমূহ : এবং গোস্বামিগ্রন্থ-ছগ্মসমুদ্রের নবনীত-সরস্বরূপ ও গোস্বামি-গ্রন্থাবলী বুঝ বার উপক্রমণিকা ও ৫ বেশিকাম্বরূপ ভাক্তবিনোদ ঠাকুরের প্রীজৈবধর্ম, প্রীচৈতন্য-শিক্ষামূত, এভাগবতার্কমরীচিমালা, তত্বস্ত্র, আমায়স্ত্র, তত্তবিবেক -এবং গ্রীসজ্জনতোষণীর প্রবন্ধমালা, অমৃতপ্রবাহ-ভাষ্য শ্রীমন্মহাপ্রভুর-শিক্ষা, এক্লিফ্রদংহিতা, প্রীহরিনাম চিন্তামণি. ভঙ্গনরহস্ত প্রভৃতি গ্রন্থ গোড়ীর-দাহিত্য-দ্বগতে অতুলনীর।

শ্রীচৈতগ্য-সারস্বত-সাহিত্য

গৌড়ীয়-সাহিত্য-ভাণ্ডারে এসকল সাহিত্যরত্ন প্রকাশিত

হ'বার পরও যথন আমরা সাহিত্য-চর্চার নামে সাহিত্যের

বঞ্চনাময় আবরণে আবৃত হ'বার বিপদ্ বরণ ক'রে

,নিচ্ছিলাম—সাহিত্যকে ক্লঞেক্রিয়তর্পণে নিযুক্ত না ক'রে

আত্মেক্রিয়-তর্পণে অথবা রাহিত্যের অভিযানে নিযুক্ত

কর্ছিলাম---গোড়ীয়-সাহিত্য-সমুদ্রে যথন একটা ভীষণ কাল-: বৈশাখী দেখা গিয়ে তুফান উঠিয়েছিল, আর আমরা যথন দেই কাল-বৈশাথীর ঝাগ্টা বান্নুযোগে আহত জড়জগতের রাশি-রাশি ধৃলি ও বালুকণার তন্ধনয়ন হ'য়ে পড়্ছিলাম, তখন অমন্দোদয়-দয়ানিধি শ্রীচৈতনোর ভক্তিবিনোদ-দয়া আমাদের নিকট শ্রীচৈতন্য-দাহিত্য-দরস্বতীকে প্রকাশ ক'রে চৈতন্য-সাহিত্যাঞ্জন-শলাকায় আমাদের অন্ধ নয়ন, উন্মীলিত ক'রে দিলেন। তাঁর বর্তুমানকালের সাহিত্যের লোতোগতি যদি এক টুকু বিশ্লেষণ ক'রে দেখা যায়, তা' ≥লে দেথ তে পাওয়া যায় যে, সাহিত্যিকগণ যেন মুক্তবল্গ-শাহিতোর শাহায়ে প্রকৃতিকে নানাভাবে ভোগ কর্বার জন্য উদ্দামভাবে ছু'টেছেন। বিরাট্ট-প্রেকৃতিরই একটা ক্ষুদ্রতম অংশরাপা যোষিৎ ভোগ ক'রে যে অতৃপ্ত ভোগ-কামনা থেকে যায়, সেই অতপ্ত-ভোগ-তৃষ্ণানলের লেলিহান কোটি জিহবাকে মহামোহিনী প্রকৃতির উপর প্রয়োগ ক'রে পিপাদা-শান্তির জন্য যে প্রয়াদ, দেটাই বর্তমান জগতের প্রাক্বত-শাহিত্যিকের সাহিত্যের মধ্য দিয়া প্রকাশিত। শুধু প্রকৃতিকে ভোগ কর্বাব বাসনাটুকু নছে—দেই বাসনা অতিব্যাপ্ত হ'য়ে রাবণের সীতাহরণ-চেষ্টার ন্যায় ভগবচ্ছক্তিভোগের হুর্কৃদ্ধিও পোষণ কর্তে ব'সেছে! এখন আর শুধু জড়জগতের ভাবনা নিয়ে সাহিত্য-রচনা আবদ্ধ থাকছে না, এখন বুলাবন-লীলা, রাইকামুর পিরীতি,

চণ্ডাদাস-বিদ্যাপতি-প্রভূগণকেও প্রাকৃত-সাহিত্যের মধ্যে টেনে আনবার উত্তম-চেষ্টা হ'চ্ছে। বজ্রাঙ্গজী মহারাজ যেরূপ বীরদর্পে রাবণের ছর্ব্ছির বাধা দিয়েছিলেন-বাবণের সীতাহরণকে মায়া-সীতাহরণ ব'লে বুঝিয়ে দিয়েছিলেন, সেরূপ গৌড়ীয়-সাহিত্যাচার্য্য বর্ত্তমানকালের প্রকৃতিভোগ-প্রবণ সাহিত্য-বিশ্বে স্বীয় স্বতন্ত্র স্বতঃসিদ্ধ সাহিত্যের বৈশিষ্ট্য রক্ষা ক'বে আমাদের তুর্ক্,দ্ধি-গ্রন্থিসমূহকে ছেদন ক'রে দিচ্ছেন। তাঁ'র সাহিত্যের একটা বৈশিষ্ট্য এই যে, তা' কোন প্রক্রতিভোগকামীর ইক্রিয়তর্পণের নিকট বশুতা স্বীকার করে না বা তুর্জন-তোষণে প্রশ্রর দেয় না। স্থতরাং ঐরপ শ্রেণীর ব্যক্তি দেই ঈশ-দেবাপ্রাণ সাহিত্যকে ত্রবোধ্য ও শুষ্ক ব'লে ভয়ে-ভয়ে দূরে থাকে। এই সাহিত্যাচার্য্যের मञ्जन जारा ना शिल्हा व्यान विकास किया वर्षिमान रह, তা'র এক-একটা শব্দ যেন এক-একটা অফুবস্ত স্থাসিদ্ধান্ত সন্মণিথনি আবিষ্কার ক'রে দেয়-কুঞ্জের ইন্দ্রিয়তর্পণের চর্মকাষ্ঠা নির্ণয় ক'রে দেয়। এই সাহিত্যের আর একটী বিশেষত্ব এই যে, তাহা কোন কদর্থকারীর তুরভিদন্ধি-দারা স্বারম্ভ ভিন্ন দ্বিতীয়-ব্যাখ্যায় ব্যাখ্যাত হ'তে পারে না। তার গতি সহজ ও সরল। তু'দিকে এমনভাবে স্থুরক্ষিত যে, কোন দিক হ'তেই কোন খল এদে দেই ক্ষপাদচারণ-ভূমিকাকে কোন প্রকারেই বিন্দুমাত্র দৃষিত বা পরিবর্ত্তিত কর তে পারে না।

এই গৌড়ীয় সাহিত্যাচাণ্যই সমগ্র পূর্ব গৌড়ায়-সাহিত্যিক-গুরুগণের সাহিত্য-গোর--দাহিত্য-সাধনার অক্ষম বিজয়-স্তম্ভ স্থাপন কর্বার জন্ম বৈহাবমঞ্জা-নামক একটী গৌড়ীয়-দাহিত্য-বিশ্বকোষেৰ ধার উদ্যাটন ক'রেছেন। গৌড়ীয়-সাহিত্য-ভাগুর নানা মধ্যাণ-মরকতে. অলক্ষার-কৌস্তভে. রত্নাবলীতে, নীলকাস্তমণিতে পরিপূর্ণ হ'লেও এদকল অংপ্রাকৃত স্মাণি-অমূল্যবত্বকে চিররক্ষা করবার একটা অপ্রাক্ত বিপুল-মঞ্জা বা কোষের মাবশুকতা ছিল—বিশ্ববৈষ্ণব-সাহিত্যের একথানা সম্পূর্ণ বিশ্ব-কোষের অভাব পরিলক্ষিত হচ্ছিল। গৌডীয়-বৈঞ্ব-সাহিত্যের--বিশ্ববৈঞ্চব-সাহিত্যের এই একটা বিপুল-দেবা **শ্রীত্রীবিশ্ববৈষ্ণবরাজসভার বর্ত্তমান পাত্ররাজ** ওঁ বিষ্ণুণাদ প্রীশ্রীল ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভূপাদ আরম্ভ ক'রেছেন। এই মঞ্জুষা হ'তে বিশ্বের ত্রারে গৌড়ীয়-সাহিত্যের ভাণ্ডার উন্মুক্ত হ'উক—গোড়ায-সাহিত্যেব গৌরব-প্রদর্শনী বিশ্বের প্রতি-গ্রানে প্রতি নগরে উদ্যাটিত হউক। আমরা গৌডীয়-সাহিত্য-সম্রাটের বাণী শিরে ধারণ ক'রে যেন চিদেকরস শ্রামনাহিত্য-দেবার অগ্রসর হ'তে পারি,—

> "যাহ ভাগবত পড় বৈক্তবের স্থানে। একাস্ত আশ্রয় কর চৈতন্ত-চরণে। চৈতন্তের ভক্তগণের নিত্য কর সঙ্গ। তবে ত জানিবে সিদ্ধাস্ত-সমুদ্র তরঙ্গ ॥"

সভাপতির অভিভাষণ

আল আপনারা এই ভগবৎ-প্রেমিক বক্তার নিকট অপূর্ব্ব কথা-মাধুরী প্রবণ কর্লেন। এ কথাটা আমি স্ততি ক'রে বল্ছি না, সত্য-সতাই প্রাণের কথা প্রাণ হ'তে গ্যক্ত কর্ছি। আমি যখন বিজ্ঞাপনে 'গৌড়ীর-সাহিতা' সম্বন্ধে আজ কিছু বলা হ'বে দেখেছিলাম, তথন মনে করেছিলাম, বক্তা কতকগুলি সাধারণ সাহিত্য-গ্রন্থের নাম ও তৎসম্বন্ধে আলোচনা কর্বেন; কিন্তু আজ যথন গোডীয় মঠের এই প্রেমিক বক্তা 'সাহিত্য' শব্দের বাৎপত্তি ব্যাখ্যা কর্লেন, তখন সাহিত্য-জগতে যেন এক নৃত্ন আলোকের প্রভা ছড়িয়ে • পড়ল। প্রকৃত প্রস্তাবে 'সাহিত্য' শঙ্গের এরপ ব্যাখ্যাই সমীচীন। যারা ব্যাকরণ না জানেন, তাঁরাও একথাটা ব্রতে পারেন যে. "সহিত" শব্দ থেকে 'দাহিতা'-শক নিম্পার। 'দংহিত' বা 'দহিত'-শব্দ একই। 'সংহিত' অর্থে—মিলন; যেখানে পূর্ণ মিলন না হয়, সেখানে সাহিতা হ'তে পারে না।

ভক্তি-শব্দের অর্থ অনুধাবন করলেও জানা যায়, যাহা ভাগীদার করে, তাহা ভক্তি। ভক্তিই পূর্ণমিলনের পথ দেখা'তে পারে। যদ্ধারা আমরা ভগবানের মাধুর্য্যের ভাগী-দার হই, তার নামই ভক্তি। যিনি আপনাকে ভগবানের দেবার একতানযুক্ত করতে পারেন, তিনিই বিশ্বপ্রেমিক।

কর্ম ও জ্ঞানের পথে মিলন হ'তে পারে না। কর্ম মিলনের কুহক দেখিয়ে আপনাকে বিভৃষিত করে, আর জ্ঞান মিলনের একটা আংশিক ছায়া দেখিয়ে মাঝপথে নিরস্ত হয়। সেবার পথেই মিলন। দেবার পথ জগতের সকলের অস্তিত্বের দঙ্গে তা'র অস্তিত্ব মিলাতে পারে, দকণের ভিতরে ভগবানের অধিষ্ঠান জেনে সকলকে আলিঙ্গন কর্তে পাবে। ভগবানেই সমস্ত ভাবের পরিপূর্ণতা। তিনি প্রপনিষদের নিকট ত্রন্ধা, হৈরণাগর্ভের নিকট ঈশ্বর আর ভক্তের নিকট ভগবান, তিনি অন্বয়জ্ঞান। সেই ভগবানের ভক্তের সহিত জগতের সকলেই মিলনে বদ্ধ। প্রকৃত 'সংছিত' বা মিলন সেথানে—বেথানে সেই ভগবানের टमवांत अर्ग विकांग। य भाषातां नि मिलातत मक्तान ना দেয়, তা'র 'সংহিতা' নাম হ'তে পারে না। ভগবানের সঙ্গে মিলন করা'তে পারে ব'লে—ভক্তির সন্ধান দিতে পারে ব'লে, বৈদিক-সাহিত্যের নাম—'সংহিতা'। গোডীয়-মঠের বক্তাও ব'লেছেন, বৈদিক-সাহিত্য ভক্তিরই সাম গান গেয়েছেন; এ কথা ঠিক। যেথানে পূর্ণতা ও প্রীতির সমাবেশ—যেথানে পরিপূর্ণ প্রীতি, তাহাই সাহিত্য। আমরা মনে করি,—আমাদের দেহ, আত্মীয়-স্বজন, পাড়াপ্রতিবাসা, সমাজ, স্বদেশ— এসকলই আমাদের প্রীতির নিদান; কিন্ত ভগবভক্তের কাছে প্রীতিটা অতটুকু সন্ধীর্ণ ও ক্ষণিক নয়; তাঁ'দের প্রীতি প্রীতির প্রতিপাদ্য-বিষয়কে কেন্দ্রীভূত করে, পূর্ণকে আশ্রয় করে। তাই তাঁ'রাই বিশ্বপ্রেমিক
হ'তে পারেন। প্রীতির পূর্ণতা—সমগ্রতা আচুছে। পূর্ণতা
ও গ্রীতি একই অর্থবাচক। যথন পূরিপূর্ণকৈ কেন্দ্র ক'রে
সকলের সঙ্গে প্রেম হয় এবং যথন সাহিত্য সেই প্রীতির
পূর্ণতা দেয়, তথনই সাহিত্য মুখ্য, নতুবা গৌণ।

গোড়ীয়-মঠের বক্তা বলেছেন, সাহিত্যের প্রতিপাদ্য—
সাহিত্যের নায়ক—নন্দ ক্লচন্দ্রমা—'রসো বৈ সং'—অথিলরসামৃতমৃত্তি,—এ কথা ঠিক। সাহিত্যের প্রাণ—রস,
হলাদৈক নায় কবিতা। আনন্দই সাহিত্যের প্রাণ।
লৌকিক সাহিত্যে এ প্রাণের পূর্ণতা পাওরা যায় না;
কেননা, আমি যথন নাট্যাভিনয় দর্শন করি, তথন রসের দ্বারা
যে আনন্দ পাই, সে আনন্দ ফুরিয়ে যায়; তা' ক্ষণিক, তা'
অক্ষ্প্প নয়, তা'তে জগতের সঙ্গে পূর্ণ প্রেমের সম্বন্ধ স্থাপিত
হয় না। গোড়ীয়-মঠের প্রেমিক বক্তা আরও ব'লেছেন,
ভাগবতে ও গোভামিগণের সাহিত্যেই পূর্ণ প্রীতির পরাকাষ্ঠা
দেখ তে পাওয়া যায়। বাস্তবিকই ভগবৎপ্রেম যথন পরমভৃপ্তি দেখিয়ে দিতে পারে, তথনই যথার্থ সাহিত্য-সৌন্দর্য্য ভূটে
ওঠে। প্রীচৈতন্য চরিতামৃতে কবিরাজ গোভামী শিথেছেন,—

"চণ্ডীদাস বিভাপতি, রায়ের নাটক-গীতি, কর্ণামৃত, প্রীগীতগোবিন্দ। স্বরূপ-রামানন-সনে মহাপ্রভু রাতিদিনে,

গায় শুনে পরম আনন্দ।।"

মহাপ্রভূ এইদকল অলোকিক-সাহিত্য,—সাহিত্যের প্রকৃত পাত্র যাঁরা, তাঁদের সঙ্গে আধাদন কর্তেন। আজ গোড়ীয়-মঠের বক্তা যা' বল্লেন, তাঁ'র প্রত্যেক কথাটা বিশ্লেষণ, আলোচনা ও ভাব বার যোগ্য; তাঁ'র কথার ভিতরে অনেক জিনিষ নিহিত রয়েছে। তিনি যা' বলেছেন, সেগুলি যদি শ্রোত্মগুলী বাড়া গিয়েও আলোচনা করেন, যা'বার পথে আলোচনা করেন এবং ভবিষ্যতে এদব কথা ভাবেন, ভা' হ'লে আমার দৃঢ়বিশ্বাস,—আপনারা ধন্ম হ'বেন।

রায় বাহাত্বর ব্যানার্জি

অতঃপর রায় বাহাছর গোবিন্লাল ব্যানার্জ্জি বলেন যে, আজকে গৌড়ীয়মঠের 'গৌড়ীয়' পত্রের দুম্পাদক পরম-পণ্ডিত শ্রীপাদ স্থন্দরানন্দ বিভাবিনোদ মহাশয় 'গৌড়ীয়-সাহিত্য' দম্বন্ধে যে বক্তৃতা প্রদান করেছেন, তা' বাস্তবিকই হৃদয়ম্পর্শী। তিনি গৌড়ায়-সাহিত্যের স্থন্দর বিশ্লেষণ ক'রে 'সাহিত্য' শব্দের প্রকৃত অর্থ কি, তা' আজ ব্যাথা। ক'রে সকলের হৃদয়ে অভ্তপূর্ব্ধ আনন্দের সঞ্চার ও নব আলোক প্রদান করেছেন। বাস্তবিকই যা'দ্বারা ভগবানের দহিত নিত্য দঙ্গ হয়, তাহাই 'সাহিত্য'। একটা কথায় আজ আমার বড়ই আনন্দ হ'লো,—ভক্তিবিনোদ ঠাকুরের কথায়। ৩০।৩৫ বংসর পূব্দে এ অভাগার ভাগ্যে উ।'র সঙ্গে দেখা হয়েছিল; তথন দেখেছিলাম উ'ার সেই প্রেমে- গড়া মূর্ত্তিটা। মহাভাগবতের যে-মূর্ত্তিতে সর্বাভৃতে ক্লঞ্চ-দর্শন

—সর্বভৃতে ক্লঞাত্মন্ধান, তাঁর প্রেমময়-মূর্ত্তিতে তা' প্রত্যক্ষ
করেছি। তাঁ'তে প্রকৃত সাহিত্য ছিল, তাঁর তৃণাদপি
স্থনীচ-ভাবের আদর্শ, এবং ক্লঞ্চময়-জগদর্শন আমাকে মুগ্র
ক'রেছিল। সেরূপ বিশ্বপ্রেমিকের আদর্শ নিয়ে আ্মাদের
সকলের প্রতি প্রেম করতে হ'বে।

--:*:-